न.त्रनांक



যনোজ বস্তু



उराज्न भागिलनाध

১৪, বিষ্ণিৱ চার্টুক্তে প্রীট্ কলিকতো - ১২

তুই টাকা চতুর্থ সং**ম্বরণ, বৈশাধ, ১৩**৫৯

এই বহ সম্বন্ধে—

মাতৃভূমি— (ফাল্কন ১০৫১) ... পরলোকণত শরৎচক্রের মত মনোঞ্চবাব্ধ বাংলার মাটর অকৃত্রিম স্টে। বাংলার পাড়াগাঁরের সঙ্গে তাঁর পরিচয় ঘনিষ্ঠ, যোগস্ত্র নিবিড়। বাঙ্গালীর বাস্তব জাবনের ভিত্তিতে রচিত তাঁর সাহিত্য তাই বাঙ্গালী মনকে এমন ভাবে নাড়া দিয়ে যায়। বাংলার স্থামল শ্রীর মত তাঁর রচনার শাস্ত মাধুর্ঘ শতি সহজে আমাদের হুগম আকৃষ্ট করে।

লেথকের অক্সান্ত পুশুকের মত 'নরবাঁধে'ও তার রচনার শ্রেষ্ঠ গুণগুলোর সন্ধান পাই।...এর পটভূমিকা বেশ বড়। মাত্র পঞ্চাশ বছর পূর্বেও বাংলার গ্রামের বে ঐখ্য ও শান্তির কথা আমর; শুনি, ধীরে ধীরে কি ভাবে তার মৃত্যু হয়ে, বাংলার গ্রাম বর্তমানের ত্রদশাক্লিষ্ট অবস্থায় এসে দ।ড়িয়েছে, শেথক তারই পরিচয় দেবার প্রয়াস পেয়েছেন। যন্ত্র-যুগের অগ্রগতির সঙ্গে গ্রামবাসীরা নিজেদের খাপু থাওয়াতে পারে নি—অবচ তার প্রভাবকেও এডিয়ে যাওয়া সম্ভব হয় নি ৷ এই প্রধান উপপাছ্যের সঙ্গে তিনি জুড়ে দিয়েছেন পল্লীজীবনের হিংসা ও কুঞ্জীতায় বিধাক্ত পারিপাখিকের চিত্র। অবচ তার লেখা পড়ে কোবাও মনে ঘুণার উদ্রেক হয় না-বরং অশিক্ষিত দরিদ্র জন-গণের অনুষ্যায়তাম হানয় বেদনা-ছারাক্রান্ত হয়ে ওঠে। এইথানেই লেপকের বৈশিষ্টা। তার সংবেদনশীল দৃষ্টির সামনে বাংলার পল্লী-জীবনের বহিরাবরণ খুলে পড়েছে। বাংলার পল্লীজীবন উন্নত হোক—আশাবাদী লেথকের এ অভীগ্যা যেন গল্পটির সর্বাঙ্গে জড়িয়ে আছে। ... প্রতিটি চরিত্র সাক্ষা দেয় যে মনেং গবাব জীবন সম্বন্ধে গল্প লেখেন, তার সক্ষে তার পারচয় প্রত্যক্ষ এবং নিবিড। যে অকুত্রিম অভিজ্ঞতার থেকে বড সাহিত্যের স্ষষ্টি, তার স্থাচ্ব নেই কোবাও। প্রতিটি চরিতাই জীবস্ত-তারা যেন আমাদের চোথের সামনেই কথা বলে বাংলার পল্লীজীবনের বিভিন্ন সমস্তা- তার অন্তনিহিত মাধুর্য এবং ৰহিরাধরণের কুলীতা সম্বন্ধে আমরা সলাগ হয়ে উঠি।

্ ভক্তর শ্রীশ্বামাপ্রসাদ মুখোপাধ্যার মহাশরের করকমলে

নাজ বস্ত্—তাঁহার 'মাথুর' নামক বড় গল্পতি এই বাল্য-প্রণায়ের যে চিত্র অন্ধিত করিয়াছেন তাহা যেমন বাজ্ব অন্থযায়ী, তেমনই কাব্যরসে সমুজ্জল। বন্ধিমচন্দ্রের রোমান্টিক ট্রাজেডী এখানে বাস্তব জীবনেই সেই বৈঞ্চব ভাবসম্মেলনের অপরপ কমেডিতে পরিণত হইয়াছে। সে যেমন মধুর, তেমনই নির্মাল। কোন ভয় নাই, অকল্যাণের অভিশাপ নাই। তেমনই নির্মাল। কোন ভয় নাই, অকল্যাণের অভিশাপ নাই। তেমনই নির্মাল। এই প্রসঙ্গে ইহার জুড়ি নাই বলিলে অত্যুক্তি হয় না। এই প্রসঙ্গে ইহা বলিয়া রাখিতে চাই যে এ গ্রেছের ঐ হুইটি গল্প যিনি লিখিয়াছেন, তিনি আর যাহাই লিখুন বা না লিখুন, কেবল ঐ হুইটির জন্ম (আরেকটির নাম নির্মাধ') বাংলার শ্রেষ্ঠ কথাশিল্পীদের চন্ধরে স্থায়ী আসন লাভ করিবেন, ভাহাতে সন্দেহ নাই। সে আসন অতি অল্পক্রেকজনই দাবী করিতে পারেন।

শ্রীমোহিতলাল মজুমদার (বঙ্গদর্শন)

ছোট কাকাৰ বিষয়ে ব্যবাতী হইয়া চলিয়াছিলাম। তিন ক্রোশ পথ পারে ইাটিয়া কানটিভাঙার বাটে নৌকা চাপিতে হইবে।

দে আজিকার কথা নয়, তথন বয়দ আমার নয় কি দশ। এই উপনকে বেগুনি বঙের ছিটের জামা এবং একজোড়া মোলা জুতা কেনা হইয়ালে। সেই ন্তন জামা গামে দিয়া অতি সম্ভর্গনে পথ চলিতেডি, ধূলা নালাগে। আর আব ছেলেরা যাইতেছিল, তাহাদের বেগুনি জামা নাই, অফ ম্পোন সনিত মাঝে মাঝে তাহাদিগকে তাকাইয়া দেখিতেছি। মেঠো পথে আরাপ হল্যা হাইবার আশস্কায় জুতাজোড়া পরিতে মন সরে নাই, অবরের কাগভে জড়াইয়া বগলে লইয়াছি। বরের পাজি ও বাজনদার আগতে-আতে চলিবা গিয়াছে, পিছনে গড়িয় আমবা। ক্রমে বেলা পড়িয়া আগল। ডে.ভাবাটা ভাড়াইলাম, তারপর সাগরদক্তকাটি গ্রাণের পেজুর বন, তারপর ভাঙা মনজিদ, সারি দাহি ভিনটা তেঁতুলগাছ, শেষে কুমোর-পাভার বহু বাশবাগানট। পার হহ্যা একেবারে ফাকা বিলের মধ্যা।

ধানের সময়। বান বন ওপারের গছিপালার গোড়া অবধি চলিয়া গিয়াছে, ধানের গোছায় কোনখানে বিলের জল দেখিবার উপায় নাই। আর দেখিলান, তেপান্তর ভেদ করিয়া উত্তর-দক্ষিণে সোজাস্থাজ সারবন্দি চলিয়া গিয়াছে বড় বড় শিরিব গাছ। বিলের মধ্যে অমন করিয়া গাছ্ পুঁতিয়া রাখিয়াছে কে? বড় আশ্চর্য লাগিল।

ছারিক দত্ত প্রাম-সম্পর্কে ঠাকুবদানা, বুড়া লাঠি ঠক-ঠক করিয়া পাশে পাশে যাইডেছিলেন। কথাটা জিজ্ঞাসা করিলান। তিনি কহিলেন— তথু কি গছে? এইটুকু এগিয়ে আয়—দেথবি কত্তো বড় বাল্ডা। বল্লন্দ্রের নাম তানিস নি ?

নামটা বরাবরই শুনিয়া থাকি, সেই বাজার উপর দিয়া তবে আজ ষাইতে হইবে।

রান্তার উপর গিয়া যথন উঠিলান, বিস্তার দেখিয়া সভাসতাই তাক লাগিয়া গেল! দত্ত-বুডাকে পুনরায কি একটা প্রশ্ন করিতে যাইতে ছিলান, কিন্ত দেখি গাতের লাঠিটা ফেলিয়া একটা শিরিষগাছের গোডায় বিসিয়া পড়িয়া ইতিমধ্যেই তিনি ভাবে গদ-গদ স্ট্যাছেন। বলিতে লাগিলেন—দেখেছ ভায়ারা, লক্ষ্মী-ঠাককলের দ্যাটা একবার দেখা মরি মরি—যেন তুহাতে চেলেছেন!…এই পুঁটিমারির বিলে আমার লাখেরাজ ছিল আড়াই বিষে। সে কি আজকের ?—রগাঁটাদ রায়ের দত্ত দেবোত্তর। নিবারণ চক্কোত্তি ভাহা ফাঁকি দিয়ে নিলে! ওর ভাল স্বেক্থনো?

নশ্বথচরণ কহিল—আবার বসে পড়লেন কেন দত্ত মশায় ০ চনুন —চলুন—জায়গা থারাপ, আধার না হতে এইটুকু পার ২তে হবে।

দত্ত মহাশয় আঙুল দিয়া আর একটা গাড়ের গোড়া নিদেশ করিয়া কাইলেন—ও মন্মথ, তুমিও একটুথানি বসে নাও না। ডোট ডোট ছেগেপিলে ইাটিয়ে নিমে যাচচ, না ছিবিয়ে নিলে ওদের ইাপ ধরে যাবে যে।

ব'লয়া বুড়া নিজেই প্রবল বেগে ইপি।ইতে লাগিলেন।

কিন্তু সকলে সমস্বরে না—না—করিয়া দত্তের প্রস্তাবটা উড়াইয়া দিন।

সে কি করে হবে ? নর-বাঁধ পার না হয়ে বসাবসি নেই। লাথ টাকা দিশেও রান্তিরবেলা অশ্ব থতলা দিয়ে যাওয়া বাবে না। তাড়াতাড়ি হেঁটে চলুন মশাইরা সব—তাড়াতাড়ি, খুব তাড়াতাড়ি—ভারে। ফলে উন্টা উৎপত্তি হইল। বিশ্রাম তো পড়িয়া মরুক। ইংগর পর যে কাণ্ড আরম্ভ হইল, তাহাকে হাটিয়া যাওয়া কোনক্রমে বলা চলে না। ছোট বড় গুণতি কার্যা আমাদের দলে বর্যাত্রী জন চল্লিশের কম হইবে না। এবার একা দ্বারিক দত্ত নয়, সকলেই দক্তরমতো ইপাইতে লাগিল।

ছরি জেঠা আদিয়া আমার হাত ধরিদেন। বলিলেন—শিবু, আর একটু—উই যে সামনে মন্ত উচু-মাথা আর্থব্যাছ—ঐ-ঐ—ঐথানে। নর-বাঁধটা পার হয়ে তারপর আন্তে-আ;তে চলব।

আমার কারা পাইতেছিল। বলিলাম—আর কতনূর ?

জেঠা বলিলেন—কানাইডাঙা ? পথ আর বেশি নেই, নর-বাঁধের পর বাঁহে একটা ভাঙাড়—সেইটা দিয়ে র্সিটাক এগুলে গাঙ পড়বে।

সন্ধ্যার আগের বড় একটা খালের ধারে পৌছান গেল। জেঠা বলিলেন—এই নর-বাধ। এদিক-ওদিক তাকাইয়া দেখি, বাধের চিহ্ন কোন দিকে কিছু নাই, কেবল খালটি মাত্র। লাখ টাকা দিলেও রাত্রিবলা যে অখখতলা দিয়া এই চাল্লশটা মাত্র্য একসঙ্গে যাইতে খাকার কার্রে না, সেই গাছটি দেখিলাম। কেন যে সকলের এত ভয়, ডালপালা-মেল। স্প্রাচীন গাছের চেহারা দেখিলে তৎক্ষণাৎ বোঝা যায়। আমার তো সেই দিনের বেলাতেই গাছম-ছম করিতে লাগিল।

সকলে কাণড়-জানা খুলিয়া পুঁটলি বাঁধিয়া লইল। আমি হরি জেঠার কাঁধে চড়িলাম এবং আমার কাঁধে কাগজে-মোড়া সেই নৃতন জুতাজোড়া। জিজ্ঞানা করিলাম—জেঠা বাঁধ কই ?

তুইধারে বাঁশের থোঁটা পোঁতা, তাহার মধ্য দিয়া জল ভাঙিয়া সকলে চলিয়াছে! সেই বাঁশ দেখাইয়া জেঠা কহিলেন—বাঁধ ভেদে গেছে বর্ধার টানে, বাশগুলো আছে। আবার মাব মাদে জল কমলে চাষীরা নতুন করে বেঁধে দেবে—

কে একজন পিছনে আগিতেছিল, তাহার নামটা মনে নাই, কজিল—
চাষা বেটাদেব বৃদ্ধি দেখ না—ফি বছর এই রকম গতর ঘামিয়ে প্রসা
থরচ করে বাঁধ বাধবে,—তার চেয়ে একবার এক পাঁজা ইট পুড়িয়ে যদি
ছুইধার পাকা করে বেঁধে দেয়—বাস !

ছারিক দত্ত কোণায় ছিলেন, ইঠাৎ দেখি জলেব মধ্যে লাঠি থোঁচাইতে গোঁচাইতে কাছে আসিয়া পঢ়িয়াছেন। বলিবেন—কি বনলেন, পাকা ইটের গাঁগনি হলেই বাঁগ টিকে থাকরে? সে আর হতে হয় না। বছুভ রায়ের টাকা তো কম ছিল না বাপু—পারলে না কেন? টাকায় এসব হয় না। একটা নরবাল দিয়ে এইটুকু চড়া পড়েছে—সংজ্ঞ নববলি হলে তবে যদি যা কালী খুশি হয়ে খাল ভ্রাট ব্যর দেন—

ভয়ে সর্বদেছ কণ্টকিত ছইয়া উঠিল। এইখানে সংক্রম বলি ছইয়াছিল নাকি? আনার হয়ণো অনাগত দিহসে কে জবে আসিয়া সহস্রবলি দিয়া আগাগোডা থাল ভরাট কবিয়া দিবে! জন বাভিতে বাড়িতে ক্রমে হরি জেঠাব বুক অবধি তলাইযা গেল। আাম চুপটি করিয়া কাঁপের উপর বসিয়া আছি। ছারিক দত্তর উদ্দেশে প্রশ্ন করিলাম—ও বুড়ো দাদা, এথানে নববনি হয়েছিল নাকি?

দারিক দত্ত উত্তর দিতে যাইতেছিলেন, কিন্তু হরি জেঠার বোধ করি মনে-মনে ভয় হইয়াছিল। বিরক্তভাবে প্রদল্ পামাইয়া দিলেন—বক-বক্কোরো না শিবু, শক্ত করে ধরে বোদো—

তথন হইল না, কিন্তু সেই দিনই রাত্রিবেলা গল্পটা শুনিয়া-ছিলাম। পানসিতে উঠিয়া বর্ষাত্রিদলের ভয় কাটিয়া মুধ আবার প্রায় হইল। চই জোড়া পাশা পড়িল এবং তাহার উৎসাহ ও চিৎকার উদাম হইয়া ক্ষণে ক্ষণে নদীব বৃক কাপাইয়া তুলিতে লাগিল। কেবল ভারিক দত্ত মহাশয় দল-ছাজ; পাশাবেনা জানেন না—ব্যাই চুল পাকাইয়াছেন। একাকী গলুয়ের উপর বদিগাছিলেন। আমি কাছে গিয়া চাপ-চুপি বলিলাম—বুড়ো দাদা, গল্প বলে।

—গ্র ? কিসের গল্প শুনবি ?

रिल्लाम-के नत-दारधन-

হাতে কাজ নাই,—ছানিক নত তথনস প্রস্তুত। আরম্ভ করিশেন— তবে শোন্—

পুঁটিম,রির বিল ইইন্ডে ক্রোশ সাত্রেক দক্ষিণে এখন সেখানটা ভদ্র। নদা প্রায় করিগ্রছে, কতকগুলি অনেক কালের বড় বড় ঝাউগাছ নদী-তার আধার করিল। দাড়াইরা আছে। এথানে বল্পভ রাম মহাশ্যের বাড়ি ছিল। ঢাকার নবাব-সরকারে চাকরি করিতেন, নবাবের ভারি বিশ্বাস তাহার উবর। দেউট্ব কাছে একথানা প্রকাশ্ত মেগুকাঠ পড়িয়াভিল, তেমন কাঠ আজকালকার দিনে ভূ-ভারতে কোথাও হয় না। বল্পভ একদিন কাঠখানা চাহিয়া বসিলেন।

নবাব ঐপথে সর্বদা আদিতেন হাইতেন। কিন্তু নবাব-বাদশার তো নিচের দিকে ভাকাইবার নিয়ম নাই, কাজেই থেখাল ছিল না। প্রশ্ন করিলেন—কিসের কাঠ? কত বড়?

বল্লভ তুই হাত আনদালি আয়তন দেখাইলেন এবং বলিগেন—দেশে গিয়ে একথানা কুড়ে বাধবার ইচেছ করছি, সেই জন্ত।

ছকুম হইগা গেল। নবাবের বারো হাতী লাগাইগা তবে সেই কাঠ গাঙে নামাইতে হয়। তারপর বড় ভাউলের সঙ্গে বাঁধিয়া ভাসাইয়া আনা হইগাছিল। ত্রী এক কাঠে বল্পভের তিন মহল বাভির কডি-বরগা হইয়া গিয়াছিল। বাঁহারা রায় মহাশরের বড় অন্তরঙ্গ ছিলেন, তাঁহারা খুব গোপনে আব একটা কথা বলিতেন—বল্লভ নাকি বাযাঁটখানা সৌনার ইট নবাবের ভোষাখানা হইতে সরাইয়া ঐ ভাউলেব খোলে পুথিয়া বাডি আনিয়াছিলেন। সভ্য মিথাা সেই স্বর্গীয়েরাই ছানিতেন, কিন্তু ইহার পর বল্লভ রায় আর ঢাকায় ফিরিয়া যান নাই।

ভদ্রার উভ্য কুল দিয়া একেবাবে ভৈরব অবধি জাষগা-জমি কিনিয়া ও কাভিয়া-কুডিয়া তিনি রাজ্য কবিতে লাগিলেন। ঘাঁটিতে ঘাঁটিতে মাহিনা-করা ঢালিব দল ঢাল-সভকি লইয়া পাহারা দিত। সেই লোব দলাবের নাম হিল মৃত্যুঞ্জেশ দাস। অমন থেলোশা আর হয় না। এখনো এ অঞ্চলেব লাঠিয়ালেরা লাগি ধরিবার আপে মৃত্যুঞ্জফের নামে মাটি হইতে পূলা তুলিয়া মাথায় ও কপালে মাথিয়া গাকে।

শোনা যায়, মৃত্যপ্তয়ের বাড়ি ছিল পূব অঞ্চলে পল্লাপারে।
বৌশনে খুন ডাকাতি দালা করিয়া খুব নাম কিনিয়াছিল, তারপ্র বয়স
ভারি হইলে নিজেই ডাকাতের দল গড়িল। কিন্ধু বউ মরিয়া হাইবার
পর যেন কি হইল। আঁড়েড়-ঘরে বউ মরিয়াছিল, ছেলেটি বাচিষা
উঠিল—ক্রেমে সেবছর পাঁড়েকের হইল, সকলে কুড়োন বলিয়া ডাকিত।
সেই কুড়োনকে লইমা মৃত্যপ্তয়য় শাম ভালোমান্তম হইয়া ঘব পাতিল।
বড় ছেলেব নাম যাদব, বাহাকে ফিরাইতে অনেক চেষ্টা করিয়াছিল—
কিন্তু যাদবের নৃতন বয়স, রক্ত গ্রম—বাপের বথা শুনিল না, দলে

কিছ ঘর করা কপালে ঘটে নটি।

বয়সকালে যাগাদের সভিত শক্ততা সাধিয়া আসিয়াছে এখন জো পাইয়া একদিন থাতে তাগাবা চার-পাঁচশ লোকে বাড়ি ঘিরিয়া কেলিল। জাগিয়া উঠিয়া মৃত্যুঞ্জর দেখে, মশালের আলোকে চারিদিক আলো-আলোময়। যেন সিংহের ক্রিম বৃকের মধো আসিল। কুডোনকে কাঁধে কবিয়া লাঠি ঘুবাইতে ঘুবাইতে ব্যুহ ফুঁড়িয়া বাহির হুইয়া গেল, এতগুল মরবের মধো কাহারও এমন সাধ্য হুইল নাবে একটা হাত উচ্ করিয়া ভোলে।

তারপব দেশ ছাডিয়া ঘুরিতে ঘুরিতে আসিয়া পড়িল বল্লভের স্মানার মধ্যে। বল্লভেণ তথন রাজ্যপন্তনের মুথ, এমন গুণীলোক পাইয়া বাঁচিয়া বেলেন।

মৃত্যঞ্জয়কে করিতে চাহেন ঢালি-দলেব সদার। মৃত্যঞ্জয় কিছ কিছুতেট রাজি নয়, বলে—না বায় মশায়, এসব আর নয়। জীবন নিয়ে ধেলা আব করব না—বউ মরবার সময় কিরে করেছি।

বল্লভ নাছোডবান্দ। বলিলেন — দাঙ্গা-ফাাসাদে কোনদিন তোমার পাঠাব না, তৃনি কেবল আমার ঢালিদের থেলা শিথিও।

শেষ পর্যন্ত মৃত্যাঞ্জয রাজি না হইয়া পারিদ না, বলিল—বেশ, তাই হল। তোমার গুন যপন থাব, তোমার জন্ম জীবন দিতে পারব—কিন্তু কারো জীবন কথনো নেব না, এই চক্তি।

তাবপর কত বড বড দাঙ্গা হইয়াছে, মৃত্যুঞ্জয় সে সবের মধ্যে না যাইয়া পারে নাই। কিন্তু এমন আশ্চর্য কায়দায় লাঠি চালাইত যে তাহার হাতে আর একটা লোক্ও মবে নাই।

এ সব যে আগলের কথা তথন বল্লভের চুলে পাক ধরিয়াছে, তাঁহার মারেব বন্ধদ আশির উপর। গঙ্গাইন দেশ—চাকদার এদিকে আব গঙ্গা নাই। মরণকালে বুড়া মারের গঙ্গালাভ হইবে না, এই আশক্ষার শেষের ক'টা দিনের জন্ম মাকে চাকদায় পাঠান ঠিক হইল। বায় মহাশয়ের মা ষাইতেচেন, সহজ কথা নয়—লাঠিয়াল-পাইক সাজিল, চাল-ডাল-ঘি লইয়া বিশুর লোকজন আগে আংগে ছুটিল, প্থের মধ্যে মধ্যে জায়গা প্রিফাব দরিয়া প্রম শুদ্ধাচারে হবিয়ার প্রস্তুত ইইবে। তিন চারি দিনের প্র। যোল বেহাবা হুম-ছুম করিয়া বুড়িকে বহিয়া লইয়া চলিল।

ভ্যোৎসা বাত, সাত ক্রোশ বেশ কাটিল—একশ' পাইক জকার নিতে
দিতে চনিয়াছে, কিন্তু সাত ক্রোশের মাথায় গিয়া পড়িল ক্র ত্রন্ত থাল।
পাড ভাঙিয়া ডাক চাড়িয়া তুই পাশের ধানবন দলিয়া মলিয়া হ-ছ বেগে
পাল ছুটিতেছে, টানের মুখে কুটাটি ফেলিলে তুই থণ্ড হইয়া যায়। জলে
নামিয়া খাল পার হইবে কাহার সাধা ?

পান্ধি নামাইয়া সমস্ত রাত সেই খালের পাড়ে বসিয়া। তারণর সকালে অনেক কটে একখানা ডিক্সা যোগাড় করিয়া খালে আনিয়া পান্ধি পার করিবার চেষ্টা হইল। কিন্তু এত লোকজন বোঠে বাহিয়া গলদ্বর্ম, ডিঙা কিছতে খালে চুকিল না। ছুইদিন সেখানে সেই অবস্থায় কাটাইয়া অবশেষে সকলে ফিরিয়া আদিল।

মা ফিরিয়াছেন শুনিয়া বল্লভ সকল কাজকর্ম ফেলিয়া তাডাতাড়ি দেখা করিতে আসিলেন। কিন্তু মা কথা কথিলেন না। এত কায়াবাটি, কিছুতেই না। তারপর অকস্মাৎ উচ্চৈঃস্বরে কায়া—সে কি ভয়ানক কায়া!—নিজের পোড়া অনৃষ্টের কথা, মরিবার আগে গঙ্গাল্পানটাও হইল না—এই ছঃখ। বল্লভ রাথের ভারি মনে লাগিল, কঠিন দিব্য করিলেন—তিন মাসের মধো ঐ থাল বাঁধিয়া একেবারে চাকদা পর্যন্ত সোজা রাস্তা তৈয়ারি করিয়া সেই রাস্তায় মাকে নিজে পৌছাইয়া দিয়া আসিবেন, তাহা না পারিলে তিনি অব্যাহ্মণ। পরদিন হইতে হাজার লোক কাজে লাগিল। বল্লভ রায়ের ঢালাও ভ্কুম—থাল বাঁধিয়া চাকদা পহস্ক রাস্তা করিতেই হইবে, উহাতে সর্বস্থ থরচ করিয়া পথের ফকির হইতে ১য়, শে-ও স্বীকার। এপারে ওপারে রাস্থা বাঁধিতে বেশি বেগ পাইতে ২ইল না, িক্স পাল লইয়াই বাধিল যত মুশ্কিল।

এখন আর থালের কি আছে? ছই ক্ল মজিয়া বিল ইইয়াছে, মাঝ-থানে ক্ষাণ জলধারা। বর্ধার সময় টান হয়। কিন্তু সেব দিনের জলনায় একেবারে কিছুই নয়। বল্লভের লোকজন জলের মধ্যে বাঁশ পুঁতিয়া বাজ্যের থড় সেই বাঁশের গায়ে বাঁধিয়া জলের বেগ কমাইবার কত চেষ্টা করিতে লাগিল, নৌকার পর নৌকা বোঝাই ইট ও মাটি থালে চালিল, কিছুতেই কিছু হয় না, সমস্ত ভাসাইয়া লইয়া যায়। অসচ থাল বাানতে না পারিলে প্রতিজ্ঞা পণ্ড হয়।

িন মালের আব তিন দিন বাকি। বল্লভ তো ক্ষেপিয়া গিয়াছেন.

দিনের মধ্যে পঞ্চাশ বার—জয় মা চণ্ডিকে, মুখ রাখিস মা—বিশ্বর

চিৎকার করেন এবং থালের ধারে নিজে থাকিয়া রাতদিন তদারক

কবিতেছেন। কোন উপায় হইতেছে না। তিন দিনের মধ্যে স্থরালা
না হইলে খালের জলে ডুবিয়া মরিবেন, মনে মনে মতলব আছে। সকলেব

কথা কালাকেও বলেন নাই; তবে জাংটিময় ভীষণ মুখ দেখিয়া লোকজন

মনে করে, বাচ আগয়।

সে দিন গভীর রা এতে সকলে ঘুমাইয়া পাড়য়াছে। আকাশভরা মেঘ। বল্লভের চোথে ঘুম নাহ, তাঁবু হইতে বাহির হইয়া একাকী
নূতন-বাধা রাস্তায় পায়চারি করিতেছেন। এত অক্ষকার যে কোলের
মান্ত্য দেখা যায় না। এমন সময় ছ-ছ করিয়া হাওয়া বহিয়া গেল।
চারিদিকে প্রকাণ্ড বিল, ডাকভরের মধ্যে মান্ত্রের বসতি নাই। এত
বড় সাহসী মান্ত্য, তবু বল্লভের গা'টা ছম-ছম করিয়া উঠিল; কিরিয়া
তাঁবুতে আসিয়া ভইয়া পড়িলেন এবং আশ্রে ব্যাপার, সঙ্গে সঙ্গেই চকু
খুমে চুলিয়া পড়িল।

খ্বপ্লে দেখিলেন, সশরীরে দেবী চণ্ডিকা--সে কথা বলিতে সর্বাঙ্গ শিগ্রিয়া ওঠে,—একেবাবে সতাসতাই কালীমৃতি! যেন হাতের খাঁডা নাডাইয়া বল্লভকে ইসারা করিলেন, বল্লভ পিছু পিছু থাল-ধার অাধি আদিয়া দাঁড়াইলেন। তারপর দেবী ছেখিতে দেখিতে বাতাসে মিলাইয়া গেলেন। হঠাৎ ঝপ পাদ শব্দে কি-একটা খালে পড়িল, জল ছিটকাইয়া উঠিল। বল্লভ দেখিলেন, স্পষ্ট দেখিতে পাইলেন, একটা কবন্ধ দেহ জলের টানে একবার ভাসিয়া উঠিয়া পলকের মধ্যে তলাইয়া গেল, আর তাঁচার চোথের সামনে শুক্তে নিরালয় ঝুলিতেছে মুগুটি। বড় বড় চোথ ঠিকরাইয়া বাছির হইতেছে. পালা দিয়া রক্তের ধারা বহিয়া থালের জল লাল হইয়া পোল। মুগুটার দিকে ভাল করিয়া তাকাইলেই খেন চিনিতে পারিকেন, কিন্ধ চাহিতে পারিতেছেন না। এমন সময় সর্বাঙ্গে অন্মুভতপূর্ব কম্পন জাগিয়া উঠিল, বল্লভের ঘুম ভাঙিল। আগাগোডা ঘামে ভিজিয়া গিয়াছে, আব চুপ করিয়া থাকিতে পারিলেন না। উঠিয়া তথনই গিয়া মৃত্যঞ্জয়কে ডাক দিলেন-- মৃত্যুঞ্জয়, ও মৃত্যুঞ্জ !

কুডোনকে লইয়া মৃত্যুঞ্জয় পালের ধারে মাত্র মৃতি দিয়া শুইয়াছিল।
বাণে-বেটায় ধডমড করিয়া উঠিয়া বিলিল। ইসারা করিয়া বল্লভ তাঁবুতে
ভাকিলেন। আবার ইসারা করিয়া মৃত্যুঞ্জয়কে একা একাই আসিতে
বিলিলেন—কুড়োন ওখানে থাকুক, বড় গোপন ব্যাপার। ছেলেকে
বসাইয়া রাখিয়া নিঃশব্দে ছ-জনে অগ্রসর হইল। আট-দশ পা আসিয়াছে
—এমন সময়ে মৃত্যুঞ্জয়ের পিছনের কাপড়ে টান, তাকাইয়া দেখে কুড়োন
আসিয়া কাপড় ধরিয়াছে। বল্লভ ফিরিয়া চাহিলেন, আবার বাঁ-হাত
নাড়িয়া উহাকে রাখিয়া আসিতে বলিলেন। মৃত্যুঞ্জয় জোর করিয়া
কাপড় ছাড়াইয়া লইল ভো কুড়োন বাপের হাত জভাইয়া ধরিল।

আন্ধকারে ভয় করিতেছে, সে কিছুতেই বাপকে ছাড়িবে না। মৃত্যঞ্জয় ধনক দিল, মিষ্ট কথায় বৃষাইল, কিন্তু তেপাস্তরের মাঠের মধ্যে আঁধার আর্থগাছের কাছে বালক কিছুতেই বসিয়া থাকিবে না। অগত্যা কুড়োনকেই তাঁব্র মধ্যে পাঠাইয়া দিয়া ত্-জনে থালের ধারে বসিয়া প্রামর্শ হইতে লাগিল।

কিছুই সাব্যস্ত হর না। মৃত্যঞ্জয়ের সেই এক কথা—আমি জীবন দিতে পারি রায় মশায, জীবন নিতে পাবব না—সে তো তৃমি জান। তোমার হুকুম মানি কি কাবে ?

বল্লভ কহিলেন— আমার লকুম নয়, চণ্ডীর ছকুম। স্বপ্নে আমাৰ স্পষ্ঠ দেখিয়ে দিশ—নররক্ত না খেয়ে বেটি বিছুত্তেই খাল বাঁধতে দেবে না—

মৃত্যুঞ্জ নিজের প্রকাণ্ড বৃক্তের উপর থাবা মারিয়া বলিল— আমাকেই তবে বলি দাও। তোমাদের ক্লবেয়েছি, তাতে পিছপাণ্ড নই। কুড়োন থাকবে, তাকে তুমি দেখো।

কিন্তু ইহা কাজের কথা নয়। বল্লভ শেষ অল্ল নিক্ষেপ করিলেন, জানেন যে ইহা অব্যর্থ। বলিলেন—তোমার দরকার হবে না মৃত্যুঞ্জয়, আমি আছি। সে সং মনে মনে আমার ঠিক করাই আছে। তুমি একবাব গোঁ আগুজি কবে দেখে এসো—হোক না হোক পরশু রাভ পোহাবার আগে কেরা চাই। নর-বলির ভাবনা কি ? বলিয়া আরও গভীর ইইলেন।

মৃত্যুপ্তর উঠিয় দাঁড়াইল। কিন্ত দাঁডাইয়াও কি ভাবিতে লাগিল।
বল্লভ বলিলেন—নান্তিকের মতো কথা বল কেন? জীবন
নেওয়া তুমি বল কাকে? মায়ের প্জোর বলি জোগাড় করে আনা আরু
মাহুষ খুন করা এক কথা হল? ছি—ছি—ছি—

সেই টানিয়া-টানিয়া বলা ছি-ছি-ছি মৃত্যুঞ্চয়কে বেন তিনবার মুগুর মারিল। মনিবের হুকুমের পর আব কোনদিন সে দ্বিকৃতিক করে নাই। কহিল—আমি মুখা মাহুষ, ধর্ম-অধর্ম বুঝিনে। ভূমি বল্লে রায় মশায়, দোষ হয় না—আমি চললাম। কুড়োন রইল তোমার তাঁব্তে, বড় ভীতৃ,—একে দেখো—

দীর্ঘমূতি অন্ধকারে অখথগাছের ছারার অনুশ্র হটল। বল্লভ ঠারব মধ্যে চুকিলেন। দেখিলেন, আলগা পডের উপর বল্লভের বিছানার পাশে কুডোন বিভোর হইরা ঘুলাইভেছে।…

মাঝে একটা দিন-বাত্রি, তারপর আরো একটা দিন কাটিয়া বাত্রি আসিল। শেষের রাত্রি! কাল সন্ধারে সময় ঠিক তিন মাস পূর্ব হুট্রা ঘাইবে। প্রতিক্রণ পণ্ড হুট্রা গেলে তাহার পর খাল বাঁধা না বাঁধা একই কথা। এই বাত্রির মধোই ক্ষ্বিত করালীর বলি চাই, মর-রত্তে খালের ক্রল লাল হুইলে ভবে জলের বেগ ক্যিবে।

বলভ জানেন, একেবারে নিশ্চিত আছেন—থেমন করিয়া গোক, মৃত্যুজ্ঞর বাজিব মধ্যে বলি লইবা ফিবিয়া আসিবেই। সন্ধ্যাৰ আন্ধে সমস্য লোকজন বিনায় করিয়া দেওয়া হইবাছে, ভাহারা পাঁচক্রোশ দূরের গ্রামে চলিয়া গেল। নরবলির কথা ঘুণাকরে কেহ জানে না। বাহিরে কেবলমাত্র প্রকাশ, কার্যসিদ্ধির জন্ম রায় মহাশন্ম ভয়ন্ধর কালী-সাধনা করিতেছেন। আল তার পূর্ণভিতি।

পরম সোভাগ্যবান উৎসর্গিত ৰশির মাতুষটি যথন আর্তনাদ ফরিবে সে কণ্ঠ দেবতা ছাড়া যাহাতে বাহিরের কানে না পৌছার—বল্লভ সুবর্গকমে তার ব্যবস্থা করিয়াছেন। কিন্তু সামান্ত একটা পুঁত রহিয়া গল—সে কুড়োন। কত লোভ দেখান হইল, কত বুঝান হইল—সে কিছুতেই গ্রামে গেল না। তাহার ভয় করে, আর কোথাও গিয়া ধাকিতে পারে না। হতভাগা ছেলে চিনিয়া রাখিয়াছে কেবল বাবাকে আর রায় মহাশয়কে। ছইদিন বাবাকে দেখে নাই, ভারি মন কেমন করে, গোপনে গোপনে খুব কাঁদিয়া থাকে—কিন্ত হলভকে দেখিলে গোপ মুছিয়া হাসে, তার সামনে কালাকাটি কবা বড় লজ্জার ব্যাপার বাল্যা গনে করে।

কুড়োন তাই রহিয়া সিরাছে। তা ঐ বাণ্ডের এছ ভাবনা কিছু
নাই। একবার ঘুমাইয়া পণ্ডিলে ঢাক-ঢোল পিটাইয়া তার ঘুম ভাঙানো
যায় না। নিশি-রাজির বাসার দে জানিতে পারিবে না।

প্রহারের পর প্রহার নিঃশক্তে কাটিয়া বাহতেছে। মৃত্যুপ্তর এখনো ফিরিল না। কুড়োন ঘুমাইয়া পাড়লে বলভ অনেকথণ ধরিয়া নৃতন ইয়াড়তে ঘসিয়া বাসয়া বজা শানাচয়াছেন, অন্ধনার তাঁবুর মধ্যে রক্তনলোলুপ সেহ শাণিভাস্ত্র বাকনক করিতেছে। ক'দিন রাত্রির পর রাত্র জাগিয়া চক্ষ্ আগুনের ভাটার মতো লাল। আল আবার রক্তবর্লের টোল পরিয়াছেন, কপালে বাহুতে বড় বড় দি দ্রে ফোটা। বাহাসে এক একবার ধানবন কাঁপিয়া উঠে, অখখগাছের হ্-চারিটা পাতা উড়িয়া তাঁবুর কাছে পড়ে, অমান কাঁধের উপর বজা তুলিয়া উঠিয়া দাড়ান। শেষে আর তাঁবুর মধ্যে তিষ্ঠাইতে পারিলেন না, বজুলা কাঁধে বাহিরে আসিলেন। চারিদিক নিজন, ভয়কর অন্ধকার। কোনখান হইতে খালের আরম্ভ ব্রিবার উপায় নাই। জল-ছল একাকার হইয়া গিয়াছে। বাহাসও বন্ধ হইয়া গিয়াছে, গাছের পাতাটি নড়ে না। বলভের মনে হইল, ব্রি এইমাত্র মহাপ্রলয় হইয়া গেল, শক্ষময় প্রাণপ্রবাহ স্তম্ভিত হইয়া সহিয়াছে, জীবলগৎ নাই, জন্ম-মৃত্যু সমস্তই একাকার,…তিনিও এইবার মহিয়াছে, জীবলগৎ নাই, জন্ম-মৃত্যু সমস্তই একাকার,…তিনিও এইবার

निश्वान वस इरेबा পড়িया यारेत्वन। निः भक्तक। भागत इरेबा तुक हाभिया बिधारह, श्रेष्ठि भृद्वः उरे हाथ वाष्ट्रिक्ट । अन्न मत्न वहेन । চিৎকার করিয়া উঠিলেন- গ্রহ মা চ্তীকে। সেই চিৎকারে নিজেরই সবদেহ শিগরিয়া উঠিল। দেবী চণ্ডা উপবাসা;—বল্লভের মনে হইল রক্ত-বৃত্তু মুগুণালিনী তাঁর ঠিক সামনেই অতণ অন্ধকারের মধ্যে কুপাণ মেলিয়া নিঃশব্দে অপেকা করিতেছেন। মাধার মধ্যে রক্ত চডিয়া উঠিল। মনে গ্রন, অশ্বর্থগাছের তলা হইতে জ্রুতপদে কাহারা বাহির হ্যা আসিতেছে—এক—তুই—তিন—চার—…অনস্ত! ডাকি-लन-(क? काता? উত্তর নাই। খুব জোরে আবার ডাকিলেন —কে? কে? কে? গাছের তলাম গিয়া দেখিতে লাগিলেন। এক হাতে শক্ত মুঠায় খড়লা ধরিয়া আর এক হাত বাড়াইয়া অসমান জ্ঞতির চারিদিক গ্রভাইতে লাগিলেন। উপরে তাকাইয়া দেখিলেন। বোদ হইল, ডালপালার ভিতরে প্রকাণ্ড ঢালের মতো একটা লেলিহান তিহবা লকলক করিয়া তালতেছে এবং জিহবার ত্র পাশ দিয়া দেহথীন, চক্ষুর আশ্রয়হীন কেবলনাত্র তুইটি দৃষ্টি হাউহবাজির নতো আগুন ছড়াহতে ছড়াইতে তাংগর দিকে অতি ক্রতবেগে ছুটিয়া আনিতেছে। থকা উচু কার্যা ভুলিয়া দেখেন, লোহার উপরে যে চক্ষুটি **অঙ্কিত** ছিল, তাহাও আগুন হইয়া জলিয়া একেবারে চোথাচোথি তাকাইয়া আছে। ছটিয়া বেড়াইতে লাগিলেন, ছুটাছুটিতে মাথার মধ্যে আগুন ষেন উগ্ৰগ কার্যা ফুটতে লাগিল। তাঁবুর চারিপাশে খালের পাড়ে অখ্থতলার নৃতন-বাধা রান্তার উপর দিঘা বল্লভ গুমতুম করিয়া পা ফেলিয়া বেড়াইতে লাগিলেন। ভিন্নমন্তার মতো নিজের মাথা নিজেরই काष्ट्रिया व्यांगुर्क देखा क्रमा। अक्रकांत्र जतन द्रिया आमिर्करहा। পুৰাকাশে রক্তিমাভা। রাতি পোহাইতে আর দেরি নাই। বলভ

রায় পাগল হহয়া উঠিলেন। মৃত্যুঞ্জয় এখনো ফিরিল না; সে বিশাদশাতক। ঠিক বুঝিলেন, বড় অনিছার সহিত সিয়াছিল,—এখন চক্রোন্ত করিয়া কোন দেশে পলাহয়া বসিয়া আছে। কালবল্লভ সর্ব রক্ষে অপদত্ত হলে তারপর হয়তো ফারয়া আসিবে। প্রান্তর কাপাহয়া প্রবল ভ্লার দিলেন—জয় মা চণ্ডিকে! খড়ল লইয়া তাঁব্র মধ্যে চুকিয়া প্রভিলেন।

কুড়োন জাগে নাই, বিভার হইয়া ঘুনাইতেছিল, একবার ঘুনাইলে কিছুতে ঘুন ভাঙে না। বলভ আর একবার চিৎকার করিলেন— জয় না!

कूष्णन आशित ना।

ভালো করিয়া ফশাঁ না হইতেই মৃত্যুক্তয় ফিরিয়া আদিন। ছুবাদনে সে অনেক দ্র গিয়াছিল, অবশেষে রাত্রিবেলা এক স্কুমার ব্রাহ্মণ-শিশুকে ঘুমন্ত অবস্থায় চুরিও করিয়াছিল। মুথ বাঁধিয়া কাঁথেব উপর কেলিয়া ক্রোশ পাঁচ-ছয় ছুটিয়া আসিয়াছে. এমন সময় গুড়-গুড় করিয়া মেদ ডাকিয়া উঠিল—বিতাৎ চমকাইল। মাঠের মধ্যে তাহার আলো পাঁড়ল বালকের মুখের উপর। চাহিয়া দেখে, ছেলেটি জাগিয়াছে—তীত-বিহ্বল অসহায় দৃষ্টি, মুথ বাঁধা বলিয়াই শব্দ করিতে পারিতেছে না, এক-একবার গলার মধ্যে ঘড়-ঘড় আওয়াজ উঠিতেছে। কে যেন মৃত্যুক্তয়ের পা ছখানা ঐখানে আটকাইয়া ফেলিল। তাকাইয়া তাকাইয়া বারবার ছেলেটির মুখ দেখিতে লাগিল। হঠাৎ মনে হইল, সে যেন কুড়োনের মুথ বাঁধিয়া হাঁড়িকাঠের মধ্যে লইয়া যাইতেছে। মাঠ পার হইয়াই এক গৃহস্থ-বাড়ি। তাহাদের চণ্ডীমগুণেছেলেটিকে নামাইয়া রাখিয়া মৃত্যুক্তয় ছুটিয়া পলাইল। বিল ভাঙিয়া সোজাস্কি দেড়িয়া আসিয়াছে.

ধানবনের মরমর ধ্বনিতে পিছল পথে অনবরত পিছন হইতে মুখ-বাঁধা বালকের ঘড়ঘড়ানি গলার আওয়াজ শুনিতে শুনিতে আদিয়াছে। খালের ধারে আদিয়া ব্য়ভকে দেখিতে পাইল। জলের কাছে শুক হইয়া বসিয়া তিনি গভাব মনোযোগের স্থিত নিচের দিকে নিরীক্ষণ ক্রিভেছেন।

বল্পতের সহিৎ নাই। দেখিতেছেন—গভীর নিম্নদেশে জ্মা-রজের চাপ গুলিয়া গিয়া ক্রমশ সমক থালেব এল রাঙা হটয়া উঠিতেছে, একটু একটু করিয়া জলের বেগ কমিতেছে, এক-একবার মাটির চাঁট জলে ফেলিয়া পরীক্ষা করিতেছেন—না, আর তেমন আগের মতো পাক থাইয়া মাটি ভাগাইয়া লটয়া য়য় না। এইবার—এইনি— য়ার এবটু পরে জল হির ইইয়া দাঁভাইয়ে। সুরুল্লের জনেকক্ষণ বিহনে কমিয়া রহিল। রায় মহাশয়ের এ ভাগ সে আব ক্রমন্ত দেখে নাল। জাকিছে সাহস ইইল না। শেষকালে উঠিয়া গিয়া বল্লের তাঁরের ইর্মা চুবলা ইইয়াছে, নিচের শুকনা ঘাস লাহির ইইয়া পড়িয়াছে, আর আলেপাশের থাড়ের উপর ভাজা রক্তের ছিটা। যে-মৃত্যুক্ত্রন সমস্ত যৌবনফাল হাতে পায়ে রক্ত মাহিয়া নাচিয়া বেজাইয়াছে, বুল্লা ব্যাস ক্রেমা লাহিয়া বেজাইয়াছে, বুল্লা ব্যাস ক্রেমা নাচিয়া বেজাইয়াছে, বুল্লা ব্যাস ক্রেমা বলিল—রায় মশায়, আমাব কুল্লোন কোথায় গ

বল্লভ তার দিকে তাকাইলেন, সে দৃষ্টির কোন অর্থ হয়না:

মৃত্যুঞ্জয় তাহার হাত ধরিয়া ৫:5৩ বাঁকি দিয়া বলিল— ওনছ ? ভনছ ? তোমার কাছে রেখে গেছলাম, আমার কুড়োন কোথায় গেল ? বলে দাও, সে কোথায় গেল ? উদ্প্রান্তের মতো বৃত্যুঞ্জর চলিয়া গেল, এক কোঁটা চোণের জল পড়িল না। পরদিন সমস্ত দিনমান কোথার খুরিয়া বেড়াইল কেছ বলিতে পারে না। এদিকে চাটগাঁর দিকে যে কারকুন গিয়াছিল— এমনি দৈবচক্র, সকালবেলাতেই বিস্তর লোক লইয়া সে আসিরা পড়িল। সন্ধ্যার মধ্যেই থাল বাঁধা শেষ।

বল্লভের প্রতিজ্ঞা রক্ষা হইল, কিন্তু তিনি আর শান্তি পাইলেন না।

সেদিন নিশীধরাত্তে বল্লভ জাগিয়া ছিলেন। হঠাৎ সম্ভঃসমাপ্ত বাঁধের উপর দিয়া ছুটিতে ছুটিতে মৃত্যুঞ্জয় আসিয়া বল্লভের হাত ধরিক্স আগের দিনের মতো প্রশ্ন করিল—আমার কুড়োন কোথায় গেল? ভাকে কোথায় রেখেছ—বলে দাও—বলে দাও।

ব্লভ কেবল হতভখের মতো তাকাইয়া দেখিলেন। **আবার** মৃত্যুঞ্জয় ছুটিয়া চলিয়া গেল।

ইহার পরে বল্লভের যে কি হইল, তিনি আর বাড়ি-বরে ফিরিলেন না। দিনরাত খালের ধারে তাঁবুর মধ্যে চুপ করিয়া কাটাইতেন। মৃত্যুঞ্জয়ের বড় ছেলে যাদবকে খবর দিয়া আনা হইল। বিস্তর জমিজমা দিয়া তাহাকে বসত করাইলেন। লোকে বলে, মৃত্যুঞ্জয় নাকি প্রস্তি-রাত্রেই আসিত। দিগস্তবিদারী জনহীন প্রাস্তবের মধ্যে নিস্তক নিশীখে প্রভ্-ভৃত্যে কথাবার্তা হইত, বল্লভের কোন কোন কর্মচারী তাহা স্কর্মে শুনিয়াছে।

মৃত্যুক্সর বলিত—রাম মশার, আমি জীবন দেবো, জীবন নেবো না কথন।

বল্লভ বলিতেন—দে আমি জানি, জানি—ভূই কক্ষনো জীবন নিবিনে— তবু বল্লভ রারের জীবন গেল। মাস দেড়েক পরের কথা, পরিষ্কার পূর্ণিমা রাভ, ভাত্রমাসের শেব ভোটাল। বাঁধের গারে প্রবন্ধ বেগে জোরারের জল ধাজা দিতেছে। হঠাৎ তুম্ল কলকলোল শুনিরা ব্যক্ত রায় ছুটিয়া বাহিরে আসিয়া দেখেন, বাঁধ ভাঙিয়াছে, হু-ছ করিয়া শালের মধ্যে জল চুকিতেছে। দেখিতে দেখিতে সমন্ত বাঁধের আর চিহুমাত্র রহিল না। তারপর দেখিলেন, ওপারে জ্যোৎসার মধ্যে মৃত্যুঞ্জয় দাড়াইয়া আছে। ঠিক এই সময়ে রোজই সে মনিবের কাছে আসিত। বাঁধ ভাঙিয়া যাওয়ায় আজ আর তাঁর কাছে আসিতে শারিতেছে না। মৃত্যুঞ্জয় ডাকিতে লাগিল—রায় মশায়, রায় মশায়,—

বল্লভ বলিলেন— কি করে যাই ? দেখছিস জলের টান ?

সে বলিক—চলে এসো, মোটে হাঁটুজল—। ওপার চইতে
মৃত্যুপ্তর নামিয়া আগাইয়া আসিতে লাগিল, হাঁটুজলও নয়। এপারে
বলভ নামিলেন। কিন্তু এপারে জল বেশি, বুকজল ক্রমে গলাজল চইয়া
দীড়াইল।

বল্লভ ডাকিয়া বলিলেন—তুই এগিয়ে আয় মৃত্যুঞ্জয়, আমি আর পার্ছনে।

মৃত্যুঞ্জর কহিল—আর একটু রায় মশায়, আর একটু—এইবার জল কমবে।

জলের টানে যুমন্ত অবোধ বালকের চাপা কারার মতো শোনা
যাইতে লাগিল। মাথার উপর মেঘ-নিম্ক্ত পূর্ণিমার চাঁদ। মাঝখানে
আসিরা ছ-জনে প্রবল আকর্ষণে পরস্পরকে জড়াইয়া ধরিল। তারপর
জোয়ারের বেগে কে কোথায় ভাসিয়া গেল, তাহা কেহ জানে না।…

ছারিক দত্ত আর কি-কি বলিয়াছিলেম পনের বছর পরে এখন ভাষা মনে নাই। তবে এটা মনে পড়ে—সেদিন সন্ধ্যায় ভাঁটা সন্ধিয়া গিয়া ঈষ্ক্রিয় সমতন ন্দীগ্র্ভ অনেকথানি অনাযুত্ত ইইয়া পড়িয়া ছিল এবং চাঁদের আলোয় বালুকারাপি চিক-চিক করিতেছিল। গল শুনিতে শুনিতে একটু পরেই চোধ বৃদ্ধিরা জড়সড় চইয়া পড়িলাম, শুরে রাতের মধ্যে চোথ আর মেলি নাই।

পরদিন গোধুলি-লথে নির্বিদ্ধে ছোট কাকার বিবাহ হইয়াছিল, বর্ষাত্রীরাও আকণ্ঠ মিষ্টান্ধ ভতি করিয়াছিলেন। সেই ছোট কাকী এখন পাঁচটি ছেলেমেয়ের মা। দেখিতে দেখিতে পনেরটা বছর কাল-সমুত্রে বিলীন হইয়া গিয়াছে। ইহার মধ্যে শেষের বছর দলেক আমরা একদম দেশছাড়া। বাড়িস্থক সকলে কাশীতে আছি—সেথানে বাবা কাঠের ব্যবসা দিব্য জ্বমাইরা বসিয়াছেন। অবস্থা ফিরিয়াছে। কেবল ফি বছর বাবা স্বয়ং একবার করিয়া দেশে যান। স্বদেশপ্রেম বশত নম্ন। প্রটিনানির বিলে স্থাবিধামতো অনেক জায়গা-জমি কেনা হইয়াছে বলিয়া। যদিও দক্ষ নায়েব একজন আছে, তবু নিজে গিয়া এক-একবার দেখিয়া আসতিত হয়।

এদিকে আমি আইন পাশ করিয়া একরকম নিরুপদ্রব কইয়া আবার কাশীর বাড়িতে অধিষ্ঠান করিয়াছি। বাবা জানেন, আমিও জানি—এ পাশের বেশি আমার ছারা আর কিছু হইবে না। স্থতরাং কোটে যাইবার জন্ত কোন পীড়াপীড়ি নাই। যে দিন বীণার সঙ্গে ঝগড়া কইয়া যায়, ভারি রাগ করিয়া গায়ের উপর চোগা-চাপকান চাপাইতে লাগিয়া দাই—আবার হাসিয়া ধখন দে ছ্রার আটকাইয়া দাড়ায়, ঐ বোঝা নামাইয়া ফেলিয়া নিশ্চিম্ভ আরামে শুইয়া পড়ি।

এমনি চলিতেছিল। ভাত্মশাসের মাঝামাঝি একদিন হঠাৎ বাবা ডাকিয়া বলিলেন—একবার দেশে যাও, কাল-পরশুর মধ্যে—

অবাক হইয়া গেলাম। দশ বছরের অভ্যাদক্রমে বাংলা-মূলুকের সেই স্তর্গম গ্রামটি মন হইতে ক্রমাগত দূরে সরিতে সরিতে প্রায় আব্দাসান দ্বীপের সমান ভকাৎ হইরা দাঁড়াইরাছে। বাপ হইরা এমন বিভ্রাট বাধাইতে চান কেন।

কহিলাম—কেন, আপনি ?

বাবা কহিলেন—আমি হপ্তাথানেকের মতো নাগপুরে যাচ্ছি কাঠের চালান আনতে। সে তো ভূমি পারবে না!

না, তাহাও পারিব না। অতএব চুপ করিয়া রহিলাম।

বাবা বলিতে লাগিলেন—পুঁটিমারির জমি নিয়ে প্রজাদের সজে
পশুগোল বেধে উঠেছে—ঘনশ্রাম চিঠি লিখেছে। আবার মামলা-টামলা
যদি হয়, ও বেটা রাঘব-বোয়াল—টাকাকড়ি হাতে যা পাবে নিজেই
গিলবে, কাজকর্ম পশু করে দেবে। তুমি গিয়ে কিন্তির মুখটা কাটিয়ে
সব মিটমাট করে দিয়ে এসোগে। লেখাপড়া শিখেছ, আইন পাশ
করলে, অস্তুত নিজেদের এস্টেটপভোরগুলো দেখাগুনা কর।

গার, কি কুক্ষণেই আইন পাশ করিয়াছিলাম!

দিন চার-পাঁচ পরে একটা স্থাটকেশ হাতে করিয়া রাত্রির মেশে
মধুগঞ্জ স্টেশনে নামিলাম। প্রায় দশ বছর আগে আর একদিন রাজে
এখান হইতে গাড়ি চাপিয়াছিলাম, সে সব দিনের কথা ভাল মনে নাই।
তব্ মনে হইল, ক্টেশনটি প্রায় এক রক্ষই আছে। রাত্রি আর বেশি
নাই, খোলা ওয়েটিং-রুম দিয়া প্রাটকরম অবধি মাঠের জোলো হাওমা
আসিতেছে। এ সময়ে ধাহার নিতান্ত গরজ, তেমন লোক ছাড়া আর
কাহারো জাগিয়া থাকার কথা নয়।

কিন্ত ট্রেনের মধ্যে থাকিতেই তুমুল গগুগোল কানে আসিতেছিল।
প্রয়েটিং-র্মম দালা বাধিয়াছে নাকি? যেই সেথানে পা দিয়াছি,
আর ষাইবে কোথায়—জন পটিশেক মানুষ চারিদিক হইতে ছুটিয়া
আসিয়া বেন ছাকিয়া ধরিল। সকলেই জিজাসা করে—কোথায়-

বাবেন ? কোথায় যাবেন ? সাঁতার-না-জানা মাহুব গভীর জলের মধ্যে পড়িলে বেমন হয়, আমার দশ। সেই প্রকার। কোন দিকে কুশকিনারা দেখি না, পালাইবার পথ নাই।

উত্তর না দিলে কেহ পথ ছাড়িবে না, কাজেই বলিয়া ফেলিলাম—যাব সাগরগোপ।

ধেইমাত্র বলা অমনি একজনে ডান হাতের স্থাটকেসটি ছিনাইয়া লইয়া দৌড়। পলক ফিরাইয়া দেখি, অন্ত সকলে ঐ সদে অন্তর্ধান করিয়াছে। কিঞ্চিৎ দূরে আর একজন হতভাগ্য যাত্রীরও আমার দশা। সে দিকে আর না গিয়া পাশ কাটাইয়া সরিয়া অাসিলাম।

তা তো হইল—এখন আমার উপায় ? স্থাটকেদের মধ্যে আমার সম্পায় কাপড়-চোপড় এবং কুড়িখানি দশ টাকার নোট রাখিয়াছিলাম। মধুগঞ্জে যে সদর জায়গায় দল বাঁখিয়া আজকাল এমন রাহাজানি শুক করিয়াছে, তাহা জানিতাম না। মিউনিসিপ্যালিটির রাশ্বায় মাইল অস্তর কেরোসিনের আলোর ব্যবস্থা আছে, কালিতে কালিতে রাত্তিশেষে আলোগুলি এমন আছের হইয়া গিয়াছে যে সে আলোকে চোর চিনিয়া ধরা দ্রের কথা, নিজের হাত-পাগুলি চিনিয়া লওয়াই মুশকিল।

সামনের রান্তায় নামিয়াছি, ভক করিয়া পিছনে আওয়াল।
তাকাইয়া দেখি, সর্বনাশ—প্রায় ঘাড়ের উপরে একথানা বাস আসিয়া
গড়িয়াছে। এক দেড়ৈ আগে গিয়া প্রাণটা বাঁচাইলাম। তারপর
ভাল করিয়া চাহিয়া দেখি, কেবল একথানা নহে—সারি সারি ঐ রকয়
বিশ-ত্রিশথানি। সকলেই কার্ট দিয়াছে, একবার আগাইতেছে,
একবার পিছাইতেছে এবং তারস্বরে কে কোথায় যাইবে—ভাগ ঘোষণা
করিতেছে। চিৎকারের ধেন প্রতিযোগিতা চলিয়াছে। ঠিক সামনে বে

গাড়িখানি ছিল তাহার ড্রাইভারকে জিজ্ঞাসা করিলাম—বলতে পার, জামার স্থাটকেশ নিয়ে এইদিক দিয়ে কে পালাল ?

জ্রাইভার হাসিয়া বলিল-আজে, আহন-এই বে-আপনি সাগরগোপ যাবেন তো ? উঠে পজুন-এই নিন আপনার জিনিষ।

নিখাস কেলিয়া বাঁচিলাম। ভয় ধরাইয়া দিয়াছিল। ঝাঁবেক্স সহিত কহিলাম—তুমি বেশ লোক তো বাপু, না বলে কয়ে স্থাটকেশ নিয়ে চম্পট—

ড্রাইভার স্বিন্য়ে বলিল—আজে, আপনারই স্থ্রিধের জন্তে। ভারী জিনিষ বয়ে আনতে অস্থ্রিধে হচ্ছিল, তাই দেখে—

বলিয়া কথা শেষ না করিয়াই আব্দো ছইটি লোক প্লাটফরম পার ইইয়া আসিতেছিল, তাহাদের পাকডাও করিতে ছটিয়া গেল।

স্থান্তির হইয়। বিষয়া চারিদিক তাকাইয়া তাকাইয়া দেখিছে
লাগিলাম। দেখিয়া সন্ত্রমেব উদয় হইল। লোকে সভ্য হইয়া উঠিতেছে
বটে, মফরল শহরেও তাহার ব্যতিক্রম নাই। সামনেই হিন্দু চায়ের
দোকান সাইনবোর্ডে বড় বড় করিয়া লেখা—এই যে গরম চা, আহ্ন—
সাত্তিক ব্রাহ্মণের ঘারা প্রস্তুত। ট্রেন হইতে নামিয়া ইতর-ভত্ত দলে দলে
গিয়া সেই সান্তিক চা খাইতে বসিয়াছে। ন্তন বায়োয়োপ খুলিয়াছে,
ক্রেশনের দেয়াল ভ্ডিয়া তার বিজ্ঞাপন—ভাম্যমান সাড়েবত্রিশভাজাভরালার ঠন-ঠন ঘটা বাজনা—ভাজারখানার লাল-নীল আলো—দেখিয়া
ভানিয়া মনে হইল, লিয়ালদহের মোড়ের খানিকটা যেন এখানে আনিয়া
বসাইয়া দিয়াছে।

জ্বাইভার ফিরিয়া আসিয়া নিভের জায়গায় বসিদ। যাত্রী এভ ভতি হইয়া গিয়াছে যে একরূপ অবশুষ্টনাকার অবস্থা। তা ছাড়া এতগুলি মানুষ নিতান্ত মৌনত্রত অবশ্বন করিয়া বসিয়া নাই। গাড়ি ছাড়িলে নড়িরা চড়িরা সোজা হইরা বসিলাদ। হস-হস করিরা শেবরাত্তির ঠাণ্ডা বাভাস গায়ে লাগিতে লাগিল।

किछाना कत्रिनाम-- এগাড़ि शांद ककृत व्यवि ?

ড্রাইভার কহিল—আপনি ত নামবেন সাগরগোপ—তারপর বাকাবড়শি মাদারডাঙা ছাড়িয়ে চলে যাবে সেই কাটাথালির কাছ বরাবর—

--- নর-বাঁধ পার হবে কি করে ?

অত্যন্ত বিশ্বিত হইরা সে আমার দিকে তাকাইল। বলিল—দেশে থাকেন না বৃঝি ? সেথানে গেল-বছর মন্ত পুল হরে গেছে। টার্নার-বিশ্ব —টার্নার সাহেবের আমলের কিনা! দেশের আর কি সেদিন আছে!

মনে মনে ভাবিতে লাগিলাম, সত্যই সেদিন আর নাই। বারোচৌদ্দ বছর আগে একবার এই শহরে আদিয়া বাবার সন্দে তিন দিন
ছিলাম। তথন এখানে এক ম্যাক্সিক্রেট সাহেবের আর এক পুলিশ
সাহেবের মাত্র এই ছ-খানি মোটরগাড়ি ছিল। বিকালে ম্যাক্সিক্রেট
সাহেব নিজে গাড়ি চালাইয়া চৌরাস্তার পথে বেড়াইডে বান, কথাটা
ভানিবার পর পাক। তিন ঘন্টা রাভার পাশে তীর্থকারের মতো ধর্মা
দিয়ে তবে হাওয়াগাড়ি দেখিতে পাইয়াছিলাম। সেই জীবনের প্রথম
মোটর দেখা।

ভ্রাইভার লোকটির উৎসাহ কিছুতেই থর্ব হইন্তে ছিল না। বোধ করি, সে ইকুল-পাঠ্য ভারতবর্বের ইভিহাসের শেষ অধ্যায়টি ভাল করিয়া পাঠ করিয়া থাকিবে। আবার আরম্ভ করিল—যাই বলুন মশার, আপনাদের অরাজ-টরাজ করিকার, এমন কোম্পানির রাজার মতো কেউ হবে না। রাজ্য-ঘাট রেল-শ্রিমার ট্যাজ্য-বাস—আর কি চাই? করুক দেখি কোন্ বেটা পারে?

💛 থাড়া বসিয়া থাকিয়াও ঘুমানো যায়, আগে জানিতাৰ না। সকলেই খুমাইতেছে, আমিও চোথ বুজিয়া আছি। সেই অবহায় নবনিৰ্মিত টার্নার-ব্রিজ কোন সময়ে পার হইয়া আসিয়াছি, বুঝিতে পারি নাই। मागत्रारापत हेन्द्रगचरतत कारह नामिनाम, जथन त्वम त्वमा हहेग्राहह। व्यथान रहेर्ड माहेन्द्रीक दांविया वाष्ट्रि याहेर्ड रय । छाहिरन राधिनाम, भूँ िमातित वित्न क्ष हक-हक कति ए हा हमक मानिन-का ख्याना কি? দশ বছর আগেকার কথা সঠিক মনে নাই। তবু আবছা স্বপ্নের মতো মনে পড়ে—এই সময়ে ঘন সতেজ সবুজ ধানে এই বিল ভরিয়া থাকিত। লক্ষ্মী-ঠাকরুণ তাঁর সকল সম্পদ খেন উজাড় করিয়া **जिल्ला क्यांत्र । यजिल एए हिलाम, कथन हेशद वाजिक्रम पर्छे** नारे । शांक त्मांक्न, वित्न त्मांक्न, दारेहद्रव माम, मर्मादद्रा कु-छारे-কান্তরাম-শাস্তরাম, -- ইহারা ফি বছর এক-একটা গোলা বাঁধিত। গোলা তৈয়ারি করা এ অঞ্চলের মাহুষের যেন নেশার মতো হইয়া গিয়াছিল। তেঁতুলতলায় মুচিরা রাল্লা করিত, টপ-টপ করিয়া কুড়ালের উপর মুগুরের ঘা দিয়া বাঁশ ফাটাইত, স্দারদের মজাপুকুরে আঁটি বাঁধিয়া বাখারি পচাইতে দিত সমস্ত কথা মনে পড়িতে লাগিল।

রাস্তার পাশে একজন লোক একমনে বসিয়া মাছ-ধরা দোয়াড়ি বুনিতেছিল। কহিলাম—মাছ পড়ছে খুব ?

लाकि উखन्न कन्निन ना, जाकाहेबा ।

সেটা বটতলা। শিক্ষড়ের উপর দাঁড়াইয়া তরকাকুল সীমানীন কলরাশি দেখিতে বেশ লাগিতেছিল। পুনশ্চ জিজ্ঞাসা করিলাম—ও মোড়লের পো, বিল বে এবার একদম ওঠেনি—বড্ড বর্বা হয়েছিল নাকি ?

এবার লোকটি চাহিয়া দেখিল। হাতের কাছের একথণ্ড বাঁশ সাগাইয়া দিয়া কহিল—বস্থন। আমি বলিশাম-না, বসবো না আর। তোমাদের বাড়ি বুর্কি ঐ গাঁরে ? ঘরগুলো বেশ দেখাছে, স্থলার এক একটা দীশের মতো-

দ্বীপ কাছাকে বলে লোকটার জানা নাই, অতএব দ্বীপের সৌন্দর্য ব্ঝিতে পারিল না। মোটে সেদিক দিয়াই গেল না। কহিল— বাবু, আমরা মহারাণীর কাছে দরখান্ত করব—

কিসের দরপান্ত ?

—নর-বাঁধ বেঁধে ছোট করে পোল দিয়েছে, মহারাণী এনে পোল ভেঙে দিয়ে যান। পোলে কাজ নেই আমাদের—য়েমন ছিলাম তেমনি থাকি। এত বড় বিলের জল এই ফাঁকটুকুডে বেরোয় কথনো? তিনি নিজের চোখে একবার দেখে যান না—

ভারি বিরক্ত হইলাম। যত ভাল কাজই গভর্ণমেণ্ট করুক না কেন, দেশের লোকের খুঁত ধরা কেমন স্বভাব হইয়া দাঁড়াইরাছে। স্থদ্র পাড়াগাঁয়েও সে বিষ চুকিতে থাকি নাই। বলিলাম—টাকাক্ডি ধরচ করে পোল দিয়েছে—বড্ড অপরাধের কাজ করেছে! আগে এখানে বুকজল হত—লোকে পার হত গামছা পরে। আর আজকে দিব্যি মোটরে করে চলে এলাম—এক ফোঁটা জল-কালা গায়ে লাগল না। কত বড় স্থবিধে বল দিকি!

লোকটি তাতিয়া উঠিল। কক্ষকঠে কহিল—ছাই হয়েছে, বরদোর জায়গাজনি জলে ডুবে রয়েছে। হঠাৎ গলার অর ভারি হইয়া উঠিল। বলিতে লাগিল—এ কি রকম জ্লুমবাজি! গোলায় এক চিটে ধান নেই—ঘরের মধ্যে ভাসা-বাদার সাপ উঠেছে, খুঁটির গোড়ার মাটি জলে ধুয়ে বাছে, কোন দিন বরখানাই বা ধ্বসে বায়! তোমরা তো বাপু মোটরে চড়ে ফুর্তি করে বেড়াও, সাতপুক্ষবের ভিটে ছেছেছেলেপুলের হাত ধরে আমরা কোথায় বাই বলো তো!

বলিতে বলিতে লোকটি চুপ করিল। বোধকরি বা কাল্লা সামলাইল। পুরুষ মান্তবের কাঁদিতে নাই কিনা!

একটু শুক্ক থাকিয়া আবার বলিতে লাগিল—ব্রিয়ে-ফ্ঝিক্রেলিথলে মহারাণীর ঠিক দয়া হবে—কি বল বাবু? তুমি যাচ্ছ কোন গাঁয়ে?

—ওই তো সামনেই—ইন্দির ঘোষ মহাশরের বাড়ি। আমি তাঁর ছেলে, এখন বাড়িখরে থাকিনে।

লোকটি কপালে হাত ঠেকাইয়া সেলাম করিল। কহিল—
চিনলাম। তোমার বাজিতে আমরা যাব, একথানা দরখান্ত লিখিছে
নিতে। এই আমাদের যত ছঃখ ধান্ধার কথা ভাল করে বৃবিয়ে-স্থারিয়ে
ভাল করে লিখলে মহারাণী ঠিক শুনবে—একটা ভাল জলপথ করে
দিয়ে বাবে। যাবে না ? আমরা ঠিক করেছি সব চাষা মিলে দরখান্ত
ছাত্র।

নিরক্ষর গ্রাম্য চাবী আনাকে হয়তো মহারাণীর জ্ঞাতিগোজ ঠাওরাইয়াছে। বে যাহা ভাবুক, আনার ক্ষমতার দৌড় আমি তো বৃঝি—হাঁ-না কিছুই না বলিয়া কেবলমাত্র ঘাড় নাড়িয়া হাঁটিতে শুরু করিলাম। পিছন হহতে শুনিলাম, লোকটি বলিতেছে, যদি দরখাশু না শোনে জোর করে ঐ পোল ভাতব, তারপর জেল-ফাঁস যা হয় হোক। সরছিই ভো, ঐ ভাবে মরি।

দশ বছর পরে বাড়ির সামনে গাড়াইয়া সে বাড়ি জার চিনিডে পান্ধি না। উত্তর-দালানের ছাত খসিয়া পড়িয়াছে, সিঁড়ির ঘরের মাধায় প্রকাশ্ত আকাশভেদী অথথগাছ, ভিতরের উঠানে একইাটু উচু নাস। ঘনভাম গাঙ্গুলি দাধিলা নিধিতেভিল—ভিনাব কেলিয়া ঠা-হাঁ। করিয়া উঠিল—ওদিকে যাবেন না, ওদিকে বাবেন না—পরস্ত ঐ বাবের মধ্যে কেউটে সাপের খোলস পাওরা গেছে। সঙ্গের মুটেটাকে ডাকিয়া কহিল—হাঁ করে দেখছিস কি বেটা ? ঐ চামড়ার বান্ধ-টাল্প কাছারিবরে: এনে রাখ—

কাছারিথানির অবস্থা ভালই বলিতে হয়।

বাঁশের খুঁটি, চাঁচের বেড়া। সারি সারি ভিনথানা ভজাগোশ— তার উপর সতরঞ্চি পাভিরা ফরাস করা হইরাছে। ডাবাছ কা হ কা-দান,—ক্রটি কিছুই নাই। পাশে রারাবর। পিছনে জঙ্কলে ভরা বৃহৎ বাড়িটার সহিত সদরের কাছারীবাড়ির কোন সম্পর্ক নাই।

ষনখান অথটা সাম্থাইয়া দিল। বলিল—দরকার কি ? অত বছ বাড়ি নেরামতি অবস্থায় রাখা আর ঐরাবত হাতী পোরা এক কথা। ও বছর কর্তাবাব্ এসে নেরামতের কথা বললেন, আমি বললাম—এখন কাজ নেই, আপনার। যদি কখনো দেশে-ভূঁয়ে আসেন তখন সে-সব। বোড়া হলে চাবুকের জতো আটকাবে না।

किकांना कतिवाम-- (कमन चाइ नाराव मनाय ?

ঘনশ্রাম বলিল--আছি ভাল আপনাদের দয়ায়। মাছটা খুৰ
মিলছে আজকাল, জিনিসপত্তোরেরও স্থবিধে। জন-মজুর ভারি সন্তা,—
ত্-আনায় সমত্ত দিন খাটছে। আগে খোশামোদ করতে করতে প্রাণ
বেড—এখন বাবা, পায়ে ধর আর কাজে লাগ। কোন বেটার ঘরে কিছু
মেই—

-- विरम हांच वक्त वरम वृत्वि ?

খনস্থান বলিল—তা ছাড়া আর কি। বেঁচেছি মশার, ছোট লোকেক্স খরে পরসা হলে কক্ষে আছে? বিল বে আর ইংঞ্জে উঠবে তার কেরন-জরসা নেই। विनेष्ठा हा-हा कित्रवा हानिएक नागिन। विनेषाम--- जा हटन अटम र नगरव कि करत ?

—না চলে, উঠে যাক। যাছেও। অত বড় পূব-পাড়ার মধ্যে একলা রাইচরণ আর তার হুটো ভাইপো টিম-টিম করছে। ওরাও যাবে শিগগির—ভিটেয় থেকে কি নোনা জল থেয়ে থাকবে? সেবার শীচিশ শ'টাকা গুণে দিয়ে আমাদের এস্টেটে পঁচিশ বিধা জমি মৌরশি নিয়েছিল মশায়, আঘাঢ় মাসে এসে বলে—নায়েব মশায়, খাওয়া জুটছে না—ছেলেপিলেগুলো শুকিয়ে ময়ছে, চোখের উপর আর দেখতে পারি নে। মনটা আমার বড্ড নরম, শুনে কষ্ট হল। বললাম—এক কাজ কর রাইচরণ, এই পঁচিশ বিধে বরং বাব্দের এস্টেটে ফের বেচে ফেল্—দশ টাকা হিসেবে বিধে, আড়াই শ' টাকা পাবি।

আশ্চর্য হইয়া কহিলাম—আড়াই হাজারে ফিনে আড়াই শ' টাকার বিক্রি—রাজি হল ?

নায়েব অর্থপূর্ণ হাসি হাসিয়া বলিল—না, হয় নি—উল্টে জাবার দল পাকাছে। কিন্তু তাই বা দেয় কে? জলে-ডোবা জমি দাম আছে কিছু ? ওদের এখন ধরপোড়া ছাই—যা পাবে তাই লাভ। তবু তো বুঝতে চায় না বেটারা।

- - किंड आभारतत्रहे वा वे जमि किरन कि रूरत ?

ঘনশ্রাম আমার অজ্ঞতায় অবাক হইয়া খনিকক্ষণ কথাই বলিভে পারিল না। শেষে বলিল—লাভ নয়—বলেন কি? এ-ই ভো চাই আমরা। সমস্ত চক এমনি করে আন্তে আন্তে খাস করে নেব। ভারপর গোটা বিলটা জেলেদের কাছে বিলি হবে। জলকরে ক্ষবিধে ক্ষত মশাই? প্রজা-বেটাদের নানান আবদায়—আজ বাঁধ ভাঙল, কাল নোনা লেগেছে—হেনো কর ভেনো কর। এখন কিছে হালামা নেই—বছর অস্তব জেলের কাছ থেকে করকরে টাকা একগলে শুলে নেও—তারা জাল ফেলুক—মাছ ধরুক—ব্যস! থানে স্থামাদের গরজটা কি ? টাকা হলেই হল।

চুপ করিয়া রহিলাম। বুঝিলাম, পুঁটিমারির বিল-ডুবি হওরাছ
জমিদারের লোকসান নাই। মরিতে মরিবে অভাগা প্রজারা।
সাভপুরুষের ভিটে ছাড়িয়া চোখের জল ফেলিতে ফেলিতে দেশান্তরে
চলিয়া ঘাইবে।

ঘনশ্রামের ক্বতিখের কাহিনী তথনো শেষ হয় নাই। বলিন্তে লাগিল—শুনি, ঐ রাইরচণ নাকি গোপনে দল পাকাচ্ছে। ওরা ভাবে, আমরা চেষ্টা করলে বিলের জলপথটা বড় করে দিতে পারি। আরে বাপু, পারি তো পারি—আমরা তা করতে বাব কেন? বা আছে তাতে আমাদের গরলাভটা কি? দল পাকানো হচ্ছে, কোন জেলেকে বিলের মধ্যে নামাতে দেব না—দালা-ক্যাসাদ বাধাবে। তা হলে নাকি আমাদের গরজ হবে।

বলিয়া হা-হা করিয়া আর এক দফা হাসিয়া লইল। বলে— ক্রমিদারীর কাজে চুল পাকিয়ে ফেললাম, দালা-হালামায় কি পিছপাও ? বোকেনা বেটারা—

আমি বলিলাম— না, কোন হালামা না বাধলেই ভাল।

ঘনশ্রাম কহিল—কিছু ভাববেন না, আপনি কেবল চুপ করে বসে বসে দেখুন না। এখনো জানে না, ঘনশ্রাম গাঙ্গুলি লোকটা কে। ঐ রাইচরণের গুটিস্থদ্ধ দেশছাড়া করব না ? টি কবে ক'দিন ? দেখুন গিয়ে, আপনার রজনী পাইক এখনো ঠিক ওর উঠোনে গিয়ে বসেঃ রয়েছে—

বলিয়া একট্থানি থামিল। আবার দম লইয়া বলিতে লাগিল-

खितिक दिने आवात वरण, आमता मानी चत्र—मान दिर्ध कथावाडी मा वलाल हलाद ना। ना यनि हरण—दिन दिन दिन अर्था । त्रांका नथ दिन वादक निवास कर्म शांद थरत दिन स्वास क्रिक्स वान् ? आमता उठा हो हो । शत्र पूर्व श्वाह कि मनाय, त्रक्रनी छत्र नाख्यात्र हहार वर्ष वर्ष दिन वर्ष हु पूर्व श्वाह कि मनाय, त्रक्रनी छत्र नाख्यात्र हहार वर्ष वर्ष वर्ष वर्ष हु वर्ष हु क्रिक्म हु निवास हु

দিন পাঁচ-সাত কাটিয়া গেল। ভালই কাটিল, নায়েব মশায়ের আবোজনের ক্রটি নাই। পুঁটিমারির বিল হইতে সকালে বিকালে বুড়ি ঝুড়ি টাটকা মাছ আসিতেছে, গঞ্জ হইতে দাদখানি চাউল। ছুধেরও অপ্রাচুর্ব নাই। ছুপুরে থাইতে বসিয়াছি, ঘনশ্রাম লোনা ও মিঠা জলের মাছের আত্মাদের তুলনা করিতেছে। হঠাৎ বিশ ত্রিশ জন লোক ভরকর চিৎকার করিতে করিতে কাছারিবাড়ির উঠানে দৌড়িয়া আসিল।

थ्न! थ्न! थ्न!

খাওয়া ঐ পর্যন্ত। দেখিলাম, বড় বিপদের মধ্যেও ঘনকাম বিচলিত হয় না।

🧦 — খুন কিরে 📍 কে কাকে খুন করণে ?

—রঞ্জনীকে। রাভার লাস পড়ে আছে—রাইচরণ আর তার ভাইপোরা সভৃকি মেরেছে। কাছারি নাকি লুঠ করতে আসছে।

খন খান তাভিল্যের সহিত কহিল—আস্কলে। বেটাদের বড় বাড় হয়েছে—আছা! আমাকে উদ্দেশ করিয়া কহিল—কিছু ভাববেন না, বিছানা পাতা আছে—বিশ্রাম করুন গিয়ে। আমি লাসটা নিয়ে আসি। দেখি, কদুর কি গড়াল।

জন কয়েক ধরাধরি করিয়া রজনীকে লইয়া আসিল। চক্ষু
মুক্তি। তাজা রক্তে কাপড়-চোপড় ও সর্বান্ধ ভাসিয়া গিয়াছে—
এক এক জায়গায় রক্ত চাপ বাঁধিয়া লাগিয়া রহিয়াছে। হাঁটুর নিচে
হইতে তথনও রক্ত গড়াইয়া গড়াইয়া কাছারিবরের দাওয়ার উপর
পড়িতে লাগিল। ঘনস্থাম খানিকটা পিছনে, ক'জনের নিকট হইতে
প্রায়প্তা থবর লইতে লইতে আসিতেছে। এমন দৃষ্ঠ আর দেখি
নাই। আপাদমন্তক হিম হইয়া গেল, মনে হইল মাথা ঘুরিয়া
পড়িয়া যাইব।

হঠাৎ দেখিলাম, লাসটি কথা কহিতে কহিতে দিব্য উঠিলা বসিল। মাক—মরে নাই ভাষা হইলে!

খনভাম কহিল—তবু ভালো যে মরিদ নি, তা হলে সাক্ষি পাওয়া মুশকিল হত্ত—

রজনী হাত দিয়া ক্ষত-মুখ চাপিয়া ধরিয়া কহিল—ওরা তাক করতে পারে নি। পারে সড়কি মারলে কখনো সাবাড় হয় ? দিতে পারত আর খানিক উচুতে তলপেটে বসিয়ে! আমি নিজেই হয়তো খুঁড়িয়ে খুঁড়িয়ে একরকম চলে আসতে পারতাম নায়েব মশায়, কিন্তু চোখ বুঁজে পড়ে রইলাম। লোকের হৈ-চৈ শুনে কেমন ভয় ধরে গেল।

নানা রকম গাছ-গাছড়া শিলে বাটিয়া কতমুৰে লাগাইয়া দেওয়া

হইল। এমনি ঘণ্টাথানেক চলিল। রক্ত বন্ধ হইল। রজনীর ভাব দেখিয়া বুঝিলাম, এত কম আঘাতে উহারা কাবু হয় না। আর এ রকম ব্যাপার উহার জীবনে অনেকবারই ঘটিয়াছে।

অতঃপর ঘনস্ঠামের মোকর্দমা সাজাইবার পালা। জিজ্ঞাসা করিল —ঘটনাটা কি রে ?

রজনী কহিল—এমন কিছু নয়। আপনার হুকুমমতো গিয়ে বললাম,—আজ ধদি কাছারি না যাস রাইচরণ, কান ধরে বোড়দৌড় করিয়ে নিয়ে বাবার হুকুম। রাইচরণ বলল, তুমি একটু দাঁড়াও, কাপড়খানা হেড়ে হুটো টাকা গাঁটে নিয়ে আসি—কাছারিতে ছোট বাকু এসেছেন, শুধু হাতে যাওয়া যায় না—তাঁর নজরানা। আমি গাছ-শুনায় দাঁড়িয়ে তামাক খাছি, হুঠাৎ পেছন থেকে সড়কি বিশিয়ে দিল—

সমন্ত বিকাল ধরিয়া কতলোক যে আসাযাওয়া করিতে লাগিল, তাহার ইয়ন্তা নাই। আমি নির্লিপ্টের মতো একদিকে চুপ করিয়া বসিয়া রহিলাম। বনস্থাম পরামর্শ আঁটিতে লাগিল, সাক্ষি সাজাইতে লাগিল, আবার জেরা করিয়া তাহাদের তুল ধরাইয়া দিতে লাগিল। মুথের প্রসন্ধতা দেখিয়া সলেহ রহিল না, রাইচরণকে লইয়া অনতি-বিলম্বে ভয়ন্কর কাঞ্চ শুরু হইবে। সন্ধ্যার আগে ঘনস্থাম কহিল—এইবার ব্রহ্মান্ত তৈরি হয়ে গেল, আমি থানায় চললাম। খবর পাচ্ছি,—বেটারা ভয়ানক ক্ষেপে গিরেছে, রাত্রিবেলা কাছারি এসে থানিক হৈ-চৈক্রতে পারে। আপনি একটু সাবধান হয়ে থাকবেন মশার, রাগটা মনিব-চাকর সকলের উপর গিয়ে পড়ছে কিনা! ভাইলেও ভয়ের কিছু নেই, করতে পারবে না কিছু।

পাহারার জন্ম ঘন্তাম গোপন ব্যবস্থা যদি কিছু ক্রিয়া গিয়া থাকে-

তাহা বলিতে পারি না, কিন্তু প্রকাশত ফরাসের উপর বসিয়া রহিলাম কেবল মাত্র আমি এবং নিচে থোঁডো পা লইরা রজনী পাইক। সন্ধ্যার পরেই কেবল কাছারিবাভিতে নয়, সমস্ত গ্রামের মধ্যে মাহুষের সাড়া একদম বন্ধ হইয়া গেল। তুপুরে তাজা নররজের যে প্রবাহ দেখিয়াছি অন্ধকারের মধ্যে যেন তাহার বিভীষিকা দেখিতে লাগিলাম। ঘরের সামনেই আম-কাঁঠালের ঘন বাগান। এক একবার মনে হইতে লাগিল, म् कि-वल्लम वहेबा काहाता (यन शा छि। शबा छि शिवा छेहात मधा हहे एक বাহির হইয়া নি:শব্দে আমার খরের কানাচের দিকে আসিতেছে। হেরিকেনটা সত্যসত্যই একবার উচু করিয়া দেখিয়া লইলাম। ত্রয়ার থোলা, রজনী নিকটেই বসিয়াছিল। তুয়ারটা ভেজাইয়া দিতে বলিলাম। तबनी त्थांछ। शास छेठिया मांछाहेया थिल खाँछिया किल. कांत्रन किछाना করিল না। বোঝা গেল, ভয় কেবল আমার একার নহে। মেঘ জমিয়া চারিদিক এত আঁধার করিয়াছে যে এরপ ভাব আমার জন্ম দেখি নাই। এই অধ্নকার রাত্রিতে বিজ্ঞোহী রাইচরণের দল নিশ্চয় চুপ করিয়া বসিয়া নাই, এমনি আশকায় গা ছমছম করিতে লাগিল। ঘন্তাম সেই যে थानाय शियाद्य, এथाना एकत्र नारे। त्रामायत्त्र ज्यात्मा निवातना। त्व लाकिंग जाना कदिया शास्क स्म এই दूर्शार्ग स्युष्ठ श्वारम नाहे, कि:वा আসিয়া থাকে ত ইতিমধ্যে কোন গতিকে কাজ সারিয়া থিল আঁটিয়া नियारह। दक्ती जामाक माजिया व्यापन मत्न होनिए नाशिन। बा हाक किছ कथावार्छ। कहिवांत्र क्छ विनाम-७ तकनी, बारेहद्रत्वत পশ্চিম ঘরের কানাচে যে রাস্তা-কাওটা ঘটল বুঝি সেইখানে ?

রজনী উত্তর করিল না, যেন গুনিতেই পাইল না।
আবার জিজ্ঞাসা করিলাম—রাইচরণ কি বলছিল? কাছারিতে
ছোট বাবু এসেছেন, তাঁর নজরানা নিয়ে যাছি—এই না?

রজনী মুথ ফিরাইয়া বাহিরের দিকে ইসারা করিয়া চুপি চুপি কহিল

—ওসব কথা থাকগে এখন বাবু, রাতবিরেতে দরকার কি? কে
কোথায় ওৎ পেতে বদে আছে, তার ঠিক নেই—

कथा अनिया नर्रापट काँगा पिया छेठिन। हेश मुख्य वर्षे। आमि বেখানে বসিয়া আছি তাহার পাশে একটি চাঁচের বেড়ার ব্যবধানে হাত ছয়েকের মধ্যে হয়ত সেই খুনে লোকেরা ঢাল-সড়কি লইয়া দল বাঁধিয়া নজরানা দিতে বসিয়া আছে। দশ বছর পরে পাডাগাঁয়ে পা দিয়াছি, দশ বছর আগেকার যে-সব দিনের অস্পষ্ট স্মৃতি এখনো মনের মধ্যে আছে, সে সময়ে মাতুষ এমন করিয়া মাতুষের রক্তপাত করিত না। তথন দেখিতে পাইতাম, ক্ষেত চ্যিবার ও গোলা বাঁধিবার ভীষণ প্রতিযোগিতা। পেটে খাইতে যে পয়সা খরচ হয় এ বোধ কাহারও ছিল না। আমাদের বাডিতেইদেথিয়াছি—উচ্চনে সমস্ত দিন অনির্বাণ রাবণের চিতা জ্লিতেছে। সেজ জেঠাকে কালোয়াতি রোগে ধরিয়াছিল, পাথোয়াজ ঘাড়ে করিয়া কোশ তুই দূরে মাদারডাঙার চলিয়া যাইতেন। রাত্রি **তুপুর হইয়া** ষাইত। কোন দিন মোটে ফািরতেন না, আবার কোন কোন দিন একেবারে জন পাঁচ-সাভ সন্ধী লইয়া হানা দিতেন। তথন হয়ত ঠাকুরমা, ন-পিসি, জেঠাইমা-রা সকলে শুইয়া পড়িয়াছেন। আবার উঠিয়া ভাত চাপাইতে হইত, মুখে একট বিরক্তভাব কথনও দেখি নাই ৷ বাডিতে লোক আসিয়াছে, রাধিয়া বাডিয়া খাওয়ানো—ইহা ত মন্ত জানন্দের কথা। এখনকার ব্লীতিনীতি দেখিয়া অনেক সময় সন্দেহ হয়, হয়ত উহা কবে একদিন ছেলেবেশার স্বপ্ন দেশিয়াছিলাম— উহার কোন সত্য অন্তিত্ব নাই। পরক্ষণে আবার তাকাইয়া তাকাইয়া দেখি, কান্তরামের বড়ছেলের কুঁড়েবরের পাশটিতে জল্প-ভারা সারি সারি পাঁচটি গোলার ভিটা নিবস্ত পঞ্চপ্রনীপের মতো

এখনো পড়িয়া আছে। তথন মনে হয়—না, মিথ্যা নয়—স্থপ্প নয়—উই। সত্য, সত্য ।

বেড়ার ফাঁকে নজর পড়িল, রান্তার উপর একটি আলো।

- (क ? ७ (क ? क्शा तन ना (कन ?

কেবলই প্রশ্ন করিতেছি, কিন্তু উত্তর দিতে বেটুকু অবকাশের প্রয়োজন তাহা দিতেছি না। রজনীও উঠিয়া দাঁড়াইয়া আমার সহিত সমস্বরে প্রশ্ন শুরু করিল। আলো নিরুত্তরে আসিয়া কাছারির দাওয়ায় উঠিল; তারপর বলিল—রজনী চয়ার ধোল।

घनकारमत्र कर्श्यत । योक-त्रका भारेमाम ।

সক্ষে আর কাহারা আসিতেছিল। তাহাদের উদ্দেশে ঘনশ্রাম বলিল—তোরা বাপু বাড়ি যা—আর দরকার নেই। তারপর গলা নামাইয়া মৃত্ হাসিয়া বলিল—অত চেঁচামেচি করছিলেন কেন? রাহাঞ্জানি করতে আসে কি হেরিকেন জেলে সন্ধাবেলায়?

তা বটে। ভাবে বোঝা গেল—বেশ জোর পায়েই ঘনভাম চলিয়া আসিয়াছে। কিছুক্ষণ চুপ করিয়া জিরাইয়া লইল, তারপর রজনীর দিকে চাহিয়া কহিল—তুই বেটা এরি মধ্যে খাড়া হয়ে দাঁড়িয়েছিস যে! মোকর্দমার অস্ক্রিধে হবে। হাসপাতালে শুয়ে থাকতে হবে নিদেনপক্ষে তিনটি মাস। সেই রকম এজাহার লিখিয়ে দিয়ে এলাম। বলিয়া হঠাৎ যেন কি মনে পড়িয়া গেল—রজনী, একটু বাইরের দিকে গিয়ে বোস—

হুকুম ত হইয়া গেল, কিন্তু আজিকার রাত্রে বাহিরে গিয়া বসা বে-সে কর্ম নয়। একবার সড়কির তাক কন্ধাইয়া পায়ে আসিয়া বিধিয়াছে, বারাস্তরে উহারা ভূল সংশোধন করিয়া লইবে না তাহার নিশ্চয়তা কি ? অথচ মুশকিল এই, এতবড় কাছারির পাইকের পক্ষে ভয়ের কথাটা মুশ স্থাটীয়া বলা চলে না। বজনী যেমন বসিয়াছিল, তেমনি রহিল।

ঘনশ্রাম হুস্কার দিয়া বলিল—বেটা শুনতে পাস নে ? বলছি, একটা গোপন কথা আছে—

নিতান্ত মরীয়া হইয়া রজনী ভানহাতে লইল একথানা লাঠি, ভারপর অতি সন্তর্পণে এদিক-ওদিক ভাকাইয়া দাওয়ার কোণে গিয়া বসিল।

ঘনশ্রাম ফিসফিস কারয়া কহিল—এই ইয়ে—টাকাকড়ি যা আছে একটা থলিতে ভরে কোমরে বেঁধে ফেলুন, গতিক বড় স্থবিধের নম্ন বুঝলেন? কাগজ-পত্তোর যা কিছু গোলমাল দেখে অনেকদিন আগেই সরিয়ে ফেলেছি।

তারপর খাঁ করিয়া তাহার গলা একেবারে সপ্তমে চড়িল।

—থানায় গিয়ে দেখি ভোঁ-ভোঁ—ছোট দারোগা বড় দারোগা
ছ-জনেরই পাতা নেই সকাল থেকে। শেষকালে এলেন অবস্থি।
কাজ বাগিয়ে নিয়ে চলে এলাম। তাইতে দেরি হয়ে গেল। টুনেঘরা
ডাকাতির কেসে গিয়েছিলেন। বিল-ভূবি হয়ে বেটারা যেন সিংহীর
পাঁচ-পা দেখেছে—কেবল খুনজধম চুরি-ডাকাতি। টের পাবে, টের পাবে

—'পিপীলিকার পাথা উঠে মরিবার তরে—'

কবিতার এক চরণ আর্ছি করিয়াই চুপ করিল। একটু পরে নিশাস ফেলিয়া আমি কহিলাম—রাত অনেক হয়েছে, থেয়ে দেয়ে এবার শোবার ব্যবস্থা হোক—যুম পাচ্ছে—

ঘনশ্রাম তৎক্ষণাৎ ব্যন্ত হইয়া উঠিল—ঠিক কথা, সকাল থেকে আবার থাটুনি শুরু। একসঙ্গে একেবারে বিশ্বানা ওয়ারেল্ট বের করে এসেছি। রাত না পোহাতেই বন্দুক-টন্দুক নিয়ে পুলিস আসবে। তথন এক এক বাড়ি ঘেরাও কর, আর সেন্থে-মর্দ ধরে ধরে চালান দেও। সড়কি-মারা বের করে দিছি। ঘুঘু দেখেছেন, ফাঁদ দেখেন নি। চোথ টিপিয়া ইসরায় আমাকে বলিল—আশে পাশে যদি কেউ থাকে ত শুনে যাক—ভয়ে হাত-পা পেটের ভিতর সেঁদিয়ে যাবে।

রজনী আসিয়া ঘবে চ্কিল, তাহার মুথ পাংশু। অন্ধকারের দিকে আঙূল বাডাইয়া বলিল—নায়েব মশায়, মানুষ—আশশুভেড়ার বন ভেঙে মডমড করে চলে গেল।

আমি কহিলাম—শেয়াল-টেয়াল হবে, তোমার ভয় লেগেছে রজনী. তাই ঐ রকন ভাবছ। তুমি ব্যের মধ্যে এসে বসো—

ঘনশ্রাম মৃত্ত্বরে বলিল—যাই হোক, এখন আর রায়াবরে গিয়ে কাজ নেই—ঘরের বেড়াটা তেমন স্থবিধের নয়। এক রাত না থেলে কেউ মরে যায় না মশায়। গেল বছর কি হল—সাতবেড়ে কাছারিতে ম্যানেজার কালীচরণ শিক্দার এলেন তদারক করতে। ভদ্রলোক কেবল মাছের ঝোলের বাটি টেনে নিয়ে বসেছেন—গুডুম করে এক গুলি। দিন তুপুরে এত বড় কাগু—অথচ খুনের মোটে আস্থারাই হল না। সমস্ত প্রজা একজোট কিনা!

শুনিয়া আর কুধা রহিল না। বলা ত যায় না, রান্নাঘরে যদি রাইচরণ নজরানা লইয়া দেখা করিতে আদে! এদিকে কোণাও কিছু নয়, লোকজন কাহাকেও দেখিতেছি না, ঘনশ্রাম আরম্ভ করিল বিষম টেচামেচি—

—ওরে বেটা উজবুক, হাঁ করে রইলি বে! সমস্ত রাত এইরকম কাটবে নাকি? তুই না পারিস আর কাউকে বল। ফরাসের উপর ছটো তোষক পেতে দিক। আলনার পরে চাদর আছে, বাবুর বিছানার পেতে দে—আমার লাগবে না। আর ছটো কাঁথা দিস, রাজিরে বৃষ্টি হলে শীত লাগতে পারে—

বলিয়া কিন্তু কাহারও অপেকা না করিয়া ঘনস্থাম নিজেট চটপট

সমস্ত পাতিয়া লইল। তুইজনে শুইয়া পড়িলাম। পরক্ষণেই আবার উঠিয়া আলো নিভাইয়া দিল।

বলিলাম—আলো জালা থাকলেই ভাল হত।

ঘন্তাম কহিল—না, মিছে তেল পুড়িয়ে লাভ কি! বলিয়া পাশ ফিবিয়া শুইল।

ইনার পর বোধকরি ঘন্টা দেড়েক কাটিয়া থাকিবে। ঠাণ্ডা হাওয়ায় যুম বেশ জমিয়া আসিয়াছিল। হঠাৎ গলার উপর মাহুষের হাতের শীতল স্পর্শ। একমূহুর্তে ঘুমের মধ্যেও সারাদিনের আতক্ষ মাথা থাড়া করিয়া উঠিল। রাইচরণের দল ঘরের মধ্যে চুকিয়া গলা কাটিতে আসে নাই ত ? চিৎকার করিতে ঘাইতেছিলাম, এমন সময় ঘনশ্যাম আমার মুধের উপর হাত চাপিয়া চুপি-চুপি কহিল—আমি—আমি—ভর পাবেন না। উঠুন ত।

উঠিয়া বসিলাম। অন্ধকারে তাহার চোথ ছটো যেন অলিতেছে, হাতে লঘা সড়কি। বলিল—এখানে শোয়া হবে না। বেটারা হত্তে-কুকুরের মতো ক্ষেপে গেছে, রাত্রে কি করে বসে তার ঠিক নেই। চনুন—

আবার চলিতে হইবে—বলে কি! ঘুম উড়িয়া গেল। ভগবান, কাগার মুথ দেখিয়া যে এই জংলি গাড়াগাঁরে মরিতে আসিয়াছিলাম! এই ঘনান্ধকার বর্ধারাত্রে না জানি কোথায় যাইতে হইবে।

খনখ্রাম বলিতে লাগিল—উঠুন, অপ্লবিধে কিচ্ছু নেই—বেশ ভাল জারগা দেখা আছে। এ গ্রামে কাউকে বিখাস করিনে, পেটে কিখে তো সকলের! কিখের চোটে ছ্-চারটে ছিটকে এসেছে আমাদের দলে, থবরাথবর দেয়, দল ভাঙাভাঙি করে। কিন্তু কোন্ বেটার মনে কি আছে কে জানে ?

-- বাচ্ছি কোথায় তা হলে ?

বাঁকাৰড়শি নালাম্বর বিশ্বাদের বাড়ি। আবার ঘোর থাকতে ফিরে এসে শোব—কাক-পক্ষীতে টেব পাবে না।

বাঁকাবড়শি গ্রাম আমার চেনা, অনেক বৈঁচির জঙ্গল আছে। ছোট-বেলায় বৈঁচি-ফল খাইতে খাইতে একদিন তত্ত্ব অবধি চলিয়া গিয়াছিলাম) বলিলাম—সে তো অনেক দূর—

ঘনশ্রাম বলিল—কোথায় দূর! মোটে আধ ক্রোশ পথ। থাল পার হতে হবে—তা মজবুত সাঁকো বাঁধা আছে—অস্থবিধে কিছু নেই—

না থাকিলেই ভাল। আর সে বিবেচনা করিবার অবসরই বা দিল কোথায়? জুত। পায়ে দিতেও ঘনখামের আপত্তি, বলিল—উছ, শব্দ হবে। কে কোথায় ওৎ পেতে বসে আছে—কাজ কি! দাঁড়ান—

বলিয়া একটা পাশের বালিশ আমার শিয়রের বালিশের উপর শোয়াইল, স্বত্বে তাহার উপর কাঁথা চাপা দিল। অন্ধকারে দেখিতে পাইতেছিলাম না, কিন্তু বিছানার ঠিক পাশে বাদ্যাছিলাম বলিয়া সমস্ত টের পাইলাম। জিজ্ঞাসা করিলাম—এ আবার কি ঘনশ্রাম ?

ঘনশ্রাম কানের কাছে মুখ আনিয়া কহিল—এ মতলব থানা থেকে আদবার পথেই ভেবে রেখেছি। ঐ যে হৈ-চৈ করে আপনার জন্ত বিছানা করতে বললাম, সব তার মানে আছে, মশায়। আশেপাশে চর-টর যারা আছে, শুনে গিয়ে থবর দিক। কাঁথা-চাপা পাশবালিশ রুইল, রাত্রে ঘরে চুকে আপনি শুয়ে আছেন মনে করে কোন বেটা যদি কোপ-টোপ ঝাড়ে, কি বেকুব হবে বলুন ত! কালকে এসে হয়ত দেখব, বালিশটা চুইখণ্ড হয়ে আছে।

খর শুনিয়া বৃঝিতে পারিলাম শক্তর সম্ভাবিত বেকুবিতে ঘনভাম ভা₁র খুশি হইয়াছে।

নি:শব্দে সে দরজা খুলিল, আমি পিছনে পিছনে চোরের মতো বাহির

হইয়া আসিয়া দরজায় শিকল লাগাইলাম। টিপ-টিপ করিয়া বৃষ্টি পডিতে শুরু হইয়াছে। কোথাও হাঁটু অবধি কালা, জায়গায় জায়গায় জল বাধিয়া রহিয়াছে, জল ছিটকাইয়া একেবারে মাথা অবধি উঠিতেছে। দে যে कि इः स्थत याजा. मत्न कतित्व এथन उकामा भाष । थानि भा, कक्षकात्त ছাতা থুঁজিয়া পাই নাই। তার উপর খনশ্যাম ফাঁকা রাম্ভা দিয়া চলিতে দিবে না, তাতে আততায়ীর নজরে পড়িবার সম্ভাবনা। বনজঙ্গল ভাঙিয়া অতি সম্ভর্পণে চলিতে লাগিলাম। রক্ষার মধ্যে অন্ধকারে ক্রমে ক্রমে দৃষ্টি খুলিয়া গিয়া ঘনখামের অস্পষ্ট মূর্তি দেখিতে পাইতেছিলাম! কোণা দিয়া কোনথানে যাইতেছি তাহার কিছুই আন্দান্ত ছিল না, কোন গতিকে উহার পিছন ধরিয়া চলিয়াছিলাম। এক একবার সে স্থির হইয়া দাঁড়ার, চারিদিকে তীক্ষ দৃষ্টিতে দেখিরা লয়, আমি সভয়ে জিজ্ঞাসা করি—কি ? কোন কিছু দেখতে পাচ্ছ নাকি? ঘনখাম জবাব দেয়—না, চলুন। আবার অগ্রসর হইতে থাকে। হঠাৎ একবার পিছনে আমার দিকে চাহিয়া বলিল-সর্বনাশ, তথু হাতে আসছেন নাকি? শিগগির একটা জিওলের ডাল ভেঙে নিন—শিগ্রির—

ক্রমে থালের ধারে পৌছিলাম। মেঘ ও অন্ধর্ণর আবার এত ক্রমিয়া আসিল যে ঘনশ্রামকেও আর দেখা যায় না। অতঃপর চোথ দিয়া দেখিয়া নয়—পা দিয়া স্পর্শ করিয়া ব্ঝিলাম, বাঁলের সাঁকোর উপর উঠিয়াছি। একথানি মাত্র বাঁশ। পা টিপিয়া টিপিয়া তাহার উপর দিয়া যাইতেছি, হাতে ধরিবার জন্ম আর একথানি বাঁশ উপরে বাঁধা আছে। ছইটা মান্ত্রের ভারে বাঁশ মচ-মচ করিতে লাগিল, ব্ঝি বা সবভাদ ভাঙিয়া চ্রিয়া নিশীথরাত্রে থালের জলে গিয়া পড়িতে হয়।

খনস্থাম উপরে গিয়া নিখাগ ফেলিল। বলিল-বাক, নিক্তিন্ত।

· খাল পার হয়ে কোন শর্মা আর এদিকে আসছেন না। এই খাল হল আমাদের এলাকার সীমানা—

আবার বলিল—এখনো পার হতে পারলেন না ? তা আহ্নন—
আত্তে আত্তেই আহ্নন মশায়। খুব সাবধান হয়ে ধরে ধরে আসবেন,
—বৃষ্টির জলে বাঁশ পিছল হয়ে গেছে। সেদিন একটা লোকের এইখান
থেকে পড়ে যা হুর্নতি—ভাসতে ভাসতে আর একটু হলে বেড়জালের মধ্যে
চুকে গেছল আর কি—

থাল পার হইয়াও পথ কুরাইল না। কত পথ চলিলাম জানি না, শেষে বাঁশের বেড়া ডিঙাইয়া এক গৃহত্বের বাহিরের উঠানে আসিয়া দাড়াইলাম। ঘনস্থাম বলিল, নীলাম্বর বিশাসের বাড়ি।

ভবু ভাল। ভাবিরাছিলাম, তাহার ঐ আধ ক্রোশ পথ চলিতে বুঝি সমন্ত রাত্রিতেও কুলাইবে না।

খনকাম বাহিরের আলগা বড় খরখানির মধ্যে চ্কিয়া পড়িল। কিছ পা দিয়াই চক্ষের নিমেষে নামিরা পড়িল। যেন সাপ দেখিয়াছে। এদিকে কাদার রৃষ্টিতে সমস্ত কাপড়-চোপড় মাধামাথি, যাথা দিরা কল গড়াইয়া পড়িডেছে, একটুথানি আশ্রয় পাইলে বাঁচিয়া ঘাই। আবার নামিরা আসিতেছে দেখিয়া বিরক্তি ধরিল। সারারাত এমনি করিয়া খুরাইয়া বেড়াইবে নাকি? এমন দফ্টিয়া মরার চেরে সড়কির আযাতে প্রাণ দেওয়া যে চের ভাল ছিল।

किकांगा कतिगांग-कि इन ?

জবাব দিল—এথানে হবে না। এ ঘরে কেউ শোয় না বলে জানভাম: আজকে দেখছি এক পাল মাত্রয—

মামি কহিলাম—হোক গে। মাহুব গুয়েছে – বাৰ ত নয়। ভূমি

ওদের ডেকে বল। ত্ৰজনে একটা রাত মাথা ছাঁজে পড়ে থাকব—তা দেবে না? যেথানে হয় ছয়ে পড়ি—

ঘনশ্রাম মাথা নাড়িয়া কহিল—তা হয় না। ডেকে তুলব িং, হঠাৎ বদি কেউ জেগে উঠে আমাদের দেখে ফেলে তা হলে সর্বনাশ, তা বুঝছেন না? কাল বদি এ অবস্থা জানাজানি হয়ে যায়, এ অঞ্চলে কোন বেটা আর মানবে? চলুন আর এক বাড়ি যাই। এবারে ফিরব না, এবারে নির্ঘাৎ—

হায় ভগবান !

বনশ্রাম বলিল—দূর নয়, কাছেই। আধ জোশও হবে না—উঠুন।
ফের আধ কোশ! আধ জোশের কথা শুনিয়া শুনিয়া যে আর
গারি না। আমি ছাঁচতলায় বসিয়া পড়িয়াছিলাম, মরীয়া হইয়া বলিলাম
—নায়েব মশায়, আর এক পা-ও যাচ্ছিনে। যা থাকে কপালে, এখানে
হয়ে বাক। কোথাও না জোটে এই উঠোনেই শুয়ে পড়ব। কার মুধ
দেখে যে কালী থেকে বেরিয়েছিলাম!

ঘনশ্রাম চিস্তিত হইল। কৃহিল, ভারি মুশকিলে ফেললেন। কি করা যায়, তাই ত অঞ্চা দেখি। বলিতে বলিতে অন্ধকারে অদৃশ্র হইয়া গেল। একটু পরেই ফিবিয়া আসিয়া কৃহিল—আসুন, হয়েছে—

জিজাদা করিলাম—কতদ্র ?

—এই বাড়িতেই—নিতান্ত মন্দ হবে না।

চুকিতে হইল গোয়ালবরে। গোরু এবং বাছুরে ঠাসাঠাসি, তিল কেলিলেও বোধ হয় স্থানাভাবে গোরু-বাছুরের গায়ের উপর রহিয়া ঘাইবে। এবং গোবর ও গোমূত্র সহযোগে মেজের উপর এমন গভীর স্থপবিত্র কর্দমের স্থাই হইয়াছে যে তাহার মধ্যে কোথায় যে শুইতে হইবে ভাবিয়াই পাইলাম না। কিন্ত শুইবার জারগা ঠিক হইয়াছে নিচে নয়—উর্বলোকে।
আড়ার উপর বর্ষার জন্ত সঞ্চিত শুকনা বাঁশের চেলাকাঠ সাজানো,
ঘনশ্রাম অবলীলাক্রমে খুঁটি বাহিয়া তাহার উপরে উঠিল। আমাকে
কহিল—হাত ধরব নাকি ?

হাত আর ধরিতে হইল না। অর্গারোহণ করিলাম। দেখি, সেথানেও স্থানের অতি উত্তম ব্যবস্থা। মশা ভন-ভন করিতেছে, পিছনের ডোবা হইতে কোলাবেঙের একটানা আওয়াজ, ফুটা চাল হইতে ছ-এক ফোটা বৃষ্টিও যে গায়ে আসিয়া না লাগিতেছে এমন নয়। মাঝে মাঝে আশকা হয়, যদি ইহার একথানা বাঁশের চেলা এদিক-ওদিক সরিয়া যায় তাহা হইলে এই জীবনে একটা রাত্রি অন্তত মহাদেব হইয়া গোপৃষ্ঠে চড়িয়া দেখা যাইবে।

ঠাণ্ডা বাতাদ, সমস্তটা দিন মনের উপর তৃশ্চিষ্টা চাপিয়া ছিল, এতক্ষণে একটু চোথ বৃজিলাম। ঘুমাইয়া পড়িতে দেরি হইল না। পরক্ষণে বাঁশ মচ-মদ করিয়া উঠিল। গ্রহের দৃষ্টি বৃঝি কাটে নাই, ভাঙিয়া পড়ে নাকি? তাড়াতাড়ি চোথ মেলিয়া দেখি—তাহা নয়, ঘনশ্রাম নামিয়া বাইতেছে।

কহিল—শুয়ে থাকুন, একুনি ঘুরে আসছি।

জিজাসা করিলাম—আবার কোথায় ?

—কাছারিবাড়ি। বড্ড একটা ভূল হয়ে গেছে। যাব আর আসব। আপনি অছনে গুয়ে থাকুন—

খুম এমন আঁটিয়া আসিয়াছিল যে আর বিক্তিক করিলাম না। তারপর আর কিছুই জানি না। জাগিয়া উঠিলাম বখন খনশ্রাম হাত ধরিয়া টানাটানি করিয়া ডাকিতেছে—উঠুন, শিগগির উঠুন, ভোর হয়ে এল। কেউ না উঠতে কাছারির বিছানায় গিরে ভালমাছবের মতো শুতে হবে—

বাহিরে আদিয়া দেখি, আকাশ পরিষার—মেঘ কাটিয়া গিয়াছে।
কৃষ্ণপক্ষের শেষাশেষি কি-একটা তিথি। বিগতপ্রায় রাত্রির আকাশে
পাপুর ক্ষাণ চাঁদ উঠিয়াছে। সাঁকোর উপর উঠিয়া ভান হাত দিয়া বাঁশ
ধরিতে ঘাইতেছি, হাতের দিকে নজর পড়িতে।চমকিয়া উঠিলাম—একি,
রক্ত কোথা হইতে আদিল? তুপুর হইতে রক্তের বিভীষিকা দেখিতেছি,
রাত্রির শেষ প্রহরে মুক্ত বিলের সীমানায় আমার সর্বান্ধ রক্তের আতক্ষে
ধর-থর করিয়া কাঁপিয়া উঠিল। ঘনশ্রাম পিছনে ছিল, ফিরিয়া দাঁড়াইয়া
জিজ্ঞাসা করিলাম—ঘনশ্রাম, দেখ, দেখ—আমার হাতে রক্ত এল
কোখেকে?

চাহিয়া দেখি, ঘনখ্ঠামের মুখ ওকাইয়া গিয়াছে। ুজবাব কি দিবে, তাহারই কাপড়-চোপড়ে যেখানে সেখানে গাঢ় রক্তের মাধামাথি। কি-একটা অফুট ভাবে বদিয়া তাহাই সে একনজরে দেখিতেছিল।

সাঁকো হইতে নামিয়া আসিলাম। কঠোর স্বরে জিজ্ঞাসা করিলাম— এ কি ? কি করেছ ? আমায় সত্যি কথা বল—

ঘনস্থামের কথা নাই।

তাহার তুই কাঁধ ধরিয়া প্রচও নাড়া দিয়া কহিল।ম—শুনতে পাচ্ছ? ক্লান্তিরে বেরিয়েছিলে—কার সর্বনাশ করে এলে ?

জিভ দিয়া ওঠ ভিজাইয়া লইয়া কোন গতিকে সে কহিল—ও

— এমনি-এমনি আকাশ ফুঁড়ে রক্ত এল ? আজ পাঁচ-ছ দিন ধরে তোমার কাণ্ড দেখছি। মালিক আনরা, ম্নাফা আমাদের—কথা বলতে পারিনে। কিন্তু এর কি সীমানেই ? কাল প্লিশ এলে আমি নিজে সাকি দিয়ে তোমায় খুনী বলে ধরিয়ে দেব।

विनिष्ठ विनिष्ठ मत्न रहेन वृति वा काँ निया किनाम।

ঘনখ্ঠাম এমনি করিয়া তাকাইল, যেন আমার কথা বুরিতে পারিতেছে না। কহিল-বাবু, ঠাণ্ডা হন-পুন হল কোথায় যে অমন করছেন?

রাজিরে উঠে কোথায় বেরিয়েছিলে ? বলো—বলতে হবে—

এবার ঘনশ্রাম বিরক্ত হইল। কহিল—বলেছি ত—কাছারিবাড়িতে। এক-শ বার এক কথা। বলে, যার জলে চুরি করি—যাকগে, কর্তা নিজে যদি আসতেন আমার কদর হত। একটা ভূল হয়ে গিয়েছিল, তাই গিয়েছিলাম। ভূল-চুক কার না হয় মশায় ?

বালয়া থালের কিনারায় হাত ও কাপড়ের রক্ত ধুইতে বসিয়া গেল। বলিল—আপনার হাতটা ধুয়ে ফেলুন, চিহ্ন রাথতে নেই। হাত ধরে আপনাকে ডেকে ভূলবার সময় একটুথানি লেগে গেছে। যে ঘুরঘুটি অন্ধন্যর—আগে টের পাই নি, এত রক্ত লেগেছে।

আমি কিন্তু অমন শাস্ত হইয়া বসিয়া হাত ধুইতে পারিলাম না। বলিলাম—ঘনশ্রাম, কথাটা ভাঙছ না কেন? কি করে এলে—বলো শিগনির।

ঘনশ্যাম কহিল — ভূল করে ফেলেছিলাম। থানায় এজাহার দিলাম, পাইকের পায়ে সভূকি মেরেছে। দারাগো জিজ্ঞাসা করল—কোন পায়ে? বললাম—বাঁ-পায়ে। শুয়ে শুয়ে মনে হল, বাঁ-পায়ে তো নয়— ভান-পায়ে। ভাগ্যিস কথাটা মনে উঠল!

কহিলাম—ডান-পায়েই ত। রঙ্গনীর প্রাণটা যাচ্ছিল আর একটু হলে, চোথ মেলে ওর দিকে কি চেয়েও দেখনি একটা বার ?

ঘনশ্যাম বলিল-নেথেছিলাম বৈকি। সবই ঠিকঠাক লিখিয়ে দিয়েছি-কেবল ঐ একটা ভূল। ভূল আর কার না হয় বলুন-তবে বড় মারাত্মক ভূল। সকালে দারোগা আসবে তদত্তে-মানলা কেঁসে

যাওয়ার জোগাড়। তাই রাভ থাকতে থাকতে একবার নিজের চোখে দেখতে গেলাম।

कश्मिम-(प्रत्य चात्र कि इन, शामिमान या इतात (म ज इराइइरें।

— আছে গোলমাল হবে ত এ অধীন আছে কি করতে? ভাবনা নেই, সব ঠিক করে দিয়ে এসেছি। রজনীর বাড়ি আপনি দেখেন নি। চার পোতায় মাত্র একথানা হর, সে ঘরের আবার সামনে বেড়া নেই। স্থবিধে হল। গিয়ে দেখলাম, বেছঁস হয়ে ঘুমুছে—বৌটাও আর এক পাশে। ঠাউরে দেখি, জখম ডান-পায়েই বটে। তখন সড়িকি দিয়ে বাঁ-পায়ে আবার একটু খুঁচিয়ে দিয়ে এলাম। বাবা গো—বলে য়ে-ই চেঁচিয়ে উঠেছে, আমি অমনি স্কডৎ করে সরে পড়লাম।

বলিয়া ঘনশ্রাম নিজের চতুরতায় হি-হি করিয়া হাসিতে লাগিল।
বলিল—ডবল স্থবিধে হল মশায়। এই নিয়ে রাইচরণের নামে কের
আরে এক নম্বর চালাব। এখন বাকি রইল, ডান-পা বাঁ-পায়ের গোলমাল। আমি আগেই যাছি রজনীর বাড়ি, দারোগা জিল্পাসা করলে
যাতে বলে—দিনে মেরেছিল বাঁ-পায়ে, রাতে ডান-পায়ে। আজ আর
রক্ষনী হেঁটে কাছারি আসতে পারবে না। তা ভয়ে ভয়েই সাক্ষি দেবে।

অভিভূতের মতো গুনিয়া বাইতেছিলান।

খনখাম কহিল-কই, হল আপনার হাত ধোয়া ? চলুন।

কাছারিবাড়ির কাছাকাছি আসিয়াছি, এই সময়ে ঘনশ্রাণ ডাইনের পথ ধরিল। বলিল--আপনি সোজা চলে যান--আমি রজনীর বাড়িটা যুবে একুনি যাচিছ।

কহিলাম--দাড়াও ঘনস্থাম--

বোধকরি কণ্ঠন্মরের মধ্যে অন্বাভাবিক কিছু প্রকাশ পাইয়া থাকিবে।
সে চমকিয়া ফিরিয়া দাঁডাইল।

বলিলাম—আমি আর থাকব না এথানে। একুনি কানী চলে বাচিছ। তোমার ফেরবার আগেই রওনা হব। পরলা মোটরে মধুগঞে গিয়ে টেন ধরতে হবে।

ঘনশ্রাম সম্রন্ত হইয়া হাতজোড় করিয়া কহিল—আজে, কি অপরাধ করলাম?

আমি বলিলাম—অপরাধের কথা নয়। আমি এ সব পেরে উঠছি নে, বাবাকে পাঠিয়ে দেব—তাতে কাজের স্থবিধে হবে।

ইহাতে ঘন্তামের মতাদ্বৈধ নাই, অতএব প্রতিবাদ করিল না, কেবল-মাত্র কহিল—কিন্তু অন্তত আজকের দিনটে থেকে যান। দারোগাবাব্ আস্বেন—আমরা আইন-টাইন ত তেমন বঝি নে।

বলিশাম—ফল তাতে বড় স্থবিধে হবে না ঘনস্থাম, দারোগার সামনে হয়ত কি বলে বসব, কেস মাটি হয়ে ধাবে। তাতে কান্ধ নেই।

विद्या हन-हन कित्रया ११ हेकू भात हहेनाम ।

কানী গিয়া বাবাকে যেই খবরটা জানাইয়াছি অমনি যেন বারুদে আগুন লাগিল। বলিলেন—যাক প্রাণ, রোক মান। ভূমি কোন লজায় পালিয়ে এপে বাপু? রাইচরণের মুগুটা আনতে পারলেনা, ষেত ত্-পাঁচ হাজার—যেত। আমার কি? আমার আর ক'দিন? চোখ বুঁজলে সব ফ্রিকার—

বলিয়া শুম হইয়া বসিয়। থানিকক্ষণ বোধকরি সংসারের নশ্বরতাই
চিস্তা করিতে লাগিলেন। বলিলেন—এই গাঁটি হয়ে বসে রইলাম।
নাগপুরেও যাচ্ছি নে—দেশেও না। বিষয়-ক্ষাশয় কারবার-পত্তায় সব
গোল্লায় যাক, কারো যথন গরজ নেই। আর যদি কোনদিন নড়ে বসি
তা হলে—

একটা ভয়ানক রকমের শপথ করিতে গিয়া সামলাইয়া লইলেন।
বৃদ্ধির কাজ করিয়াছিলেন, কারণ শপথ সন্ধ্যা নাগাদ ত ভাঙিতেই
হইত!

বিকালবেলায় জিনিষপত্র গোছাইবার ধুম পড়িয়া গেল। আয়োজন গুরুতর। পাঁচজন পশ্চিমি গুণীলোক সঙ্গে যাইতেছে। আর যে কি-কি যাইতেছে তাহার সঠিক খবর বলিতে পারি না, আন্দাজ করা চলে। বলিলেন—না মরলে আমার অব্যাহতি আছে? ছাগল দিয়ে লাঙল চ্যা হলে লোকে আর যাঁড কিনত না—

ইন্সিতটা আমাকে উপ্লক্ষ করিয়া। কিন্তু অনর্থক। আমি ত কোনদিন যগুত্বের গৌরত করি নাই।

বাবা ততক্ষণে ট্রেনে চাপিয়া হয়ত মোগলসরাই পার হইয়া গেলেন।
বীণা প্রশাস্ত চোথ ছ'টি আমার দিকে মেলিয়া ভইয়াছিল। আমি
রজনী পাইকের গল্প বলিতেছিলাম। হঠাৎ সে চোথ বুঁজিয়া জড়সড় হইয়া
মাথাটি আমার কোলের মধ্যে গুঁজিয়া দিল। বলিল—তুমি থাম, আমার
ভয় করে—

আমি কহিলাম—বীণা, তবুত দে রক্ত তুমি চোখে দেখনি। বলির পাঁঠার রক্ত যে রকম গলগল করে বেরিয়ে আসে তেমনি—

বীণা কথা কহিল না। আলগোছে হাত তু-খানা বাহির করিয়া আমার মুখ চাপিয়া ধরিল। চক্ষু তেমনি বোঁজাই আছে।

থানিক পরে চোথ মিট-মিট করিয়া চাহিয়া দেখিল, চুপ করিয়া বদিয়া বদিয়া আমি কি করিতেছি। আর মৃত্ মৃত্ হাসিতে লাগিল। তারপর জাবার চোধ বুঁজিয়া দিব্য ভালোমান্তবের মতো ঘুমাইতে শুক করিল। বাবা ফিরিলেন দিন পনের পরে। আবার গেলেন। এমনি যাতায়াতে বছর থানেক কাটিল। আগে যে মুথ গন্তীর বিমর্থ থাকিত, ক্রমশ তাহাতে হাসি ফুটিয়া উঠিল। বলিলেন—ঘনশ্রাম খুব জাহাবাজ। টাকাকড়ি একটু এদিক-ওদিক করে বটে, কিছু ক্রমতা আছে। জ্যাদোড় যে ক'টা ছিল, সব ঠাণ্ডা হয়ে গেছে। এখন উঠতে বললে ওঠে, বসতে বললে বসে! মহল একেবারে যাকে বলে পায়রা-চোথো—

আমার কেমন ধারণা হইয়াছিল, রাইচরণ বাঁচিয়া থাকিতে বিবাদ মিটিবে না। বাবার সেই পাঁচ হাজারের বিনিময়ে মুও আনিবার আক্রোশটাও মনে ছিল। জিজ্ঞাসা করিলাম—রাইচরণ মরেছে না দেশ ছেড়েছে ?

বাবা কহিলেন—মরেও নি, দেশও ছাড়েনি। উচ্ছেদ করেছিলাম, ত! বৌ-ছেলেপিলে নিয়ে কাছারি এসে পায়ে জড়িয়ে ধরল। ভাবলাম, চাষীদের মধ্যে সব চেয়ে মানীবংশ—যথন এতটা কাবু হয়েছে, যাকগে! পাইপয়লা না নিয়ে সেই মৌরশি পঁচিশ বিষে কবলা করে দিয়ে গেল। আর খনভামকে বলেছে ধর্ম-বাপ। এবার একবার গিয়ে দেখে এসো না। মাথা ভুলে কথা কইবে তেমন বাপের বেটা ও-ভলাটে কেউ নেই।

মধুস্পনকে মনে মনে স্মরণ করিয়া সভয়ে প্রার্থনা করিলাম, যেন দেখিয়া আসিবার প্রয়োজন সেবারকার মতো আর কথনো না হয়।

किन मधुरुषन तम व्यर्थिना खतन नाहै।

ইহার কিছুদিন পরেই কেবলমাত্র চোথের দেখা দেখিয়া আসা নয়— দেশে চিরস্থায়ী বসবাস করিবার প্রয়োজন ঘটিল। বাবা স্থগীয় হইলেন এবং সঙ্গে সঙ্গে কারবারটিও। বীণা বাপের বাড়ি গিয়াছিল, মাকে স্থামবাজারে মাতুলালয়ে আনিয়া রাখিলাম। তারপর বাড়িবর মেরামত করিয়া বাসযোগ্য করিবার জন্ম খনস্থামের স্থাসিত নিরুপদ্রব মহলে আনেকদিন পরে আবার আসিয়া পৌছিলাম।

না, ইতিমধ্যে দেশের বিশুর উরতি হইয়াছে বটে! গঞ্জের আটথানা দোকানে টিনের চাল দিয়াছে। আধঘণ্টা অন্তর বাস,—কোন অস্কবিধা নাই। বাসের ছাতের উপর বাক্স বোঝাই হইয়া শহরে মাছ চালান যায়। ন্তন পোক্ট-অফিস হইয়াছে। মাঝে মাঝে দেশ-বিদেশের ভদ্রলোকেরা বন্দ্দ লইয়া বিলে পাথী শিকার করিতে আসেন। মাছ চালান দিতে অনেক বরক্ষের দরকার হয় বলিয়া একটি আইস-ফ্যান্টরি খুলিবার কথা হইতেছে। কোন একটা কোম্পানি জায়গাও দেখিয়া গিয়াছে। গ্রামের প্রান্তে তিনটি ভাড়িখানা। এবার নাকি একটি মদের দোকানের ডাক হইবে। মোটের উপর সর্বরক্ষে স্থবিধা—যা চাও ভা-ই মিলিবে।

সর্বাত্তো উঠানের জঙ্গলগুলি কাটাইবার দরকার। সকালবেলা ঘনস্থামকে লইয়া নিজেই বাহির হইলাম—প্রাত্তর্নণ হইবে, মজুরের তল্লাসও হইবে। কিন্তু মজুর পাওয়া কিছু কঠিন—অঞ্চলে মোটে চাষাত্বা নাই, তা পাইবে কোথায় । থালি খালি ভিটা পড়িয়া রহিয়াছে। ছ-চারজন যাহারা আছে অবস্থা ভাল হইয়াছে, ঘনস্থামের মুখে ভানিমান নিচু নিচু জীর্ণ কুঁড়েগুলি দেখিয়া মনে হয়, বইয়ে যে বীবরের বাসস্থান পড়িয়াছি তাহা বোধকরি এই প্রকার। ইহার মধ্যে মাহুষ যে সত্যসত্যই ঘর-সংসার করিয়া বাঁচিয়া থাকে, আর তাহাদের ভাল অবস্থা হইয়াছে—চাথে না দেখিলে তাহা বিশাস হইবার কথা নয়।

ত্ই জনের বাড়ি হইয়া তারপর গেলাম চরণ বেপারির বাড়ি। চরণ দেখি কাঁচের গেলাসে করিয়া কি থাইতেছে। ঘনস্তামকে বলিল—নায়েব মশায়, বিত্রী অভ্যেদ হয়ে গেছে। সকালে উঠে আগে চাই মিছরির পানা। নইলে মাথা ধরবে।

রোগ কঠিন বটে !

বলিলাম—ও চরণ, ভাল আছিন? আজকাল বেশ পয়সাকড়ি কামাচ্চিস—না?

চরণ চিরদিনই বিনয়ী লোক। মুখখানা কাচুমাচু করিয়া জোডহাতে বলিল—যে আজে। লক্ষীর কির্পা মুখ ফুটে কি বলব,—আপনার মা-বাপের আণীর্বাদে হচ্ছে এক রকম। বাবু, এলেন কবে ?

ঘনভাম বলিল—বাবুরা সব দেশে-ঘরে চলে আসছেন। বাড়ির বাগান সাফ হবে। আজকে জোন ধাটবি চরণ ?

চরণ বলিল—থাটব। তারপর ঘাড়টা ভানদিকে কাত করিয়া আবার বলিল—থাটব। বাবুরা এসেছেন, খাটব না ?—নিশ্চয় খাটব।

—তবে যাদ সকাল-দকাল। বলিয়া বাহির হইলাম। পিছন হইতে ডাকিল--নায়েব মশায়!

पृक्रति कितिया मां पारे नाम ।

চরণ হাসিয়া বিচিত্র ভঙ্গিতে বলিল—একটা টাকা। কোনের দান আগাম না দিতে পারেন চোটা হিসেবে দিন। দিন ত্'পায়সা স্থদ—ধা রেট আছে। আজকের স্থদ কেটে নিয়ে সাড়ে পনেরো আনাই দিয়ে দিন বরং—

धनचाम कहिल-मकालदना ठोका कि हरत ?

আমরা বাড়ির মধ্যে চুকিবার সঙ্গে চরণের বৌ মাথায় কাশড় টানিয়া লজ্জায় জড়সড় হইয়া উঠানের এককোণে বিসিয়া ঝাঁট দিতেছিল। আঙুল দিয়া তাহাকে দেখাইয়া চরণ কহিল—মাগীর বজ্জাতি। বলছে চাল বাড়স্ত। সব চাল বেচে থেরেছে, থাকবে কোথেকে?

এতবড় অভিযোগের পর লজ্জাবতী আর বসিয়া থাকিতে পারিল না। উঠিয়া দাঁড়াইয়া ঘোমটা আরো একটু বাড়াইয়া দিয়া এক প্রকার স্থগতভাবেই বলিয়া উঠিল—বেয়াকিলে কথা। সব চাল বেচে থেয়েছে—কত চাল এসেছিল শুনি ?

চরণ কহিল—কাল পাঁচসিকের মাছ বিক্রি হল তার হিসেব দে। দে শিগগির।

বৌষের হিসাব-জ্ঞান খুব প্রথম বলিতে হইবে। অমনি মুখে মুখেই তৎক্ষণাৎ শুরু করিল—শোন্। চুরি করে থেয়েছি নাকি? এই সরু বালাম চাল ত্-সের—ছ-আনা, বি—সাড়ে সাত আনা, মিছরি গরম-মশলায় হল সাত পয়সা আর রইল এক পয়সা,—তুই বললি নে যে এক পয়সা রেখে কি হবে—কপ্লুর কিনে নিয়ে আয়, জলে দিয়ে খাওয়া খাবে। সে কি আমার দোষ?

হিসাব পাইয়া চরণের আর কথা বলিবার উপায় রহিল না। ঘনখাম জিজ্ঞাসা করিল—কাল রাভিরে বুঝি কিছু হয় নি?

চরণ কহিল—না। কাল বড় পাহারায় ছিল। কোন দিন যে কি হবে, কিছু ঠিক করে বলবার যো নেই। তবে মোটের উপর ব্যবসাটা ভাল। বেশ আছি—কোন ঝিক নেই বাবা। মাঠের উপর হাঁটুজলে হৈ-হৈ করে গোরু তাড়িয়ে লাঙল চযে বেড়ানো—রোদ নেই, বৃষ্টি নেই, ও-সব কি আর পোষায় ?

পথে আসিয়া চরণ বেপারির ব্যবসার কথাটা পাড়িলাম। কি এমন স্থবিধাজনক ব্যবসা সে আরম্ভ করিয়া দিয়াছে ?

খনভাম খুলিয়া বলিল। একা চরণ বেপারি নয়, চাষীদের মধ্যে ধাহারা এখনো এ-অঞ্চলে টি কিয়া রহিয়াছে সকলেই ইহা ধরিয়াছে। ব্যবসাটা ভাল। রাত্তিবেলা ঘণ্টা তিন-চারের কাজ মোটে। সারা দিনমান সকাল তুপুর সন্ধ্যা কথনও কোন পুরুষ-মান্থযকে নড়িয়া বসিতে হয় না। পাড়ায় পাড়ায় ঘুরিয়া দেখ—হয় ঘুমাইতেছে, নয় তাস থেলিতেছে, নয় ত তাড়ি খাইতেছে। দশটা বেলা না হইতেই সাবান ও গন্ধতৈল লইয়া দলে দলে পুকুরবাটে নাহিতে বদে। চুল বাগাইয়া টেরি কাটিতে সময় কিছু যায়। গভীর রাজিতে গ্রামের মধ্যে যথন নিশ্চল নিষ্ধি সেই সময়ে জাল পাড়ে কুঁড়ে হইতে টিলি-টিলি এক এক জন বাহির হইয়া পড়ে। পরস্পার ফিস-ফিস করিয়া কথা, ঝুপ করিয়া এক এক বার জাল পড়ার শন্ধ আবার ভোর হইবার আগে যে যার ঘরে ফিরিয়া আসে। জেলেদের পাহারার যে ব্যবস্থা আছে তাহা যথেই নয়, অতবড় স্কুবিন্তীর্ণ বিলের সবদিকে তাহারা নজব রাখিতে পারে না; আর ইহারাও স্কুযোগ-সন্ধান সমন্ত শিখিরা ফেলিয়াছে। তবে নিতান্ত বে-কায়দায় পড়িলে পিঠের উপর কোন দিন ফই-এক ঘা যে না পড়ে তাহা নহে—কিন্তু তাহার বেলি আর কিছু নয়। ত্ব-দশটা মাছ-চুরি জেলেরা তেমন গ্রাহের মধ্যে আনে না।

সকাল হইতে কাজ মেয়েদের। মাছ গ**্লেল**ইয়া বেচিয়া বাজার করিয়া ধাবতীয় বরক্**লার কাজ সারিয়া র**াধিয়া পুরুষ-মাহ্মদের ভাকিয়া ভূলিয়া খাওয়াইতে হয়। তা মন্দ নয়, এরা আছে বেশ।

থালের জলে পা ধুইয়া উঠিব, থালধারের এক বাড়ির দাওয়া হইতে প্রবল চিৎকার আসিতেছে—নায়েব মশায়, ইনিকে—আমাদের বাড়ি একবার হয়ে যাবেন।

ঘন্তাম বলে—এই রে ! চলুন—চলুন—
—ডেকে ডেকে গলা ভাঙছে। শুনে এসো না কি বলে।
ঘন্তাম বলিল—বদ্ধ পাগল। একদম মাথা থারাপ হয়ে গেছে।
ক্রুত চলিতেছিল, পাগল।দাওয়া হুইতে লাফাইয়া পড়িয়া আমাদের

পথ আটকাইল। আমকে দেখিয়া একগাল হাসিয়া ফেলিল। হাত জ্বোড় করিয়া বলিল—ছোটবাবু পাড়ায় এলেন, তা আমার বাড়ি পদধ্লি পড়বে না?

ইহাকে চিনিত। সেবার আসিয়া দেখিয়াছি, স্বস্থ বলিষ্ঠ লোক। পাঠশালায় পণ্ডিতি করিত, পাড়ার বিবাদ-বিসহাদে সালিশি করিত, চিঠিপত্র দলিল-দন্তাবেজ লিখিয়া দিত। এখন যেন একটি মড়া হাত-পা মেলিয়া বেডাইতেছে।

ঘনশ্রাম বলিল—না থেয়ে শুকিয়ে নির্বংশ ভিটেয় পড়ে আছে, গড়ভাঙায় চেপে বোসো না কেন ? তারা মত্ন করছে—থাওয়া-পরা দেবে, ত্র'টাকা নগদ মাইনেও দেবে বলছে—

পণ্ডিত আমার দিকে চাহিয়া বলে—শুরুন হুজুর, পাগলের কথাবার্তা শুরুন। ভিন-গাঁয়ে গিয়ে পাঠশালা বদাব, ওদিকে যথাদর্বন্থ উচ্ছন্ন যাক! এদের তো তা হলে পোয়াবারো—

বলিয়া হা-হা করিয়া উচ্চহাসি হাসিতে লাগিল।

খনভাম বিজ্ঞপ করিয়া বলে—যথার মধ্যে ত ঐ ফুটো ঘর, আর স্বশ্বের মধ্যে ছেঁডা দপ্তর—

পণ্ডিত এই কথায় জ্বলিয়া উঠিল।

— (হঁড়া বলে নাক সিটকাছে? হেঁড়া দপ্তরে আমার লাথ টাকার দলিল, তা জানো?

গাগল একেবারে আমার হাত ধরিয়া ফেলিল—আহ্ন হছুর, আসতেই হবে আমার বাড়ি। মন্ত বড় উকিল আপনি, একবার এসে দেখে যান আমার দলিল। বলছে, কিছু নেই নাকি আমার ? বলছে, নিবংশ ভিটে ? আহ্নন—আহ্নন—

त्म कि छान! (चाफ़्रांकाफ़ कत्राहेशा महेशा बाहेरजरह: चरत्रत

ভিতর হইতে ছুটিয়া দলিলের দপ্তর আনিল। মলিন শভচ্ছির কাপড়ে বাঁধা। দপ্তর খুলিয়া এক একটা করিয়া কাগজ আমার হাতে দিতেছে। বলে—দেখুন, দেখছেন? কিচ্ছু নেই নাকি আমার? আপনি মনিব— আপনার নামেও মোকর্দমা করব, যা ছিল বিলকুল আবার ফিরিয়ে আনব।

সতাই পুঁটিমারির বিলে অনেক জমি পণ্ডিতের। বিশ বছরের দাথিলা বাহির করিয়া দিল। যেবার অজন্মা গিয়াছে, খাজনা দিতে পারে নাই—পরের বৎসরের স্লদ-থেসারত দিয়া থাজনা শোধ করিয়াছে।

ঘনশ্যাম বলিল—এত কাল না হয় দিয়েছ মানি। কিন্তু এই পাঁচ বছর—বিলড়াব হয়ে গেল যেখান থেকে? বাকি খাজনায় নিলাম হয়ে গেছে তোমার জমি, এস্টেট থেকে কিনে নিয়েছে। পচা দাখলেয় তা ফিরবে না। ফেলে দাও—ফেলে দাও—ও সব পুড়িয়ে ফেল—

রুষ্ট চোথে তাহার দিকে এক নজর তাকাইয়া পণ্ডিত দলিলের পর দলিল বাহির করিতে লাগিল। তারপর একগাদা চিঠি। সেগুলি ফিরাইয়া দিয়া বলিলাম, প্রাইভেট চিঠিপত্র—এগুলো আলাদা করে রাথবেন পণ্ডিত মুশায়—

দৃঢ়কঠে পণ্ডিত বলে—এ-ও দলিল আমার, বিষম দলিল—রেথে দিয়েছি, মোকর্ণমা করব—

বড় মেয়ে বিজয়ার পর শশুরবাড়ি হইতে প্রণাম জানাইয়া পোস্টকার্ড
দিয়াছে ... কুলখালি হইতে লিখিয়াছে, কুটুম্বের দল সদলবলে ছেলের পাকাদেখা দেখিতে কাসিতেছে .. নাতির অন্ধর্যাশনে পণ্ডিতের স্বহস্তে লেখা
কালির নিমন্ত্রণপত্র থান হুই বাড়তি ছিল, তাহাও রহিয়াছে ... অজ্ঞ ভূলবানানে কাঁচা হাতের লেখা একথানা খামের পত্র—কোন এক নৃত্রন বউ
বর্ষেক পাঠ দিয়াছে 'প্রাণেশ্বর' ...

পাগল পণ্ডিত সগর্বে বলে—দেখবেন ? কিচ্ছু নেই নাকি আমার ? ঘনখামের দিকে কুদ্ধ দৃষ্টিক্ষেপ করিয়া অতিমত্নে সে দগুর বাঁধিতে লাগিল।

ফিরিবার পথে রাইচরণের বাড়ি। সেই রাইচরণ দাস, যাহার মুণ্ডের শুতি বাবার অত আগ্রহ ছিল।

ঘনস্থাম বলিল—যাবেন ওর বাড়ি ? আজকাল মজুরি খাটে। আমি বলিলাম—বেলা হয়ে গেছে, আজ থাক।

খনকাম বলিল—না' না—দেখে ধাই, চলুন। উঠানে গিয়া ডাকিল— বাইচরণ ? ও রাইচরণ!

লম্বা-চওড়া বিশাল দেহ লইয়া সামনে দাওয়ার উপর পড়িয়া আছে, তবু উত্তর দিবে না। বেটা মরিয়া গেল নাকি ?

কিন্তু গরজ আমার, ডাক দিলাম—ও বাইচরণ, অস্থুথ করেছে ? এবার অস্ফুট সাডা আসিল—উ—

বলিলাম বেলা তুপুর হয়ে গেছে, এখনো ঘুমুচ্ছ ?

চোথ ছইটা মেলিয়া আমার দিকে তাকাইল, টকটকে রাঙা বেন ছু'টি গুলি। দেথিয়া ভয় করে। একেবারে মামুষের মতো রাইচরণ কোপাইয়া কাঁদিয়া উঠিল।

খনভাম বলিল—আকঠ তাড়ি গিলেছিস ব্ঝি ? আৰকে জোন খাটতে যাবি ?

বাব—বলিয়া স্বীকার করিয়া পুনশ্চ সে ঘুমাইতে শুরু করিল :

বেলা বাড়িতেছিল, ইহার কাণ্ড দেখিয়া আর রাগের সীমা রহিল না। বন্দামকে বলিলাম—চল, যাওয়া যাক। বেটা মাতাল—

কথাটা রাইচরণের কানে গিয়াছিল—ধীর গম্ভীরভাবে উঠিয়া বদিল

তারপর একথানা পা বাড়াইয়া দিয়া কোণের চাউনের কলসিটায় ঠন করিয়া লাখি মারিতেই ভিতর নড়িয়া উঠিল। তৎক্ষণাৎ শুইয়া পড়িয়া কহিল—না, আমি যাব না।

বনশ্রাম কহিল—খরে চাল আছে, আর কি বেটা নড়বে ? চলুন—
রাইচরণও হাত নাড়িয়া আমাদের চলিয়া যাইতে ইঞ্চিত করিয়া
বলিল—গতর খাটানো ছোট কাজ, ও-সব আমি করিনে—

দিন পনেরোর মধ্যে বাড়ির জকল একদম সাফ হইয়া গেল, জাবার ব্রী কিরিল। চার-পাঁচটা কুঠরির চুণকাম করিয়া একেবারে ন্তনের মতো হইয়াছে, আর-আর যাহা কাজ আছে ধীরে-স্থন্তে পরে করিলেই চলিবে। ক্রৈন্ত মাস শেষ হইয়া গেল, আষাঢ়ের প্রথমেই ন্তন সংসার পাতিবার আর কোন বাধা নাই। একদিন বিকালে সাগরগোপের ইন্ধুলঘরের কাছে বল্লভ রায়ের রাস্তায় আদিয়া দাঁড়াইলাম। আগে ভামবাজার শান্তরবাড়ি ছইয়া যাইবে। বেশিক্ষণ দাঁড়াইতে হইল না, বাস আসিল। গাড়িতে উঠিয়া দিব্য আরাম করিয়া গদির উপর বিসলাম। আর একদিন ছেলেবয়সে ছোটকাকার বিয়েয় এই পথে কত দৌড়াদৌড়ি করিয়া মরিতে হইয়াছিল। দেশের কি আর সেদিন আছে?

তীরের মতো ছুটিয়া চলিয়াছি। দ্বের প্রান চইতে এক পাল গোক চরাইয়া রাখালেরা ফিরিয়া আদিতেছে। গাড়ি হর্ন বাজাইতে বাজাইতে পালের মাঝথান দিয়া চলিল। এ পথে এমন হইয়াছে যে গোরুপ্রলো পর্যন্ত আজ্বকাল মোটরগাড়ি ক্রক্ষেপ করে না।

মুক্ত বিলের বাতাসে রান্তার ছই পাশে ছলছল শব্দে জলের আবাত লাগিতেছে। যতদূর দৃষ্টি যায়, কেবলি সামাহীন জলরাশি।

জলের মধ্যে এখানে সেখানে তাল ও শিমূল গাছ। চায়িদিক অন্ধকার করিয়া মেঘ জমিয়া আসিল। ত্-একটি লোক ছাতা খুলিরা পাশ কাটাইয়া চলিয়া যাইতেছে, হেড-লাইট জালিয়া গাড়ি ছুটিতেছে, চভূদিকের নিশুক্বতার মধ্যে মোটর-এঞ্জিনের একটানা আওয়াজ!

মাঝে মাঝে পথ গিয়াছে সাপের মতো আঁকিয়া বাঁকিয়া। বাঁক ফিরিবার মুখে গাড়ির তাঁত্র আলো এক একবার জলের উপর পড়ে। বল্পভ রায়ের উঁচু পাকা রাভা—মামুষের ঘরবাড়ি ডুবিয়া যায়, কিন্তু রাভার উপর জল উঠে না। মোটর হর্ন বাজাইয়া নিবিদ্ধে ছটিতে লাগিল।

হঠাৎ একটি গাছের তলায় আসিয়া গাডি থামিয়া গেল। ছাইভার
নামিয়া পড়িল, ম্যাগনেটে কি দোষ হইয়াছে, পাচ মিনিটের মধ্যেই ঠিক
হইয়া বাইবে। বাত্রীরাও সকলে নামিয়া পড়িলাম। গাছটিকে চিনিলাম
— অশ্বর্থগাছ। সামনেই নৃতন পূল। দেখিতে দেখিতে পিছন হইতে
তিনথানা বাস পর পর আমাদের পাশ কাটাইয়া আগে চলিয়া গেল।
উজ্জ্বল আলোকে অশ্বর্থগাছের আগাগোড়া, টার্নার-ত্রিজ এবং রাস্তার
বছদূর অবধি উদ্ভাসিত হইল। এই অশ্বর্থগাছের তলা দিয়া লক্ষ্ণ টাকা
দিলেও কেহ যাইতে চাহিত না। আজ আর সেদিন নাই। গাছের
ভালপালা ছাটিয়া বেশ পরিফার করিয়া দেওয়া হইয়াছে, বাহাতে গাড়ি
চালাইবার কোন অস্ববিধা না হয়।

পাঁচ মিনিটের জায়গায় পনের মিনিট কাটিয়া গেল, কিন্তু আমাদের গাজিখানি যেমন স্থাণু হইয়া ছিল, তেমনি রহিল। বেড়াইতে বেড়াইতে বিজের উপর গিয়া দাড়াইলাম। নিমে সঙ্কীর্ণ পরিসরের মধ্য দিয়া প্রটিমারি বিলের স্থাবিপুল জলরাশি বাহির হইবার চেষ্টায়্ব পাক থাইয়া প্রচণ্ড আলোড়নের স্থাষ্ট করিতেছে। লোহার কপাট ফেলা আছে। জালের এমন উন্মন্ত গর্জন, যেন একসঙ্গে সহস্র মাসুষ ঐ লোহার কপাটে

মাথা ঠোকাঠুকি করিয়া মরিতেছে। চুপ করিয়া দাঁড়াইরা রিশান।
মনে হইল, এমনি একাগ্রে যদি নিশীথ রাত্রি অবধি কান পাতিয়া থাকিতে
পারি, তবে নিশ্চয় জলের ভাষা ব্রিতে পারিব। বছকাল পূর্বে এক
নিরাহ ঘুমন্ত শিশুর রক্ত দিয়া এখানে বাঁধ বাঁধা হইয়াছিল, জলজ্রোত
দে বাঁধ ভাসাইয়া লইয়া গিয়াছিল। এবার গভর্নমেন্ট বড় বড়
ইঞ্জিনিয়ার লাগাইয়া লোহালকড়ে অপূর্ব সেতু বাঁধিয়াছেন—নিশ্চল
আাক্রোশে বিলের জল গর্জন করিয়া মরিতেছে, সেতুর একটা লোহাও
ভিলা করিতে পারে না।

সেকালের নর-বাঁধের কথা মনে পড়িল, ছোটকাকার বিয়ের কথা মনে পড়িল, ছারিক দন্তর কথা মনে পড়িল। একদিন আসম সন্ধায় গামছা পরিয়া কোমরজল ভাঙিয়া এই বাঁধ পার হইতে হইতে বলিয়াছিলেন—সহস্র নরবলি না হইলে এই থাল নাকি বাঁধা হইবে না। মিথ্যক বুড়া। থাল বাঁধা হইয়া গিয়াছে, সহস্র বলি হইল কই ?

বরঞ্চ দেখি, দেশের দিন ফিরিয়াছে—চারিদিকে আনন্দ—হাসি!
জলের শব্দে যেন উচ্চল হাসির শব্দ শুনিতে লাগিলাম। চরণ বেপারি
হাসিয়া বলিতেছে—হেঁ—হে—সকালে উঠে মিছরির পানা আগে চাই।
রাইচরণ পা দিয়া চালের কলসি নাড়িয়া দেখিতেছে, ঠন-ঠন করিয়া
বিলের জলের মধ্যে যেন সেই কলসির আগুয়া হু হইতে লাগিল। তাড়ি
খাইয়া পাচু মগুল, রাখু, বিশে সকলে যেন হলা করিয়া কোমরে হাত
দিয়া ঐ জলের মধ্যে বাইনাচ করিতেছে, আর বলিতেছে—বেশ আছি…
বেশ আছি—বিক নেই, খাসা আছি—

একজন সহ্যাত্রী আমার দিকে আসিলেন। কহিলেন—বড় মুরম্

আমি বলিলাম—নর-বাঁধ বলছেন কাকে ? সে-সব আবার নেই এ হল টার্নার বিজ—

—একটা প্রসা—

কে রে ? তাকাইয়া দেখি, অন্ধকারের মধ্যে ছোট্ট একটি ছেলে আসিয়া আমাদেব মধ্যে দাঁড়াইয়াছে। আশ্চর্য হইয়া প্রশ্ন করিলাম— এইটুকু ছেলে তুই, এথানে কোখেকে এলি ?

জবাব না দিয়া ছেলেটি হাত পাতিয়া দাঁডাইয়া রহিল।

তারপর মুথ ফিরাইয়া দেখি, একটা ত্'টা নয়—পিপড়ার সারির মতো অমাশতলা দিয়া ছায়াচ্ছয় অনেক মূর্তি আসিতেছে—গণিয়া শেষ করা বায় না এত। বিলের কোন নিনিরীক্ষ প্রান্ত হইতে বাহির হইয়া রান্তা পার হইয়া একে একে টার্নার-ব্রিজের উপরে তাহারা উঠিতে লাগিল। কঞ্চালসার দেহ—প্রাণ আছে কিনা সন্দেহ—কলের পুতৃলের মতো আমাদের সামনে আসিয়া নি:শব্দে হাত পাতিয়া দাড়াইতে লাগিল। শিহরিয়া উঠিলাম। সহয়াত্রা মহাশয় বিরক্ত হইয়া উঠিয়াছিলেন। বলিলেন—দেখছেন কি, এই হয়েছে বেটাদের পেশা। ঐ সব প্রামের লোক,—গ্রাম-ট্রাম আর নেই, তাই রান্তার ধারে বসতি। চুরি-চামারি করে বেড়াবে—আর একটা লোক পেলে যেন ছেকে ধরবে মশায়। হারামজাদাদের পুলিলেও ধরে না—

অকশাৎ সেই কৃষ্ণ ছায়াগুলি কথা কৃষ্যা উঠিল। অতি ক্ষীণ কণ্ঠপার—কিন্তু সেই ছলছলায়িত বিলের প্রান্তে ঘনান্ধকার বর্ষা-রাত্রির উন্মুক্ত শীতল বায়ু-প্রবাহের মধ্যে আমার মনে লইল, ইন্দ্রিয়াতীত অশরীরী জগৎ হইতে রক্ত-মাংসের মান্ত্রের উদ্দেশে শত সহস্র প্রেতমৃতি হাহাকার করিয়া উঠিতেছে। কি তাহারা বলিল, বছ জনের সমবেত কাকুতির মধ্যে তাহার একবিল্লু ব্রিলাম না, শুধু মাধা হইতে পা

অবধি বিহাৎ-স্পর্শের মতো স্থতীত্র কম্পন বহিয়া গেল। হঠাৎ মোটার হুইতে তীত্র আলো জ্ঞালি, কল ঠিক হইয়া গিয়াছে। ড্রাইভার চিৎকার করিয়া উঠিল—রান্তা ছাড়, তফাৎ বা, তফাৎ—

মৃতিগুলি ছুটাছুটি করিয়া রান্তার নিচে যে অদৃশ্য প্রান্ত হইতে বাহিন্ত ভইয়াছিল, মুহূর্ত মধ্যে দেখানে বিলুপ্ত হইয়া গেল।

আবার দারিক দত্তর কথা মনে পড়িল। দাড়ি নাড়িয়া তিনি কি বলিতেছেন। বুড়া মারা গিয়াছেন বছর আষ্টেক আগে। ভাবিলাম, বুডাকে মিথাকে বলিয়াছিলাম—প্রেতভূমি হইতে তাই কি ডল্গন পাঁচ-ছয় আমদানি করিয়া বলির নমুনা দেখাইয়া গেলেন?

साध्य

মাসখানেক মাত্র নিরুদ্ধেশ থাকিয়া উমানাথ বাড়ী ফিরিয়াছে কাল রাত্রে। এত শীঘ্র ফিরিবার কারণ, মাঠবাড়িতে মেলা লাগিয়াছে, তাল ভাল কীর্তনিয়ারা আসিয়াছে, বিশেষ করিয়া এবার সোনাকুড়ের বালক-সঙ্কীর্ভনের আসিবার কথা। খবরটা কাকপক্ষীর মূথে কি করিয়া ভাষার কানে পৌছিয়াছিল।

বড় ভাই ক্ষেত্রনাথ দাওয়ায় বসিয়া সকালবেলায় মিষ্ট রোদ সেবন করিতে করিতে একথানা দলিলের পাঠোদ্ধারের চেষ্টায় ছিলেন। দলিলটি বছ পুরানো, পোকায় কাটা, জায়গায় জায়গায় ছিঁ ড়িয়া এমন পাকাইয়া গিয়াছে বে, এক একটা জট খুলিতেই একটি বেলা লাগে।… উমানাথ সোজা সেইখানে উঠিয়া তড়বড় করিয়া আপনার বক্তব্য বলিতে লাগিল।

বিশ্মিত চোথে ক্ষেত্রনাথ একবার মুখ তুলিয়া দেখিলেন। কথা শেষ হইলে প্রশ্ন করিলেন—জগদ্ধাতীর বাড়ী কবে গিয়েছিলে ?

- कुष्-िवाइम निन व्याता।
- -- ঋদয় ছিল সেথানে ?
- --ना ।
- ছঁ—বলিয়া ক্ষেত্রনাথ চুপ করিয়া নিজের কাজ করিতে লাগিলেন।
 তারপর হাতের দলিল সহত্বে ভাঁজ করিয়া রাখিয়া বলিলেন—আমি
 ভগজাত্রীর চিঠি পেয়েছি পরশুদিন! এখন তোমার ঐ বিশ দিনের
 বাসি খবর শুনে লাভালাভ নেই—

দলিল বাক্সবন্দি কবিয়া ধীরে স্থান্থে প্রম নিশ্চিত্তাবে তিনি তামাক ধরাইয়া বসিলেন। এবার বলিবার পালা তাঁহাব। কৡ চিরদিনই প্রবল, আজও তাহার অলগা হইল না বাক্যের তুল একেবারে নিঃশেষ হইয়া গোলে ক্ষেত্রনাথ অল কাজে চলিয়া গেলেন, তাহার পরেও উনানাথ সেধানে একই ভাবে বসিয়া রহিল।

খণ্টা তুই পবে বাড়ির মধ্যে গিয়া তর জিপীর সজে মুখোমুথি দেখা।
তর জিপী ভালমান্ত্রের ভাবে জিজ্ঞাসা করিল—বট্ঠাকুরের সজে কি
কথা হচ্ছিল ?

অর্থাৎ এবার শ্বিতীয় কিন্তি। উমানাথ চুপ চইয়া রহিল।

তরকিণী আবদারের ভকিতে মোলাগ্রেম স্থারে বলিতে লাগিল—তা বল, বল না গো—মেয়েমাছুব, ঘরের কোণে পড়ে থাকি, কামাই-ঝামাই করে এলে এন্দিন পরে, ভালমন্দ কত কি নিয়ে এলে, দেখে এলে, শুনে এলে—বল না হটে। কথা, শুনি—

উমানাথ বলিল-—জগদ্ধাত্রী-দিদি ওঁরা দেশে ঘরে ফিরেছেন, তাই বল্ছিলাম দাদাকে—

— শুরু করে ? মন্তবড় বোশখবর, গামছা বথশিস দিই ? তর্মাণী হাসিয়া যেন গলিয়া পড়িতে লাগিল। গামছা হাতে সে মাণা মৃছিতেছিল, সেটাকে পরম পুলকে সে খামীর দিকে আগোটয়া ধরিয়া বলিতে লাগিল—পুরুষের ত মুরোদ হল না যে জন্মের মধ্যে পরিবারের হাতে একটা কিছু দিই এনে তা আমি দিছি এই গামছাপানা বথশিস—

মনে মনে আহতত হইয়া উষ্চকতে উমানাগ বলিল—গামছা বথশিস কেউ আমায় দেয় না—

তর किनी তৎক্ষণাৎ चौकांत कतिया लहेल -- न!, তা-ও क्षंत्र ना।

হাসিয়া কহিতে লাগিল—গামছা ত দেয় না, উত্তম-মধ্যম দেয় কি-না বোলো ত একদিন—

উমানাথ এ কথায় একেবারে ক্ষেপিয়া গেল।

— মহামিশ্ব ক তোমরা। বখশিসের কত শাল-দোশালা এনে দিয়েছি এ-যাবৎ, তবু বার বার ঐ কথা। উত্তম-মধ্যম দেয়ে দিলেই হল অমনি! ডাকো দিকি দশগ্রামের সভা, ডাকো একবার এদিককার যত কবিওবালা।

বলিতে বলিতে উত্তেজনার মুখে কবিতা বাহির হইয়া আদিল—

হরেক কৰি হরবোলা স্বার উপর ম্য়রা ভোলা, তাঁর শিশ্ব স্হায়রাম, শুকুর পায়ে কোটি প্রণাম—

श्वकः नहांत्रतास्मत উल्लिट्स व्याग कतिया कार्यस्य तम किश्चित्र साक्ष कडेन।

তর দিশী কিন্তু একবিন্দু রাগ করে নাই, তেমনি হাসিভরা মুখ। ধানিক পরে উমানাথের রাগ পড়িয়া আসিলে পুনরপি প্রশ্ন হইল— ঠাকফুণের ওখানে স্থিতি হয়েছিল ক'দিন, ওগো ?

উমানাথ সদজ্যে বলিতে লাগিল—ক'দিন আবার, যাবার পৰেই পড়ল বলেই ত! দলের সমস্ত লোক হাটখোলার পাশে উন্নুষ্ট্র নিল, আমি ত আর তা পারিনে ? হাজার হোক পজিশন আছে একটা—

বলিয়া পজিশন মাফিক গভীর হহল।

তবু তর্গিনী সমাই করিল না। বলিল—তা জানি। কিছ জিজামা কর্ছি, পজিশনটা টি কল কি করে ? অতিথ বলে হাতজ্যেড় করে গিছে তার উঠোনে দাঁড়ালে? কথাবার্তার ধরণে মনে মনে শক্ষিত হইলেও উদানাথ মুধের আম্ফালন ছাভিলুনা।

- স্থানার বয়ে গেছে। হঠাৎ দেখা হল, তারপর আনারই হাত ধরে টানাটানি। দেকি নাছোডবান্দা! কিছতে শুনবেন না—
 - -তারপর ?
- —তারপর বিরাট আয়োজন । জগদ্ধাত্রী-দিদি আর বাকি রাথেন নি কিছু। ত্থ-বি সন্দেশ-রসগোলা মাচ-মাংস বাটির পর বাটি আসছে পাতের থারে। স্থ্যেয় না—

পঞ্জীর কর্ত্তে তর্ত্তিশী কহিল-খাওয়া-দাওয়ার পরে ?

উমানাৰ চমকিয়া গেল। ঝড প্রত্যাসর। সে প্রাইবার প্রথ খুঁজিতে সাগিল। কিন্তু তাহার আবস্তুক হইল না। ছোটবৌ আসিরা চুকিল; তার পিছনে মেজবৌ। ছু'টিই অল্লবয়সি। ক্রেতনাথের মেজ ও ছোট ছেলের বৌ। বিয়ে এই বছর ছুই-তিন মাত্র হইয়াছে।

জলচৌকির পাশে তেলের বাটি নামাইয়া রাখিয়া ছোটনৌ বলিল
—নাইতে যান কাকাবার, রাজিরে ত উপোদ করে আছেন। ঘূমিয়ে
গড়েছিলাম—তা, আমাদের ডাকতে পারলেন না—এমনি আপনি।
একদোড়ে নেরে আস্থ্য—নয় ত দেখবেন কি করি—

এই বলিয়া ছ'টি বৌ মুখোমুখি চাহিতেই ছোটবৌ খিল-খিল করিয়া কালিয়া উঠিল।

দেয়াপাড়া-জাগুলগাছি অঞ্চলে বাঁহাদের গতায়াত আছে, উমানাৰ চাটুজ্জে অর্থাৎ ছোট চাটুজ্জের পরিচয় তাঁহাদিগকে দিবার দরকার নাই। বর্ষার সময়টা এই সর্বসমেত মাস চারেক বাদ দিয়া বাকি দিনগুলি ছোট চাটুজ্জের ধলের পাঞ্জনা লাগিয়াই আছে। দলটা কিন্তু হিসাবমতো উমানাথের নয়, সে বাঁধনদার মাত্র। এবং রাহাধরচ ও টাকাটা-সিকিটা ছাড়া প্রাপ্তিও এমন কিছু নাই। তাই ঘর-বাহিরের ক্রমাগত হিতোপদেশ শুনিতে শুনিতে এক এক সময়ে উমানাথ প্রতিজ্ঞা করিয়া বঙ্গে, ছোট লোকের সমাজে ছড়া কাটিয়া বেড়াইয়া পিছুপুরুষের মানইজ্ঞত যা ডুবিয়াছে তা ডুবিয়াছে—আর ডুবাইবে না। দিন কতক বেশ ছুপচাপ কাটিয়া যায়, সে দিব্য বাড়ি বসিয়া থাইতেছে, বেড়াইতেছে, মুমাইতেছে, হঠাৎ কেমন করিয়া থবর উড়িয়া আসে, অমুক গ্রামে ভারি হৈ-চৈ—তিন দলে কবির লড়াই, কাতিক দাস তার শিশ্ব অভয় চরণ আর বেহারী চুলিকে লইয়া প্র অঞ্চলের সমস্ত বায়না ছাড়িয়া দিয়া চলিয়া আসিতেছে। পরদিন সকাল হইতে আর ছোট চাটুজ্জের সন্ধান নাই, থেরা-বাঁধা থাতাখনাও ঐ সঙ্গে অন্তর্ধান করিয়াছে।

বিকালের দিকে মঠবাড়ি হুইতে থোলের আবাওয়াক আদিতে উমানাথ শশব্যতে ঘরে ঢুকিয়া চাদর কাঁথে ফেলিল। বগলে যথারীতি গানের থাতা রহিয়াছে।

—দাড়াও ছোটদাহ আমি যাছে।

ছ-সাত বছরের নিতাই5 ক্র, কাল মারামারি করিতে গিয়া ফুলপাড় শৌথিন ধুতিখানার ক'জায়গায় ছি ডিয়া আসিয়াছে, তরঙ্গিণী তাহাই মেরামত করিতে লাগিয়াছে। উবু ১ইয়া বসিয়া বসিয়া নিতাই মনোযোগের সঙ্গে শিল্পকার্য দেখিতেছিল, তাড়াভাড়ি বলিয়া উঠিল—আঞ্জকে আর শাক রাগুদিদি, উ-ই দাও। ভোটদাছ মেলায় যাছে, আমি যাব—

তর জিণী মুথ টিপিয়া হাসিয়া বালল—যাও তাই। ছোটলাত সলেশ কিনে থাওয়াবে।

তারপর তরশিণী নাতিকে কাপড় পরাইয়া স্থন্দর করিয়া কোঁচা

দিয়া দিল। গাবে পরাইয়া দিল সবৃদ্ধ একটি ছিটের জামা। ফুটকুটে মুথখানি অতি যত্নে আঁচলে মুছাইয়া মুগ্ধচোথে কহিল---বর-পজোরটি চলছেন। বৌনিয়ে আসা চাই কিন্ধ নিত্ব বাবু।

উদ্দেশ্তে কিল তুলিয়া নিতৃ বলিল-বুড়ী!

—বুড়ী বলেই ত বলছি মাণিক। কাজ করতে পারিনে, তোমার কাকীরা মনে মনে কত রাগ করে। এমন বৌ নিয়ে আসবে যে ত্'বেলা আমাদের কাজকর্ম রামাবামা করে খাওয়াবে, কোলে করে স্কাল-বিকাল তোমায় পাঠশালায় দিয়ে আসবে। কেমন ?

निकृ लब्बा भारेश जकरमोटक भलारेश (शल।

তারপর হাসিতে হাসিতে উমানাথের দিকে ফিরিয়া বলিল—তুমিও একটা জামা গায়ে দাও। শীতের দিন—এতে মহাভারত অণ্ডদ্ধ হবে না গো—

উমানাথের অত অবকাশ নাই। কাঁথের চাদরের উপরেই একট। কামিজ কেণিয়া দে পা বাড়াইল।

পিছৰ হহতে তবু বাধা।--শোন--

তর্মিণী কহিতে শাগিণ—ভাস্থর ঠাকুর থেতে বদে বড্ড ছ:খ কর্মছিলেন। আমায় শুনিয়ে শুনিয়ে সব বলছিলেন—

ভূনিকার রক্ম দেখিয়া উমানাথের মুখ শুকাইল। এক কথায় হাঁ-না করিয়া সরিয়া পড়িবার ব্যাপার ইহা নচে। ওদিকে খোল-করতালের ধ্বনি ক্ষণপুরে থামিয়া গিয়াছে। অর্থাৎ গৌরচক্রিকা সারা হইয়া নিশ্চর এবার পালা আরম্ভ ১ইল।

তরঙ্গিকী বলিল— তুমি সাতেও থাক না, পাঁচেও থাক না। অমন স্বাদা—বাপের মতন বগলেই হয়— তাঁর সঙ্গে এসবের কি দরকার ছিল বল ত ? উমানাথ সাহস সঞ্চয় করিয়া বলিল—কিন্ধ কথাটা মিথো নর।
সহায়রামের ভিটে থেকে এক সর্যেই বিক্রি হয় বছরে কত টাকার ?
এতকাল জগদ্ধাত্রী-দিদি বিদেশে পড়ে ছিলেন, নিতে-পুতে আসেন নি—
এখন কিছু না দিলে চলবে কেন ?

তরন্ধিত করিয়া তীব্রকণ্ঠে কহিল—এই বৃক্তিগুলো কার শেখানো? জমালমি আমাদের কি আছে না আছে—কোন দিন জুমি চোথ মেলে দেখেছ, না থবব রাথ? জগদ্ধাত্রী-দিদির মায়ার আজ বড়ত টনক নড়ল। আর তা-ও বলি, অনাথা বিধবা মাহ্রব তোর আপনার পেটে ভাত জোটে না, নেমন্তর করে চর্বচোর থাইয়ে এই বে ভাইয়ে ভাইয়ে ঘর ভাঙবার মতলব—এ চুইবৃদ্ধি কি জন্যে ভোর?

কিন্তু শেষ কথাগুলি উমানাথ বোধ করি গুনিলই না। সহসা উচ্চুদিত হটয়া উঠিল। কহিতে লাগিল—সত্যি বৌ, দিদি বক্ত অনাথা, সত্যিই তাঁর পেটে ভাত জোটে না। সমস্ত শুনেছ তা হলে ? কোথেকে শুনলে ?

তরঙ্গিণী আঙ্ল ভুলিয়া দেখাইল।

— ঐ ভাঙা দেরাজটা খুলে দেব। দেশে এসেছেন শ্রাবণ মাসে সেই অবধি হস্তার হস্তার চিঠি। হৃদর ঠাকুর-পো পৈতৃক শক্রতা সাধতে লেবেছে, ও-ই হয়েছে আজকাল মন্ত্রী। সে যা শিথিয়ে দেয়, ঠাকরুণ তাই লেখেন।

উমানাথে আর্দ্র স্বরে বলিল—কিন্তু অবস্থা দিদির সভ্যিত বড় খারাপ। সাক্ষি আমি নিজে। নিজের চোথে দেখে এসেছি। দেখে জল আসে চোথে।

—তারই মধ্যে ত এই নেমস্তন্ধ-আমস্তন্ধ-ছি নিষ্টি-মেঠাই। ব্রতে পার ? ওগো বৃদ্ধিমন্ত মশাই, মানে বোঝ এর ? তর দিনী সঞ্জ দুটিতে চাহিল। — কিছু না, কিছু না। উমানাথ ঘাড না িয়া কহিতে লাগিল—
সমস্ত বাজে কথা বৌ, আমি ওর বাড়ি নিজেই গেছলাম। থেতে
বসেছি হঠাৎ বৃষ্টি এল। তারপর বাইরের বৃষ্টি থামল ত ঘরের বৃষ্টি
আর থামে না। ভাতের থালা নিযে কোথায় গিয়ে বসি—লজ্জায়
ছঃথে দিদি মুখ তুলতে পারেন না। আর সেই মোটা মোটা বীরপালা
চালের ভাত—সহায়রাম রায়ের মেয়ে, গুরু সহায়রামকে গছ না করে
তিনটে জেলার কেউ কবির আসরে নামতে সাহস করে না—তাঁর
মেয়ের এই বকম হাল! বলিতে বলিতে উমানাথের কঠ ভারি ইয়া
আসিল! হঠাৎ অল্পদিকে মুখ ফিরাইয়া জামাটা পরিয়া লইবার অত্যস্ত
ভাডাভাডি পডিয়া গেল।

গান চলিতেছে।

বকুল ও মাধ্বীলতার কুঞ্জবন, তাহারই পাশে হাঁটু গাড়িয়া বনিয়া মূলগায়েন মূখরা বৃদ্দাদ্তীব বিজেপ-বাণী বিনাইয়া বিনাইয়া বলিতে লাগিল—
কুলা কাইতেছে—মূপে আছ ত মথ্রার রাজা? তোমার নক-সঙ্গিনীকে পাশে লইয়া
ত্রিহল ঠামে একবার দ্বঁড়াও—দেশি, বাকা-ভাম আর কুলা-নায়িকার মিলিরাছে কেমন?
মনে কি পড়ে বন্ধু, োগায় করে এক রাখাল ছেলে বাণী বাজাইত—আর কাঞ্ন-লতা
কুলের বধুকুল ভানাইয়া কলি ভালাইয়া ছটিয়া আনিয়া পালে লুটাইত? আজিকার
এই ম্থবাসরের মধ্যে গন্ধনীপের আলোয় হঠাৎ যদি একটি মান মুখচন্দ্র তোমার
মনের দরজায় সনকোতে পলকের জন্ম তাকাইয়া যায়, তাহাকে দূর করিয়া দিও মহারাজন
ছঃস্বাকে মনে ঠাই দিতে নাই...

শ্রোতাদের মৃথে মৃথে মান হাসি। যুগান্ত-পারের একটি সর্বব্যাপী বিরহ-ব্যথা গানের স্থরে কাঁপিয়া কাঁপিয়া শীতক্লিট কীণ জ্যোৎক্লার মধ্যে সকলের বুকের মধ্যে পাক খাইয়া বেড়াইতে লাগিল। উমানাথ তদ্গত হইয়া শুনিতেছিল। নিতাই ফিদ-ফিদ করিয়া ডাকিল— ছোটদাত্ব!

উमानाथ किल- हुल !

মিনিট কতক চুপ করিয়া নিতাই ছেঁড়া কানাতের ফাঁকে আকাশের দিকে চাহিয়া আপন মনে কত কি বকিতে বকিতে আঙুল স্বাইতে লাগিল। আবার প্রশ্ন করিল—শোন ছোটদাছ, জয়ন্তী বলে কি, আগে নাকি আকাশ হাতে পাওয়া যেত—একদিন এক বুড়ি ঝাঁটোর বাড়ি দিছেছিল—দতিয় ?

উমানাথ টানিয়া তাহাকে আরও কোলের কাছে আনিল। ঐ শোন্ থোকা, গান শোন।

— না, বাড়ি চল।

मूथ ना कित्रादेश जिमानाथ विनन-हैं-

আরও থানিক বসিয়া থাকিয়া নিতাই আতে আতে সামিয়ানার বাহিয়ে আসিল। তাকাইয়া দেখিল, ছোটদাছ কিছুই টের পাধ নাই, তেমনি এক মনে গান শুনিভেছে।

গায়ক তথন গাহিতেছে-

ওলো নাধৰ, গোকুলে চাদ ওঠে না, জমরের গুপ্তন নাই, যমুনা কলধৰ্মি তুলিরা গোছে, আর তোমারি গর্বিনী রাই জাজ ধূলার পড়িয়া আছে। দশমী দশার কঠ তাহার নিরুক্ত, খাদ বহু কি না বহু। কর্রী খূলিরা পড়িয়াছে, চোথের জলে শতধারা নদী বহিজেছে; সধীরা ভাহাকে খিরিয়া ভোমার নাম কত শোনার, ক্ষীণ কাঞ্চন-রেখা তমু ইবং কাঁপিয়া কাপিয়া উঠে—কিন্তু চোথ মেলিবার ক্ষমতা নাই। জভাগিনী এজদিনে মরিয়া জুড়াইল বুলি!

কৃষ্ণ জন্তদ্ধ নিলেন—ভর করিও না। সণি বৃল্দে, ভোসাদের কিশোর রাধাল আবার ছিরিয়া বাইবে••• একজন দোয়ার আসরের পাশে সরিয়া তামাক খাইভেছিল, হাজ নাড়িয়া উমানাথকে কাছে ডাকিল। কগিল—কেমন গান শুনছেন ছোট চাটুজ্জে মশাই ?

ष्ट्रेमानाथ विल्ल-शामा।

উত্ত — বলিয়া লোকটা ঘাড় নাড়িল। বলিল— আরে মশাই, মাধুর পালা হল এর নাম—চোথের জলে এতক্ষণ সতর্থি ভিজে ঘাবার কথা। এ পালা বিচ্ছু বাঁধতে পারে নি। আর এ যা শুনলেন, শুনলেন: শেষটা একেবারে বিচ্ছু হয় নি। আপনাকে মশার, পালাটা আগাগোড়া একবার ঠিক করে দিতে হবে। কর্ডাবারু বলেছিলেন আপনার কথা—

উমানাৰ খাড় নাড়িল।

ইতিমধ্যে নিতাই ছুতারপটি লোহাপটি তরকারির হাট পার হইয়া সার্কাদের তাঁব্র চারিদিকে বার আটেক খুরিল। কিন্তু স্থবিধা কোনদিকে নাই, তাঁবুর কোথাও একটু ছেঁড়া রাথে নাই। দরকাদ্ধ সামনে পরদা টাঙানো, তার ফাঁক দিয়া একটু-আধটু নজর চলে বটে, কিন্তু সেথানে জনকয়েক এমন মারমুখি হইয়া দাঁড়াইয়াছে বে ভিতরে চাহিতে সাহস কুলায় না।

ওদিকে এক সারি দোকানে বড় বাহার করিয়া গ্যাসের আলো আলিয়া দিয়াছে, ঠিক ধেন দিনমান। ছেলে-ছোকরার ভিড় দেখানটায় কিছু বেশি। একটা দোকানের সামনে গিয়া নিতৃ অবাক হইয়া গেল, ভাহার বয়সী আরও ভিন-চারিটি ছেলে দাঁডাইয়া দাঁড়াইয়া দেখিতেছে। অত্যাশ্চার্য ব্যাপার, একটা ইঞ্জিন আর তার সঙ্গে খান তিন-চার রেল-গাডি—পূজার সময় মামার-বাডীতে বে গাড়িটা চড়িয়া গিরাছিল, অবিকল ভাই—ভবে অভিশয় ছোট; আবার লাইনও পাতা রহিরাছে। দোকামি দম দিয়া ছাডিয়া দেয়, গাড়িলাইনের উপর গড়-গড় করিয়া একবার আগোইয়া যায়, আবার পিছাইয়া আদে…

মজা আরও আছে অনেক। এদিকে নাগরদোলা ঘুরিতেছে, পাশের একটা দোকান হৃহতে রকমারি বাঁশীর ক্ষর ভাসিতেছে, মাঠে বাজি পোড়ানো হুইতেছে, শোঁ-শোঁ করিয়া হাউই আকাশে উঠিয়া তারা কাটিতেছে—অন্ত ছেলে কয়টি ছুটিয়া বাজি দেখিতে গেল। নিতাই আগাইয়া গিয়া ইঞ্জিনের গায়ে সক্তর্পণে একটু আঙুল বুলাইয়া দেখিল।

—নেবে খোকা ? পরদা আছে কাছে ?

ছ°—বলিয়া আসিবার সময় রাঙাদিদির কাছ হইতে কয়টা প্রসা আসনিয়াহিল, তাহাই সে বাহির করিয়া দেখাইল।

দোকানি কছিল—ওতে ২বে না ত' টাকা লাগবে। কার সক্ষে এসেছ ? যাও বাবাকে নিয়ে এস, দশটা অবধি আনার দোকান খোলা আছে। যাও—

নিতুর অদৃষ্ট ভাল, ছোট দাত্ অবধি যাইতে হইল না, সামনেই পড়িয়া গেলেন ক্ষেত্রনাথ। বোজ বিকালেই ক্ষেত্রনাথকৈ মেলায় আদিতে হয়। সন্ধীর্তনের আকর্ষণে নয়—মেলার মধ্যে চারিদিককার আম ২০তে বিশুর পেজুর গুড আফদানি হয়, প্রতিবছর এই সমর্থীয়া ভান কিছু গুড় কিনিয়া রাখিয়া ব্যাকালে দক্ষিণের ব্যাপারিরা আদিয়া পড়িলে ছাড়িয়া দেন। এইপ্রকারে ত্-পয়সা লভ্য হইয়া থাকে।

নিতাই ক্ষেত্রনাথকে জড়াইয়া ধরিল। ক্ষেত্রনাথ কহিলেন—
এসেছ আজ আবার ? কি বলবে বলে ফেল—দেরি কেন দাদা?
ক্ষিধে ? বাড়ি থেকে পা বাড়ালে ক্ষিণে অমনি সঙ্গে পাছু
নেয়—

নিতাই হাসিয়া আবদাবের স্করে কহিল—কর্তাদাত্ ইদিকে এক্ষরীর এসো-শিগ্যান এসে দেখে যাও—

-- গাঁট খালি -- এই দেখ আজ কিছু হবে না।

কিছ উন্টাগাট উচু হুটয়া রহিয়াছে, নিতৃর সেদিকে নজর আছে। বলিল—না কর্তাদাত্ব, আমার ক্ষিধে পায় নি—সত্যি পায় নি—বিজ্ঞের কিরে। তুমি একটিবার এসে দেখে যাও।

गां ि ও ইक्षित्नद्र माम (मांकानि डांकिन नां हिना।

অধিমৃতি ১ইয়া ক্ষেত্রনাথ বলিতে লাগিলেন—দিনে ডাকাতি করতে এসেছে এথানে ? ঐ ত টিনের পাত, জিল-জিল করছে, তিনটে দিনও টিকবে না। আয় থোকা, চলে আয়—কি হবে ও নিয়ে। আমরা নেবে না—

দোকানি নিরুত্তরে প্রিঙে দম দিতেছিল। ছাড়িয়া দিতে ইঞ্জিন লাইনের উপর ছুটিতে শুরু করিল।

- —চলে আয়। বলিয়া ক্ষেত্রনাথ নিতৃর হাত ধরিয়া টানিলেন। কিছ সেনডে না। আর একবার টান দিতে দোকানের খুঁটি জাপটাইয়া চিৎকার শব্দে নিতাই কালা জুড়িয়া দিল।
 - —সব তাতে তোমার ইয়ে—না ? পাজি কাঁচাকা !

ক্ষেত্রনাথ যত টানেন, তত জোরে নিতু খুঁটি আঁ। টিয়া ধরে। তারপর খুঁটি ছাড়িয়া গেল ত ঝাঁপ ধরিতে চায়। নাগাল না পাইয়া সেইখানে সেমাটির উপর আছড়াইয়া পড়িল।

হঠাৎ শব্ধিত বাস্ত প্ৰাকণ্ঠ।

—ছুঁগনি, ছুঁগনি—অন হতচহাড়া ছেলে, দিলে বুঝি এই রাভিরে ছুঁয়ে?

মেরেলোকটি ঠিক মেলায় আসে নাই, রাস্তার ধারে ছইওয়ালা

একধানা গরুর গাড়িতে বসিয়া অপেক্ষা করিতেছিল। গণ্ডগোল ও ছোটছেলের কারা শুনিয়া কয়েক পা আগাইয়া উকি দিয়া ব্যাপারটা দেখিতেছিল। একদিকে শুপাকার বাঁশের চাঁচাড়ি পড়িয়াছিল, সেইখানে বসিয়া মেলার যাবতীয় বাঁশের কাজকর্ম হইয়াছে—স্পর্শদোষ বাঁচাইছে ভাড়াতাড়ি সে ছুটিয়া তাহার উপর উঠিল। লোক জমিয়া যাইতেছে দেখিয়া ক্ষেত্রনাথ নিতৃকে ছাডিয়া এক পাশে দাঁড়াইলেন।

জনমত ক্ষেত্রনাথের প্রতিকৃলে। যার যেমন খুশি মস্তব্য করিছে লাগিল।

— আছে গোঁষার-গোবিন্দ হে! মেরেই ফেলেছিল ছেলেটাকে… শাসন করতে হয় বলে এমনি শাসন ?…রক্ত পড়ছে খে—লোকটা কে ছে?…ধরে জেলে দেওরা উচিত!

নিভূর হাতে-পায়ে আচড় লাগিয়া ত্ৰ-এক ফোঁটা রক্তে পড়িতেছিল, ভাহা ঠিক।

ক্ষেত্রনাপকে ধাহারা চিনিত, তাহারা অত দরদ দিয়া সম্বর্ধনা করিতে পারিল না। বলিল—ধা হবার হয়েছে চাটুয়ো মশায়, রাগ না চঙাল—আর দাঁড়িয়ে থাকবেন না, তুলে নিন নাতিকে, বাডি গিয়ে কাটা জায়পায় তেল-টেল দিন গো। ইাটিয়ে নেবেন না ধেন—গাভি

জ্বীশোকটি ইতিমধ্যে নিদিল্ল ন্তুপ হইতে নামিয়া নিতৃকে কোলে তৃলিয়া শান্ধ কবিতে বিদিয়া গিয়াছে। প্রেটা বিধবা; দেহ ক্ষীণ ৰটে, কিন্তু কণ্ঠপরের জোর যেমন অসামান, তেমনি উহা যেন মধ্ ছড়াইতে ছড়াইতে বহিয়া যায়। ক্ষেত্রনাথের দিকে এক পলক তীব্র দৃষ্টি হানিয়া বিধবা কহিল—পর্সাক্তি চিতেয় সঙ্গে নিয়ে উঠবে নাকি?

অভিশয় সঙিন প্রশ্ন! উচিতমতো উত্তর দিতে গেলে আবার একদকা ছর্যোগ ঘটিবার সম্ভাবনা। বিশ গ্রামের লোকের সমূথে ক্ষেত্রনাথের আর তাহাতে উৎসাহ নাই। কিছু আশ্চর্য এই, যাহাকে লইয়া এত লোকের এমন তাশ্চন্তা, চক্ষের পশকে সেই নিতাইচক্স লাফ দিয়া উঠিয়া পুনশ্চ দোকানের খুঁটি, আঁটিয়া ধরিষা দাড়াইল।

বিধবা বলিল—দাও না গো দোকানি, ছেলেমাছ্য ধরে বসেছে— দিয়ে দাও সন্তা করে।

দোকানি বলিতে লাগিল—এক টাকার কম দেওয়া ধায় না মা, কল বলেই না এত দাম। এই গাড়িটে নিন, চার পরসায় দিছি। চাকা আছে, চোঙ আছে, কিন্তু টানতে হবে দড়ি বেঁধে।

—'আমরা দড়ি বেঁণেই টানব, কি বল খোকা ? বলিয়া চার প্রদার গাড়িটা তুলিয়া সে নিতুর হাতে দিল।

ক্ষেত্রনাথ চিনিতে পারেন নাই, কিন্তু রঞ্ছলে জ্বন্ম রায় আসিয়া পড়িতেই পরিচয় প্রকাশ পাইল। জ্বন্মের ছাতে একনোঝা হাটের বেসাতি! বলিল—আমার কেনাকাটা হয়ে গেছে। এইবার গাড়িছে চলুন নিদি—

অর্থাৎ চল্লিশ বছর পরে জগদ্ধাত্রী বাপের বাড়ির প্রামে ফিরিভেছে, স্থান্য মুক্তবি হইয়া লইয়া বাইতেছে। দূর জ্ঞাতিসম্পর্কের এই দিনিটির প্রতি ভক্তি তাহার যেরূপ, গুরুজনদিগের প্রতি সেই প্রকার ভক্তি এই ক্লিয়গের দিনে লোকে যেন শিক্ষা করিয়া রাখে।

জগদ্ধাত্রী ডাকিল—গাড়িতে এদ খোকা। এবং নিভূকে কোলে তুলিয়া গাড়িতে উঠিয়া বদিল।

নি:শব্দ গ্রামপথ। ক্ষচিৎ কথন মেলার ফিরতি ত্-একটি

লোকের সক্ষে দেখা হইয়া যায়। বালুপথে গরুর গাড়ির শব্দ হইতেছে না। গাডির পিছনে ক্ষেত্রনাথ ও হৃদয় পাশাপাশি চলিয়াছেন।

খানিকক্ষণ পরে হঠাৎ ক্ষেত্রনাথ কথা কহিয়া উঠিলেন—তাই ত বলি, ব্যাপার কি ? ভটচায-বাড়ি এত বড় খাত্রা-দাওয়া, তার মধ্যে আমাদের হৃদয় নেহ। তোমার সেজছেলেকে জিজ্ঞাসা করলাম, বলল— বাবার পেটের অহুথ, নেমন্তরে আসবে না। নিজে না গিয়ে গাড়ি পাঠালেই ত জগদ্ধাত্রী আসতে পারত।

ন্ধন অপ্রস্তুতের ভাবে নানা প্রকার কৈফিয়ৎ দিতে লাগিল—সে জন্ত নম্ব, এমনি গিয়েছিলাম ওদিক। দিদি বললেন, এত বড় মেলা হচ্ছে, দেশবিদেশ থেকে মাহুষক্ষন আসছে, দেখে আসিগে একবার। তগাড়ি ভাড়া-টাড়া ওঁরই সব—আমার কি গরজ পড়েছে বলুন—

ভাদকে ছইয়ের মধ্যেও মৃত্কঠে কথাবার্তা শুরু হইয়াছে। নিতৃর মতে এ জগতের একটি লোকও ভাল নয়।

- -কর্ত্তাদাহ ?
- **41**(3 |
- --মেজ কাকা, ছোট কাকা?
- —তারাও।

বাবা এবং কাকাবাবুরা বাড়ি আসিবার সময় তার অক্স নানারকম জিনিম লছয়া আদে, দে হিসাবে ভালই। কিন্তু অপরাধ তাদের, আবার চাকরি করিতে চলিয়া যায়। বাড়ি থাকিতে বলিলে কথা শোনে না—মিছা কথা ব লয়া ফাঁকি দিয়া ভুলাইয়া চলিয়া যায়।

— স্বার স্থামি ? জগদ্ধাত্তী সমস্থাময় প্রশ্ন ক্রিয়া বলিল— স্থামি ক্ষেম লোক, বল ত নিত্বার।

निछारे हुन क्रिया ब्रह्मि।

জগদ্ধাত্রী বলিল—এই গাড়ি কিনে দিলাম তোমায়, আমি ভাল না ?
নিতাই কহিল—তোমার গাড়ি মোটে চলে না, কলেব গাড়ি ভাল।

— শাচ্ছা কিনে দেব ঐ কলের গাড়ি। হাসিমুখে জগদ্ধাত্রী বলিল— কিনে দেব, যদি এক কাজ করতে পার—

উৎসাতের প্রাবল্যে नि डाई খাড়া হর্যা বসিল।

- -W191
- -- त्ननाम छ, अक्टो कांक क्रव्य इत्।
- কি বল, এক্স্লি করব। নিতাই গফর গাড়ি ছই**ডে লাফাইয়া** ডখনই কাজে প্রায়ুক্ত হইতে যায় আর কি।

জগন্ধানী হাসিয়া ভাগার হাত ধরিয়া ফেলিয়া বলিল—জানার ৰণি বিয়ে কর নিত্বাবু। করবে ?

সঙ্কীৰ প্রামপথ, পৰের ধারে ছোট ছোট ঝোপজনল অকাশে শীতের নিজীব অস্পষ্ট চাঁদ কিন্দুর এখানে ওথানে ক'বানা খুনত খোড়ো বর কেঠাৎ ভাহার মধ্যে কোথা দিয়া কি হইয়া গেল—হেন এক বৈঠার আখাতে একটি ডিঙা চল্লিশ পঞ্চাশ বছর উল্লান ঠেলিয়া গেল। গাড়ির পিছনে চলিতে চলিতে ক্ষেত্রনাথ সেই কথা ক্যটি শুনিতে লাগিলেন—আমায় বিয়ে করবে, আমায় বিয়ে করবে গো ?

বছর চলিশ পরে লোকনাথ ঠাকুরের মেলায় জনারণ্যের মাঝখানে ক্ষেত্রনাথ করেক মৃত্যু তির জন্ত আজ জগজাত্রীকে দেখিয়াছেন, দেখিয়াছেন বটে—তাহাও বড় ঝাপদা রকম, বয়দকালের চোখের সে দৃষ্টি নাই—রাত্রিবেলা কোন কিছু ভাল করিয়া দেখিতে পান না, সেই ক্ষণিকের দেখা মৃতি ভুলিয়া গিখাছেন···কোন কালের কোন মৃতিই মনে নাই। কেবল মনে আদিতেছে, কারণে-ক্ষকারণে খিল-খিল করিয়া হাদি, আবার করে সক্ষেই জলভর। অভিমানাহত ভাগর ভাগর চোথ তু'টি···

-- আমায় বিয়ে করবে ? ও দাদা, বিয়ে করবে আমার ?

ক্ষেত্রনাথের বৌদি সম্পর্কের এক নিঃসন্থান বিধবা তালাদের বাভিতে থাকিতেন। এতটুকু মেয়ে জগজাত্রী বেড়াইতে আসিলে বৌদিদি আদর করিয়া চুল বাঁধিয়া থয়ের-চীপ পরাইয়া গিল্লিব ঝাঁপি হলতে আলতাপাতার পা ছোপাইয়া অনেক শিখাইয়া পড়াইয়া তালাকে ক্ষেত্রনাথের কাছে পাঠাইতেন। ক্ষেত্রনাথের বয়স বেশি, বৃদ্ধিও বেশি। নায়িকার ভঙ্গ প্রতাবের প্রত্যুদ্ধরে আমিজের প্রথম সোপানস্বরূপ তার পিঠের উপর যে বন্ধু উপলার দিত তালাতে জ্বাদ্ধাত্রী ব্যথায় যত না হউক অভিমানে চতুগুলি কাঁদিয়া ভাসাইয়া দিত দেই সব কথা মনে পড়িতেলাগিল।

সেদিন উমানাথ বাজি ফিরিল, যথন চাঁদ ভুবিয়াছে। অত রাজেও ক্ষেত্রনাথের খরে আলো। উমানাথ থিড়কি খুরিয়া বাজির মধ্যে ছুকিবার মতলবে টিপিটিপি কয়েক পা পিছাইয়াছে, কিন্তু ক্ষেত্রনাথের চোথকে হয়ত ফাঁকি দেওয়া ধায়, কান ভারি সজাগ। বলিলেন—কে ? কেন্ডু? এই ঘরে এসো। তোমার জন্তে বদে আছি কেবল—

হয়ত সতাই তাহার অপেক্ষায় বসিয়াছিলেন, কিন্তু নিতান্ত যে হাত-পা কোলে করিয়া বসিয়াছিলেন তাগা নহে। তিনটা দলিলের বাক্সই খুলিয়া ভালা তুলিয়া রাখা, প্রদীপে এক সলে অনেকগুলা সলিতা ধরাইয়া দেওয়া হইয়াছে, চোখে চশমা-আঁটা, স্তুপীকৃত দলিলের মধ্য হইতে একধানা বাছিয়া ক্ষেত্রনাথ মেজের উপর উবু হইয়া যেন ঐ দলিল্থানির উপর স্থিমিত চোখের সকল দৃষ্টিশক্তি ঢালিয়া দিয়া পড়িতেছিলেন।

উমানাধ কহিল-এথনো শোন নি আপান ?

परो किছू नृजन नााशात नम्न, व्याण्डर्य इहेबाद किছू नाहे हेशाला।

বৈষয়িক ব্যাপারে কেত্রনাথের সতর্কতা চিরদিনই অপরিসীন, এ বিষয়ে দিনরাত্রি জ্ঞান নাই। দলিলের বাক্সগুলি থাকে শোবার ঘরে ঠিক নিয়রের কাছ-বরাবর, প্রত্যেকটি দলিলের গায়ে একটুকরা করিয়া কাগজ আঁটা, তাহাতে কেত্রনাথের মহন্তে লেখা মুলমর্ম। নীতকালে এক-একদিন কাগজপত্র ঝাড়িয়া ঝুড়িয়া রৌজে দেন, সমস্ত বেলা নিজে পাহারা দিয়া পাশে বসিয়া থাকেন, আবার নিজের হাতে সমস্ত গোছাইয়া নৃতন কাপড়ের দপ্তরে সাজাইয়া বাঁধিয়া রাথেন। এমন অনেক দিন হইয়া থাকে, নিয়প্ত গভীর রাত্রি—এক ঘুমের পর কেত্রনাথের মনে কি রকম একটা গোলমাল লাগিল, উঠিয়া আলো আলিয়া বাক্স খুলিলেন, তারপর ত্-চারিটা দলিল বাহির করিয়া নিথিষ্ট মনে থানিক পাড়য়া দেখিয়া তবে নিশ্বিস্ত হইয়া শুইতে পারেন। গৃহিণী গত হইবার পর হইতে ইদানীং রোগটা আরও বাডিয়া গিয়াছে।

উমানাথ কহিল—রাত একটা-ছটো বেলে গেছে। **আর রাত** জাগবেন না দাদা।

ক্ষেত্রনাথ বাহিরের পানে চাহিলেন। কিন্তু জানলা বন্ধ, কি দেখিবেন? বলিলেন—রোসো। তাড়াতাড়ি কাগলপত্র তুলিয়া রাখিলেন, বলিলেন—এসো এদিকে, সিন্দুকটা ধরো দিকি—

---কোন্ সিন্দুক ?

বিরক্ত মুথে ক্ষেত্রনাথ বলিলেন—দিলুক ক'টা আছে তোমাদের বাড়ি? বাক্সর কথা বলছি নে, ঐ—ঐ দিলুক—

অনেক পুরানো দেশুন কাঠের অতিকায় দিলুক, কাঠগুলি কাল পাথরের মতো হইয়া গিয়াছে। এমন জিনিষ আজকালকার দিনে হয় না। আগে উহার সমশু গায়ে ফুল-তোলা অঞ্সরী-আঁকানো বিশুর সাজপত্র ছিল, তু-একটা করিয়া খুলিয়া পড়িতে পড়িতে এখন তার চিহ্নমাত্র ৰাই। ইদানীং ইহা বড় একটা ব্যবহারেও আসে না। এথানে সেথানে জ্বজার জোড় ফাঁক হইয়া করের এক কোণে অবহেণিত ভাবে পড়িয়া রহিয়াছে।

ধানিক টানাটানি করিয়া উমানাথ কহিলেন-চার-পাঁচ মনের ধাকা দাদা, নড়ে চড়ে না একটু--

—ভাল করে ধরো। বলিয়া কেত্রনাথ সিন্দুক ধরিয়া প্রাণপণ বলে কুলিয়া পড়িলেন। কিছুতে কিছু হয় না। পরিশ্রমের কলের হাঁপাইতে লাগিলেন, বলিলেন—দেবীদাস রায়ের সিন্দুক এর নাম—নড়বে কিসহজে? মধ্যে আবার তোমার ঐ সহায়রাম আর সার্বভৌম ঠাকুরের ভঙ্কির পিণ্ডি বোঝাই করা। এই রাত্রে খুলে যে সব বের করে ফেলা, সে-ও ত মহা ফালামের ব্যাপার—

চিস্তান্থিত মুখে ক্ষেত্রনাথ চুপ করিলেন। উমানাথ বলিল—এখন কি ওসব হয়? দরকার হলে সকালবেলা না হয় মান্থ্য-জন ডেকে সরিয়ে ফেলা থাবে—

বৃদ্ধির জাহাজ! ক্ষেত্রনাথ চটিয়া উঠিয়া বলিতে লাগিলেন—খুব কথা বললে তুমি! সকালবেলা লোক জানাজানি হয়ে বাবে না? যা করবার এখুনি করতে হবে।

সহসা বেন সমাধান দেখিতে পাইয়া ধলিলেন—এক কাজ কর দিকি, চালির থেকে বালিশ-বিছানা সব পাড়ো। ঐগুলো সিন্দুকের উপর সাজিয়ে রেখে দাও, বাইরে থেকে যাতে দেখা না বার। মনে হবে, এখানে কেবল বিছানাপড়োর গাদা করা রয়েছে।

সিন্দুক ঢাকা হইরা গেল। কেত্রনাথ আলো ধরিয়া এদিক-ওদিক ভাল করিরা দেখিলেন। দেখিরা খুশি হইলেন। বলিলেন—জগন্ধাত্রীত জগন্ধাত্রী, কুশান থেকে সহায়রাম রায় উঠে এলেও আর ধরতে হচ্ছে না। শিশুকের ইতিহাস উমানাথ সমন্ত জানে এবং আজ জগদ্ধাত্রী যে প্রামে আসিয়াছে সে কথাও তাহার কানে গিয়াছে। অতএব এখনকার আয়োজন দেখিয়া ব্যাপারে বৃঝিতে বিশ্ব হইশ না। বিশিল—এই ত ভাঙাচোরা খানকতক তক্তা—কি-ই বা জিনিয—এ দেখে তারপরে কি আর জগদ্ধাত্রী দিদি দাবি করতে আসবেন ? আর করেনই যদি, অনাথা বিধবার জিনিয—দিয়ে দেওয়া উচিত।

কৃষ্ণ দৃষ্টিতে চাহিয়া ক্রেজনাথ বলিলেন—কোনটা কার জিনিয—সে আমাদের সেকেলে সন্থাসন্থির কথা। তুমি তার কি থবর রাথ যে বলতে এসেছ ?

তাড়া খাইয়া উমানাথ নিরুত্তর হইল। ক্ষেত্রনাথ তামাক সাজিতে প্রবৃত্ত হইয়াছিলেন। মুখ ফিরাইয়া দেখিলেন, উমানাথ ধীরে ধীরে চলিয়া যাইবার উচ্চোনে আছে। কিঞ্চিৎ হাসিয়া সদয় কঠে কহিলেন—ভায়া আমার মনে মনে ভাবেন, দাদা দেশের লোককে ফাঁকি দিয়ে বিষয়-আশ্বর করেছে। জগজাত্রী আমায় এক চিঠি দিয়েছিল—দেখেছ ?

- šī! I

আশ্চর্য হইরা ক্ষেত্রনাথ কহিলেন—কোন চিঠি দেখেছ ? কি লেখা আছে বল ত ?

—দেশে ফিরে অবধি দিদি ত চের চিঠি লিখেছেন। দেই বে সহায়রাম কাকার ভিটেবাড়ির দরুন টাকা চেয়ে লিখেছিলেন—

ক্ষেত্রনাথ বলিলেন—ও ত হাদয় রাছের চিঠি—হাদয় শিথিয়ে দিয়েছে, জগজাত্রীর হাতের লেখাটা কেবল। আগের চিঠি দেখেছ ?

—তাতেও ঐ। নিথেছেন, বসতবাড়ির দক্ষন না দাও—বর সারাতে হবে, তারই সাহায্য বলে দাও গোটা পাঁচেক টাকা।

ক্ষেত্রনাথ অসহিষ্ণু ভাবে ঘাড় নাড়িয়া বলিলেন—সে আগের কথা

বলছি নে। তুমি সে সময় বিষ্ণুপুরে বেহালা বাজিয়ে বেড়াও। সহায়রাম রায় মারা গেলেন। জগদ্ধাত্রী সেই সময় দিলি থেকে চিঠি লিখেছিল। চিঠি নয় সে আমার দলিল। দেখেছ ?

উমানাথ তাহা জানে না। ক্ষেত্রনাথ বলিতে লাগিলেন—গোড়া না জেনে বলতে নেই। বিয়ের পর-বছর জগদ্ধাত্রীকে নিয়ে গেল পশ্চিমে। সহায়রাম খুড়ো মারা গেলে থবর দিলাম, কেউ এল না। জগো লিখল বাবার জিনিষপত্তর যা আছে—তুমি নিও; তুমি নিলেই বাবার তৃথি হবে। ঐ হলরের বাপে বরদাকান্ত রায় মশায় তথন বেঁচে। তিনি এসে বাদী হলেন, বলেন—আমরা হগাম নিকট জ্ঞাতি; সহায়রামেয় অস্থাবর আমাদের ডিঙিয়ে ক্ষেত্তোর চাটুজ্জে পর্যন্ত পৌছয় কি করে? লোক ভাকাডাকি, হলমূল কাণ্ড। জিনিষের মধ্যে ত খানকতক পিড়ি-বারকোষ আর ঐ দেবীদাস রায়ের সিন্দুক—ছাইতন্মে বোঝাই। আমারও ক্লেদ—তাই বা ছাড়ব কেন?

ছাইভন্ম? এই অঞ্চলের একটা বিখ্যাত বস্তু এই সিন্দুক, যা লইয়া সহায়রাম রায় পালা বাধিয়াছিলেন। এখনও ক্ষেত নিড়াইবার মরস্থমে চাষাভ্যার মুখে উহার দশ-বিশটা কলি মাঝে মাঝে শুনিতে পাওয়া যায়। ক্ষেত্রনাথ সিন্দুক খুলিয়া দেখেন নাই, খুলিলে হয়ত দেখিতেন ছাইভন্ম নয়, তাল তাল সোনা ফলিয়া আছে। সহায়রামের গানের ছ'টি ছত্র উমানাথের মনে ভাসিয়া বেড়াইতে লাগিল—

নিন্দুকের মধ্যে সোনার বৃক্ষ, বৃক্ষে ফলে সোনা,— আকাশের চাঁদ দিব পেড়ে (ও বাপ) সিন্দুক খুলিব না।

নিজের ঘরে আসিয়া উমানাথ দেখিল, ত্রন্ধিণী হয়ার ভেজাইয়া আঘোরে সুমাইভেছে। একটা জানলা খুলিয়া দিতেই টাটকা বুনো ফুলের গন্ধ আর সঙ্গে দক্ষে সিন্দুকের পালার কথাগুলি একটির পর একটি বেন বাহিরের ঘন অক্ষকারের মধ্য হইতে ভাসিয়া আসিতে লাগিল। কত রাত্রি অবধি সে আপনার মনে গুণ-গুণ করিতে করিতে অবশেষে এক সময় ঘুমাইয়া পড়িল। ঢাকা দেওয়া থাবার পড়িয়া রহিল, থাওয়া হুইল না।

দেবীদাস রায় সম্পর্কে জগদ্ধা ত্রীর ঠাকুরদাদা— সহায়লম রায়ের কি রকমের খুড়া হইত । বাপ ছিলেন দশক্মান্বিত ব্রাহ্মণ, ত্র-দশবর য়জমানের কল্যাণে কায়ক্রেশে সংসার চলিত । কিন্তু দেবীদাস ওপথেই গেল না, দিনরাত কেবল কুন্তি লড়িয়া লাঠি ভাজিয়া ছোটলোকের ছেলেদের সঙ্কে বেড়াইত। মজা টের পাইল—বাপের জীবনমন্তে। ব্যস্তাহার তথন কুড়ি-বাইশ। নিত্যকর্ম-পদ্ধতি খুলিয়া অবাধ্য অরণশক্তিকে বশে আনিবার রীতিমত প্রয়োজন পড়িয়া গেল। ঠিক এই সময়ে এক য়জমান-বাড়ি কি একটা ব্যাপাবে মংপরোনান্তি অপদন্ত হইয়া আসিয়া মনের য়ুণায় দেবীদাস নিক্রদেশ হইয়া যায়। লোকে বলিত—নবদ্বীপের কোন টোলে পড়িতে গিয়াছে। পড়ান্তনা কতদ্র কি হইয়াছিল জানা নাই, মাস ছয়েকের মধ্যেই একদিন সকালবেলা দেখা গেল, দেবীদাস ফিরিয়া আসিতেছে—সঙ্গে ত্র্থনা গরুর গাড়ি। একটা হইতে নামিল, বেশ গোলগাল গড়ন হাসিম্ব একটি বন্ধ, অকটি হইতে নামাইল ঐ বিশালকায় সিন্দুক।

মেরেরা আড়ি পাতিতে গিয়া দেখিয়াছে, নববধু গভীর রাত্রি
পর্যন্ত প্রদীপের সামনে তালপাতার পুঁথি লইয়া নিবিষ্ট মনে বসিরা
থাকিত, আর দেবীদাস খাটের অপর প্রান্তে অনেকটা দূরে অক্সদিকে
মুখ ফিরাইয়া ঘুমাইত কি, কি করিত কে জানে? মোটের উপর
বোঝা ধাইত, সরস্বতী-সম্পর্কিত ব্যাপারশুলাকে তথন ও দেবীদাস
সম্ভ্রমে পাশ কাটাইয়া চলে।

তারপর কেমন করিয়া বলিতে পারি না, বধুর সন্ধে ভাব জমিয়া আসিল। এক একদিন রাত্রে টিপিটিপি ঘরে ঢুকিয়া দেবীদাস অধ্যয়ন-রত বধুর যৌবনলিয়া তত্পত মুথের দিকে প্রলুক্ধ চোথে ক্ষণকাল চাহিয়া রহিত। তবু সন্থিং হয় না দেখিয়া একটানে বালিশ বিছানা বধু ও পুঁথিস্ক খাটখানি জানালার দিকে হুডমুড় করিয়া টানিয়া লইত, বধু চমকিয়া সলজ্জভাবে তাড়াতাড়ি বই বন্ধ করিয়া উঠিয়া দাড়াইত, মুথে ঈষৎ বিরক্তির ছায়া। তথনই সে তাব সামলাইয়া একটু হাসিয়া বলিত —অমনি করতে হয় ? এলে সাড়া দাও নি কেন ?

(मरीमांम शामिमूर्य हाविया थारक।

বধু বলিত—খাট সমেত টেনে নিলে, তোমার গায়ে জোর ত খ্ব—
দেবীদাস সগর্বে পেশীবছল স্কলন্ত হাত ত্থানি নাড়িয়া বলিতভারি ত! এতে আর জোরটা কি লাগে? আছো ঐ সিন্কুকটাও
চাপিয়ে দেও খাটের উপর। তারপর বেমন বসেছিলে তেমনি থাকো।
দেধ—

স্মাবার হাসিয়া বলিত—এ বদে বদে কেবল তালপাতা নাড়া নয়। বিশ্বয়ে বধুর চোথ কপালে উঠিত।—সত্যি পার ?

দেখ—বলিয়া দেবীদাস বধুকে ছোট্ট এঞটি তুলার পুঁটুলির মতো শুন্তে তুলিয়া ধরিত। তারপর লুফিয়া টানিয়া বুকের মধ্যে আনিতে বোলে বধু কাঁপিয়া চেঁচাইয়া উঠে।

তথন মাটিতে নামাইয়া দিয়া হাসিয়া দেবীদাস বলে—ভন্ন পেলেছ বজ্ঞ ? তারপর সদয় কঠে বলে—আর ভয় দেব না।

একদিন তুপুর রাত্তে ত্'জনে ঘুমাইয়া আছে। খুট-খুট শব্দ হইডেছে। বধু জাগিয়া উঠিয়া ভয়ে স্বামীর বুকের মধ্যে সুকাইল। ফিস-ফিস করিয়া কহিল—শুনছ? দেবীদাসেরও ধুম ভাঙিয়াছে। আংন্তে আঁতে উঠিয়া বসিল। বিলল
—চোরে সিঁধ কাটছে বোধ হয়। কিছু ভয় নেই, তুমি আমায় ছাড় ভ
একটু লক্ষী—

অনেক করিয়া বধুকে সে ঠাণ্ডা করিল।

খন-খন ভদ-ভদ—মাটি ঝরিয়া পড়িতেছে। ছোট সক্ষ জানলা, তাহারই নিচে সিঁধ কাটিতেছে। অন্ধকারের মধ্যে অনেকক্ষণ জানলার শাশে বসিয়া আছে। ক্রমে গর্ত কাটা হইয়া গেল। খানিকক্ষণ চুপচাপ, তারপর একটা কাল মাখা সিঁধের মুখের ভিতরে আসিতেছে।

वध् वाख रहेशा चाडुन निशा प्रशाहन-के-

চুপ—বলিয়া দেবীদাস তাহাকে থামাইরা দিল। বলিল—মান্ত্র নর, ও লাঠির মাথায় কাল হাঁড়ি। আগে ঐ পার্টিয়ে পরথ করে, কেউ পাহারা দিয়ে বসে আছে কি-না। চপ, চপ—

হাঁড়ি ঘরের মধ্যে অনেকথানি আসিয়া এদিকে-ওদিকে নড়িয়া চড়িয়া আবার বাহির হইয়া গেল।

আবার চুপচাপ। তারপর দেখা গেল, অতি সম্বর্পণে গর্তের আলগা নাটির উপর দিয়া ধীরে ধীরে আগাইয়া আদিতেছে সভ্যকার মাথা। অব্ধকারে দেবীদাসের মূথে তীক্ষ হাসি খেলিয়া গেল। চোর আর একটু আদিতেই তাহাকে স্পাপটাইয়া ধরিয়া চো-হো করিয়া সে হাসিয়া উঠিল।

নিতান্ত ছেলেমাহ্ব চোর, একেবারে ডাক ছাড়িয়া কাঁদিয়া উঠিল— আমি কিচ্ছু জানিনে ঠাকুর মশাই, আমায় ওরা ঠেলে পাঠিয়েছে—আমি নতুন লোক—

-- ওরা কারা ?

সঙ্গে সঙ্গে শোনা গেল, জন ছই-তিন দাওয়া হইতে উঠানে লাফাইয়া পড়িল। দেবীদাস হাসিয়া বলিল—যা হওভাগা বেকুব বেলিক—আর কাঁদিস নে, যাচলে—

বিশার প্রিয়া ভাষাকে ঠেলিয়া দিয়া পলায়মান একটি আবছা মৃতি কক্ষ্য করিয়া দেবীদাস ছুটিল।

বাড়ির সীমা ছাড়াইয়া বিল: লোকটি ছুটিতে ছুটিতে বিলে গিয়া পড়িল। শুকনার সময় বিলে জল-কাদার সম্পর্ক নাই। দেবীদাস তীরের মতো ছুটিয়াছে। কাছাকাছি আসিয়া বলিল—আর পালাবি কভদ্র ? বিলে এসেই যে ভুল করলি, বেকুব গাধা কোথাকার! এখানে গা-ঢাকা দিবি কোথায়?

কিন্ধ সে ভাবনা ভাবিবার আগেই চোর একটা উচু আ'ল বাধিয়া পড়িয়া গেল। দেবীদাস কাছে আসিয়া পড়িল, কিন্ধ গায়ে হাত দিল না। বিলল—এখন ধরব না। ওঠ বেটা, ছোট্—শেষে তুই ভাববি, গড়ে নাগেলে দেবীদাস রায় ধরতে পারত না—

লোকটি কিন্ধ উঠিল না, পডিয়া পডিয়াই কাতরাইতে লাগিল। পডিয়া গিন্না তাহার পা ভাঙিয়াছে। অতএন দৌডিন্না ধরিকার বাসনা হুগিত রাখিয়া দেবীদাস আপাতত চোরকে কাধে করিনা আসিল। দিন তিনেক ধরিয়া স্বামী-স্ত্রীতে নিত্তর তদ্বির করিয়া তাহাকে খাড়া করিয়া তুলিল।

একদিন বধু সেই চোরকে জিজ্ঞাসা করিল—কি মতলবে এসেছিলি ৰাবা ? জানিস ত আমরা ভিথিরি বামুন—

অনেক রকমে জিজ্ঞাসাবাদ করিয়া জানা গেল. এদেশে গুজর বিটিয়াছে—দেবীদাস রায় বিবাহ করিয়া সিন্দুক ভরিয়া বিহার টাকা আনিয়াছে! লোভে পড়িয়া অনেকে তাই নিশিরাতে এই বাড়ি ইটিটাইটি করে—

বধ্বশগ—টাকা নয় বে বাবা, সোনার তাল। সিন্দুকে সোনার গাছ আছে—তাল তাল সোনার ফলন হয়…সে আমি দেখাব না ত— কিছুতেই না।

তারপর হাসিতে হাসিতে সিন্দুকের ডালা উচু করিয়া ভূলিয়া ধরিল। অগণিত তালপাতার পুঁথি। তাহারই কয়েক বোঝা ভূলিয়া উন্টাইরা পান্টাইয়া সিন্দুকের ভিতর দেখাইল। অজম পুঁথি, তা ছাড়া আর কিছু নাই।

ৰধূ বলিল--আমার বাবা মন্ত বড় সার্বভৌম গণ্ডিত, মরবার সময় সিন্দুক-বোঝাই এই সব ধনরত্ব দিয়ে গেছেন--এর এক টুকরা আমি কাউকে দিতে পারব না বাপু---

এক বছরের আগ-পাছ স্থামী-ক্ত্রী অপুত্রক মরিল। দেবীদাসের স্থাবর-অন্থাবর সকল সম্পত্তি সহায়রামে বর্তাইল। সহায়রামের পৈতৃক তেজারতির কারবার ছিল; কিন্তু এক ছবারোগা রোগে সমস্ত মাটি করিয়া দিল। সহায়রাম পালা লিখিতেন—যাত্রার পালা, কীর্তন-কথকতার পালা—ছই কানে যাহা শুনিতেন, পালায় বাঁধিয়া বাসয়া খাকিতেন। বন্ধকি কাগজ-পত্ত অন্দরে গিয়ির বাজ্যে ভালাবন্দি ইয়য়া খাকিত, দেবীদাস রায়ের সিন্দুকটি কেবল সহায়রামের নিজন্ম সম্পত্তি— ওটি থাকিত বাহিরের চন্ত্রীমণ্ডপে! ভোরবেলা সকলের আগে উঠিয়া আসিয়া সিন্দুকের উপর বসিয়া বসিয়া তিনি হার ভাজিতেন। খাগের কলম ও হলদে কাগজের খাতা বাহির হইত। লোকজন আসিতে শুক্র ইইলে থাতাকলম আবার সিন্দুকে চকিত।

প্রোঢ় বয়সে সহায়রামকে বড় শোকতাপ পাইতে হয়। তিনটি ছেলে ওলাউঠায় মরিয়া গিয়া একেবারে নির্বংশ হইলেন। আগে ধা একটু কাজকর্ম দেখিতেন, ইহার পরে তাহা একেবারে বন্ধ হইয়া পেল— বড একটা ৰাড়ির মধ্যেই আসিতেন না, সমন্ত দিন ও অনেক রাত্রি অবধি সিন্দুকের উপর চুপ করিরা বসিরা থাকিতেন। এক এক সমরে গানের খাতা খুলিয়া হুর ধরিতেন। হুর খুলিত না, গলা আটকাইরা ৰাইড, চোথের জল খাতার উপর টপ-টপ করিরা বরিরা পড়িত।

এই সময়ে জগদাত্রীর জন্ম হয়।

মেরের যতদিন বিবাহ হয় নাই, মেরে ছাড়া কিছুরই তিনি থোঁজ রাখিতেন না। গিরি মারা গেলেন, মেরে শ্বশুরবাড়ি চলিয়া গেল, সহাররামের যাহা-কিছু ছিল মেরের বিবাহে উজাড় করিয়া দিয়া দিলেন —দিলেন না কেবল ঐ সিন্দুক। নিরালা খোড়ো ঘরে কর্মহীন রুদ্ধের জীবনাস্তকাল পর্যস্ত ঐ সিন্দুক ও গানের খাতা সম্বল হইয়া রহিল। উমানাথ সেই সময়ে রাতদিন বুড়ার সঙ্গে লাগিয়া খাকিত। তার জনেক দিন পরে সহায়বামের মৃত্যুর পর তাঁহাকেই শুক্র বলিয়া ভণিতা দিরা উমানাথ কবিব দলে গান বাঁধিতে শুক্র করিয়াছে।

পরদিন বেলা বোধ করি প্রাত্রথানেক হইবে, জগদ্ধাত্রী সর্ক্রপণে পা ফেলিতে ফেলিতে ভিতরেক উঠানে দাড়াইল। পরণে তাহার অতি জীর্ণ একধানি মটকার থান; রান হটয়া গিয়াচে, ভিজা চুলের উপর ফেরতা দিয়া আঁচল জড়ানো।

—কই গো, মানুষ-জন কোথা ?

প্রথমটা জবাব আসিল না। আরও ত্-একবার ডাকাডাকি করিছে তর্মিনী বাহিরে আসিল। দাওয়ায় পিঁড়ি পাতিরা দিরা মুথ কালো করিয়া প্রণাম করিতে গেল। জগদাত্রী তাড়াতাড়ি পা সরাইয়া বলিল—
ছুঁয়ে দিও না, দিদি। তোমাদের কর্তাদের সলে কাজ ররেছে, কাজ সেরে এই পথে অমনি মঠবাড়ির মছেবে বাব। তুমি ত উমানাথের বৌ—

ৰাতির গিন্নি হরেছ এখন। দেখি—দেখি—সেদিনকার উমানাথ—তার আবাব বৌ, সে হল গিন্নিঠাকরণ—বলিয়া হাসিতে গিন্না ডেমন করিয়া হাসিতে পারিল না। বলিল—কি জ্বন্দর সোনার সংসার আগলে বঙ্গে আছিস বৌ, দেখে বে হিংসে হর!

সেজবৌ ও চোটবৌ বাটে সিয়ছিল। সমন্ত ৰাটের পথ বকবক করিতে করিতে এখন আসিরা রায়াঘরে কাঁথের কলসি নামাইল। আচনা মান্ত্রন দেখিরা কপাটের আডালে দাঁডাইয়া গেল। জগদাত্রী ডাকিল—ইদিকে আর, বোমটা দিচ্ছিদ বে বড়! আমার কুটুম্ব ঠাওরালি নাকি? মুখ তোল—তোল শিগুগির—

বোমটা টানিরা শাস্ত সভাভব্য হইয়া থাকা ছোটবৌর পক্ষেও ত্রুহ ব্যাপার। মুথ ভূলিরা একবার চাহিরা আবার সে বাড় নামাইল।

ৰগদ্ধাত্ৰী বলিল—আমার যে ছোঁবার যো নেই, ওগো ও গিন্ধি-ঠাকরুণ, এখানে এসে দে দিকি এই বৃষ্টু মেয়ে ঘটোর পিঠে ঘটো কিল ৰসিয়ে—

তরন্ধিনী আসিয়া উভয়ের খোমটা খুলিয়া দিল। খুলি কইয়া জগদ্ধাত্রী বলিতে লাগিল—বাং বাং, চাঁদের মতো মেয়ে—লক্ষী-সরন্থতী ছ'টি বোন। অংলা, ও মেয়েরা, টিপিটিপি কাসছিস বে ৰড! জানিস আমি কে?

বধুরা বোকা নয়। ছোটবৌ বলিল—আপনি পিসিমা—

কৃত্রিম রাগ দেখাইয়া জগদ্ধাত্রী বলিল—জবাব শোন একবার। পিসিমা! গুণের নিধি শশুরঠাকুর বলে দিয়েছেন বৃঝি? কেন গুণু মা হলে দোষটা কি? কাঁরে, মা বেঁচে আছেন গু?

জগদ্ধাতী বলিল-নেই ? থেরে-দেরে অবসর হরেছিস ?

নানা কথার বেলা বাড়িরা আসিল। বছকাল পূর্বে যথন এ-রুগের এই সব নৃতন মান্থবের দল পৃথিবীকে দখল করিয়া বসে নাই, তথন এই আমেব মধ্যে এই বাড়ির চভু:সীমায় এই উঠানের ধূলার উপর অতীতের আর এক দল কিশোর-কিশোরী দিনের পর দিন যে-সব হাসি ও অঞ্চছড়াইরা বেডাইত সেই কীণ বিশ্বত কাণকাগুলি একজনে কুড়াইরা কিরিতেছে, আর তুইজন তাহারই মুখের দিকে চাহিলা একেবাবে মগ্র হইরা বসিরা আছে। হঠাৎ বাহিরে অনেকগুলি গলার আওয়াক শুনিয়া কাগরাতী চুপ করিল।

ছোটবৌ থিলথিল করিরা হাসিরা উঠিল—গল্পে গল্পে ফাঁকি দিরে কত বেলা করে দিলাম, আপনি কিচ্ছু টের পান নি। এত বেলায় মচ্চবে পিরে আর হবে কি ?

জগদ্ধাত্রী উত্তর করিল না ! কান পাতিয়া ক্ষণকাল বাহিরের কথাবার্তা ভানিরা একসমরে সে উঠিয়া দাঁডাইল। বলিল—হাদয়েব গলা চিনিস ভোরা ? ও কি হাদর কথা বলচে ? উল্—এখনও এলো না, আছো মাত্রষ !

মেজবৌ বলিল—আপনি বদে বদে গল্প করন মা, আমি কাপড় ছেডে জল-টল এনে দিছি, ভারপর রামা চাপিয়ে দেবেন। বেশ ত ছচ্ছিল, আপনি ব্যক্ত হয়ে উঠে পড়লেন—

মৃত্ হাসিরা জগদ্ধাত্রী বলিল—গল্প করব বলে আসিনি মা, রাশ্না করব বলেও আসিনি—এসেছি কাদ্ধে। হাদয়ই মৃশকিল করল। ক্ষপণেরে বলিল—বাড়িতে ট্যা-ভ্যা করছে না—তোদের বৃঝি সে পাট হয় নি এখনও?

ছোটবৌ ভালমান্তবের মত মেজবৌকে দেখাইরা কহিল—হয়েছে মেজদির একটা—সাত বছরের খোকা। মেজদি নিজেও এবার সতেরয় পড়েছে!

তাহার কানের পাশে কতকগুলি চুল উড়িতেছিল, থপ করিয়া তাই ধরিয়া আচ্ছা করিয়া টানিয়া মেজবৌ ছোটবৌকে শান্তি দিল। সম্পর্কে ছোট জা, বয়সেও বোধ করি কিছু ছোট, শান্তির কটে সেহাসিয়া কেলিল। মেজবৌ বলিতে লাগিল—ছেলে একলা আমার নয় মা, উর-ও।বল তুই আভা, ছেলে তোর নয়। বল—

আভা তাহা বলিতে পারিল না। বলিল—ছেলে আমাদের তিন শাশুড়ি-বৌর। বলিয়া রামাঘরে তরাদণীর উদ্দেশে হাত তুলিয়া দেখাইল। বলিতে লাগিল—বড়-জা মারা যাবার পর থেকে নিতু থাকত মামার বাড়ি। গেল বছর এখানে এসেছে। সেই থেকে আদের দিয়ে দিয়ে মেজদি ওকে যা করে তুলেছে—

মেজবৌ ঝঙ্কার দিয়া উঠিল—আৰ তুই বজ্জ ভাল, না ? মিথ্যে কথা বলিসনে আভা, তা-হলে ভোর সমন্ত কীতি বলে দেব একুণি। জগদ্ধান্তীর দিকে চাহিয়া হঠাৎ জার এক প্রশ্ন করিল—আপনার ছেলে-মেয়ে নেই ?

শ্মিত মূথে জগন্ধাত্ৰী কহিল—কে বললে নেই ? এই ত কতগুলি ব্যেছিস তোৱা।

উঠানের প্রান্তে ডালপালায় আছের ছোট একটি পেয়ারা গাছ। সংসা নজরে পড়িল, গাছের নিচের দিককার ডালপালাগুলি ভয়ানক আলোলিত ২ইতেছে। স্বাধ্যে নজর পড়িল মেন্ধবৌর!

—কে রে ? ত্-একটা কুশি পড়েছে, হতভাগাদের জালায় থাকবার জোনেই। কে রে তুই, কথা বলিদ নে ?

ছোটবৌ আগাইয়া উকি দিয়া দেখিয়া কহিল—আবার কে? সেই ডাকাত। ইস্কুল-টিস্কুল এর মধ্যে হয়ে গেছে ভোমার? কথন এসে স্কুড্-স্কুড় করে গাছে চড়ে বসেছ···নেমে এস একুণি— ডাকাত বিনাৰাক্যে নামিয়া আসিল। বাড়ির মধ্যে একমাঞ ছোটকাকীকে সে মংকিঞ্চিৎ সমীহ করিবা থাকে!

ছোটবৌ বলিতে লাগিল—সেদিন মানা করে দিইছি, তবু ডালে ডালে হন্মানের মত লাফাভে লেগেছে—হাত-পা ভেঙে পড়ে মরবে বে কোন দিন—

উচ্চকণ্ঠে পাড়া জানাইয়া বিশেষত একজন বাহিরের গোকের সামনে এই প্রকার তুলনামূলক আলোচনায় নিতাই অপমান জ্ঞান করিল। স্বাড় ক্লিরাইয়া হাত তুলিয়া বলিল—মারব।

ছোটবৌ হাসিয়া বলিল—ইস্—কত বড় মুরোদ! আয় দিকি
কাচে এগিয়ে, কে কাকে মারে—আয়—

নিতাই আর আগাইল না, তা বলিয়া পরাধ্য স্বীকারও করিল না। স্বস্থানে দাড়াইয়া বীরোচিত ভদিতে পুনশ্চ কহিল—মারব।

শগদাত্রী উঠানে নামিয়া আসিল। কহিল—শুরুজনকে মারতে চাচ্ছ, এই তোমার বৃদ্ধি হয়েছে থোকা ? ছি:—

এবারে খোকার নজর পড়িল জগদাত্রীর উপর। মারব—বলিয়াই বোধ করি তাহার মনে হইল, তয় দেখাইবার এই মামুলি কথায় তেমন আর জোর বাঁধিতেছে না। সহসা আর এক পছা ধরিল, বলিল—দে, আমার রেলগাভি দে—

- --কাল যে দিলাম।
- —সে ছাই গাড়ি। কলের গাড়ি দিবি বলেছিলি, দে একুণি।

ৰূগছাত্ৰী হাসিতে হাসিতে বলিল—রেলগাড়ি আমি গড়াই নাকি? মেলা থেকে কিনে ত দেবো—

অতএব অগন্ধাত্রী নিতাস্তই বে-কামদায় পড়িয়া গিয়াছে। দে একুণি—বলিতে বলিতে উম্বত হাতে নিতাই তীরবেগে ছুটিয়া আদিল: ছোটবৌ তাড়া দিয়া উঠিল—ধবরদার, ছুঁয়ে দিও না ওঁকে। গুৰু কাপড়চোপড় পরে মঠবাড়ি বাচ্ছেন—

নিতাই ছুঁইল না। খু: খু:—করিয়া মুখের সমুদ্য চিবানো শিপথারা কগছাত্রীর পায়ে চালিয়া দিল। দিয়াই পলাইতেছিল, কগছাত্রী ধরিথা কেলিরা ঠাস-ঠাস করিয়া পিঠে দিল তুই চাপড়। প্রবল চিৎকারে নিতাই আছড়াইয়া মাটিতে পড়িল।

তরন্ধিনী কোথার ছিল, হাঁ-হাঁ করিয়া আসিল। সকলের নিকে অখিদৃষ্টি হানিয়া বিনাবাক্যে সে ছেলে কাড়িয়া লইয়া গেল। ঘরের মধ্যে গিরা নিভুর কারা থামিল। ভাহাকেই সম্বোধন করিয়া তরন্ধিনী ভীক্ষকঠে বলিতে লাগিল—আর যদি কারও কাছে যাস হতভাগা ছেলে, মেরে একেবারে খুন করে ফেলব। শভুরের হাতে ছেলে ফেলে দিয়ে স্ব দাঁড়িয়ে ভাষাসা দেখে—

তাহার পর করেক মুহুর্ত নিস্তব্ধতা। কোন দিক দিয়া কোন সাড়া আসিল না দেখিয়া এবারে তরজিনী ঘরের আড়া-খুঁটিগুলিকেই শুনাইয়া শুনাইয়া বলিতে লাগিল—ামছরির ছুরি! গ্রামহ্রদ্ধ মাহ্র্য ডাকাডাকি, কি সমাচার ?—না জমিদারি-তালুকদারি সমস্ত কাঁকি দিয়ে খাছে, তার সালিশি হবে। আবার ইদিকে বাড়ির ভিতরে এসে কত রক্তরস! ছেলে খুন করার মতলব—ধনে, প্রাণে মারতে এসেছে আমাদের।

মেজবৌ কথন উঠিয়া গিয়াছে। ছোটবৌ মুখ লাল করিয়া নথ খুঁটিতে লাগিল। জগজাত্রী কথা কহিল, কিন্তু কণ্ঠম্বরে উত্তাপ নাই, বলিল—ছেলেকে অত আদির দিও না বৌ। একটু শাসন করলে ছেলে খুন হয়ে যায় না—

ব্যরের মধ্য হইতে জবাব আসিল—পেটের ছেলেকে শাসন করুক-গিয়ে লোকে— মান হাসি হাসিয়া অগদ্ধাতী বলিল—তা বে নেই।

মুখের কথা কাড়িয়া তরঞ্জিণী বলিতে লাগিল—ভগবান দেয় নি। সে অন্তর্যামী—সব বোঝে, খুনে মেয়েমান্থবের কোলে দেবে কেন? যে যেখানে ছিল সব শেষ করে এখন আমার সংসারে নজর দিতে এসেছে—

— কি, কি বললি ? জগজাত্রী বাধিনীর মতো উঠিয়া চক্ষের পলকে উঠানের এই প্রাপ্ত অবধি আগাইয়া আদিল। বলিতে লাগিল—বুঝি গো বুঝি, থাওয়া জিনিষ উগরে দিতে বড্ড লাগে। কিন্তু এত দেমাক ? দর্পহারী আছেন, এখনও চক্রস্থা আছে। আমি আর কি বলব!

গলা আটকাইয়া আদিল, সামলাইয়া লইয়া বোধ করি যাহাতে সেই দর্পহারীর কান পর্যন্ত পৌছিতে পারে এমনি উচ্চকণ্ঠে কহিতে লাগিল—ছেলের দেমাকে মরে বাচ্ছিস, তব্ যদি নিজের ছেলে হত! খোঁটা দেবার জিনিষ এ নয় বউ, এক দণ্ডে কার কি হয়ে যায় কেবল ঐ উপর-ওমালা জানে—

মুহুর্তের জন্ম জগদ্ধান্তীর বোধ করি একটি অতি চরমক্ষণের কথা মনে পড়িয়া গেল। বিয়ে তথন তার খুব বেশি দিন হয় নাই। নৃত্ন গিন্ধীপনার আনন্দে লজ্জায় দিনগুলি উড়িয়া চলিয়া যায়। জগদ্ধান্তী ছ-মাসের অন্তঃসন্থা। স্বামী কণ্ট্রাক্টরি কাজ করিতেন, তুপুরের পশ্ন দিব্য পান চিবাইতে চিবাইতে ভালমাম্য বাহির হইয়া গোলেন, ঘণ্টা ছুই পরে তাঁহাকে ফিরাইয়া আনিল। সর্বান্ধ রক্তে ভাসিতেছে, চক্ষ্ মুদ্রিত, এক উচু পাঁচিলের উপর হইতে পড়িয়া গিন্ধা প্রাণ্টুকু ধুক্ষ্ক করিতেছিল, বাড়ি আনিবার পথে তাহা নিংশেষ হইয়া গিয়াছে। জগদ্ধান্তী আছাড় খাইয়া অজ্ঞান হইয়া পড়িল। একবার জ্ঞান হয়, আবার তথনই অজ্ঞান হইয়া পড়ে। পরের দিন প্রস্ব করিল অপরিণত একটি রক্তপিও, মানব-শিশু বলিয়া তাহাকে চিনিবার জ্ঞা নাই। মিছা

কথা নয়,—মিছা কথা বলে নাই তরঙ্গিণী। মা হইয়া নিজের শিশুকে সত্যই সে খুন করিয়াছে। তারপর কতদিন গিয়াছে, এখনও মাঝে মাঝে সেই সব মনে পড়িয়া দৃষ্টি তাহার ঝাপসা হইয়া আসে।

বাহিরে তথন অনেকগুলি কণ্ঠ চিৎকারের যেন প্রতিযোগিতা চালাইয়াছে। গুলয় ব্যস্ত হইয়া আসিয়া ডাকিল—দিদি, আহ্বন তো শিগ্গির। তারপর হাসিয়া গলা খাটো করিয়া বলিতে বলিতে চলিল—আছো এক মজা হয়েছে। বিপিন চকোভি-টকোভি স্বাই হাজির, তারই মধ্যে ক্ষেণ্ডোর-দা আপনাকে সাক্ষি মেনে বসেছেন। এইবার আপনি স্ব কথা বলুন গিয়ে—

ক্লান্তি জগদ্ধাত্রার মুখের উপর বিন্তীর্ণ ইইয়াছে। করুণকণ্ঠে বিলিল—

তর মধ্যে আর আনাকে কেন? আমি বাইরের দিকে থাকব। ভূমি

যা হয় কর গিয়ে হাদয়, তে গগুগোলে আমাকে টেনো না—

— সে কি? হানর আশ্চর্য হর্যা কহিল—গগুণোল কোথায়? এত ঠিকঠাক করে শেষকালে পিছিয়ে গেলে চলে? বলিয়া ভাষার মুখের দিকে তাকাইয়া দেখিল। বলিতে লাগিল—আমার দিদি এক কথা। ষাটটি টাকা দেবো, নগদই দেবো,—কাল চান কালই পাবেন। আপনি গিয়েই ঘর মেরামত আরম্ভ করতে পারবেন। কিন্তু দশজনের মেকোবেলা জমিটা নির্গোল হওয়া চাই—

একটু চুপ থাকিয়া মৃত্ মৃত্ হানিয়া আবার বলিল—বাপের বাড়ির গ্রাম—কার সামনে বেকতে লজ্জা হচ্ছে ঠিক করে বলুন ত ? কেন্ডোর-দা রয়েছেন বলে বুঝি—

তীক্ষ খরে জগদ্ধাত্রী বলিয়া উঠিল—আমি কাউকে গ্রাহ্ করি নে, চলো— গ্রামের অনেকেই আসিয়াছেন। বিপিন চক্রবর্তী মহাশয় বয়সে সকলের বড়; এতকণ যা কথাবার্তা হইয়াছে, জগদ্ধাত্রীকে সংক্রেপ ব্রুগাইয়া দিলেন। মাঝথানে হাদয় বাধা দিয়া বলিল—ও সেটেলমেকের কথা ধরবেন না আপনারা, টাকে ত্-পরসা গুজতে পারলে 'হয়'কে বছনেদ 'নয়' করা যায়। সহায়রাম জেঠার বসতবাড়ি ছিল সিদ্ধানিকর। তিনি মারা যাবার পর ঘরদোর পড়ে গেল, ভিটের উপর একইাটু জলল হয়ে পড়ল। তারপর ক'বছর পরে ক্রেল্ডোর-দা ওঁর উত্তর-বাগের বেড়াটা ঘুরিয়ে ও-জমিটাও ঘিরে কেললেন। আমি বললাম—ক্রেডোর-দা, কাণ্ডটা কি? জবাব দিলেন—ওরা দেশে-ঘরে এসে যথন দাবি করবে তথন ছেডে দেব; পোড়ো জায়গাটুকু বেড়া দিয়ে নিলে ওদিকে মজা-দীঘি পড়ে যায়, ত্-পাশে আর বেড়া বাঁধতে হয় না, অনেক থরচের আসান হয়। তথন কেউ আর বাদী হয় নি, এসে ঝগড়া করতে কার মাথাব্যথা পড়েছে? এবার জগদ্ধাত্রী দিদি তাঁর পৈত্বক ভিটে চাছেন—অনাথা বেওয়া মানুষ, আপনারা দশজনে বিচার কর্জন—

ক্ষেত্রনাথ গর্জন করিয়া উঠিলেন—মিথ্যে কথা!

বিশিন চক্রবতী বলিলেন—তা হলে তুমি বা বলবে, বলো ক্লেন্ডোর নাথ—

ক্ষেত্রনাথ জুদ্ধকঠে ঘাড় নাডিয়া বলিলেন—আমি কিছু বলব না চক্ষেত্রি মশায়, আমি ত বলেছি—আমি এক কথাও বলব না। ও-ই বলুক। উত্তেজনার বশে স্বর কাঁপিতে লাগিল। বলিলেন—হাদয়ের সঙ্গে যোগ-সাজস করে বড় আজ বাদী হতে এসেছে, ও বলুক আজ আপনাদের দশজনের সামনে—ওর বিশ্বের পর্বিদন, ফাল্কন মাসের সতেব তারিথে তারিথি তারিথটা পর্যন্ত আজো মনের মধ্যে আঁকা রয়েছে—কুলীন বর্ষাত্রীরা বেকৈ বসল, মর্যাদা না পেলে থাওয়া-দাওয়া করবে না। সহায়রাম খুড়ো

চোধে অন্ধকার দেখলেন—সেই সময় কে রক্ষে করল ? বলো জগন্ধাত্রী, বলো—মনে আছে সে সব দিনের কথা ? আমার মা'র বাজ্বন্ধ কেশব দিন্তর কাছে বন্ধক দিয়ে চল্লিশ টাকা এনে দিলাম, সহায়রাম খুড়ো আমার হাতথানা ধরে কেঁদে ফেললেন। বললেন, মেয়ে আমার রাজার ঘরে গেল—সে কিছু নিতে-থুতে আসবে না। তোমার এ টাকা শোধ করতে পারি ভাল, না পারি জমাজমি বাড়ি-ঘর-দোর সমস্ত ভোমার। থাকত যদি কেশব দত্ত বেচে, সে বলত; এখন ও-ই বলুক—

জগজাত্রী আগ্রেডের বাঁশ ধরিয়া অন্ত দিকে চাহিয়াছিল, ভাহাকে উদ্দেশ করিয়া বলিতে লাগিলেন—বলো সব। সহায়রাম কাকা মাত্রেও বসে, ভূমি থাটের পাশে দাঁড়িয়েছিলে লাল বেনারসি পরে। অনেক বর্মাত্রী বউ দেখতে এলো সেই সময়—বলো ভূমি, সে সত্যি নয় ? আমি এককথায় সমস্ত ছেড়ে দিছি।

জগন্ধাত্রী কথা বলিল না, তেমনি মুখ ফিরাইরা দাঁড়াইয়া রহিল। জবাব দিল হাদয়। বলিল—কিন্ত আমরা শুনেছি, সে টাকা শোধ হয়ে গেছে। তা ছাড়া চল্লিশ টাকায় অতটা নিম্বর জমি হতে পারে না।

ক্ষেত্রনাথ বলিলেন—তোমরা স্বপ্নে শুনেছ। চলিশ টাকা কি বলছ—
কেশব দত্তর কাছ থেকে বন্ধক ছাড়িয়েছিলাম তার ডবল আশি টাকা
দিয়ে। তার উপর আরও কত বছর হয়ে গেল, স্থানের স্থান তম্ম ধরব
না ? কত টাকা হয় তা হলে ? সিকি পয়সা রেহাত দিছিছ নে।

একটু থানিয়া বলিতে লাগিলেন—আজ হানয় তোমার বড় আপনার হল জগদ্ধাত্রী, কোথায় ছিল সেদিন ওরা ? ওর বাপ বরদাকাস্ত ত সেই-থানেই ছিলেন, চল্লিশটা পয়সা দিয়ে কোন স্বস্থ সেদিন সাহায্য করে নি।

জগদ্ধাত্রী একবার হৃদরের মুথের দিকে চাহিল। তারপর বলিল— বাবা কেশব দত্তর টাকা শোধ করে দিয়েছিলেন। অগ্নিদৃষ্টিতে চাহিয়া ক্ষেত্রনাথ বলিলেন—তোমার কাছে টেলিগ্রাফ হয়েছিল বুঝি ?

- —ৰাবা চিঠি লিখেছিলেন।
- —দেখাও চিঠি।

জগদ্ধাত্রী একটু ইতন্তত করিয়া কহিল—এত দিনের চিঠি…তাই কি থাকে ?

শেতনাথ অধীর কঠে কহিতে লাগিলেন—থাকে, থাকে—সত্যি হলে পমন্ত থাকে। আমার কাছে টুকরা কাগজথানি অবধি রয়েছে। পাঠশালে যে দাগা বুলিয়েছ তা পর্যন্ত বের করে দেখাতে পারি। বলিয়া মৃত্ হাসিয়া বলিলেন—এত কথা শিথিয়ে দিতে পেরেছ হুদয়, আর একথানা চিঠি যেমন-তেমন করে জোগাড় করে রাখতে পার নি ?

স্থারও মহাক্রোধে সম্চিত জবাব দিতে যাইতেছিল, নিবারণ মজুমদার স্বধাবতী হইয়া কলহ থামাইয়া দিল। নিবারণ কহিল—মোটের উপর আপনি কিন্তু ঠকে গেলেন চাটুজ্জে মশায়, জগদাত্তী ঠাকরুণকে সাক্ষি মেনেছিলেন আপনিই—

ক্ষেত্রনাথ সে কথা আমলেই আনিলেন না। হাতমুখ নাড়িয়া কহিতে লাগিলেন—কিনের ঠকা? ও মিখ্যেবালী, মহাপাপী—যা বলবে তাই হবে নাকি? আইন-আলালত রয়েছে, মামলা করে নিকগে। আমার আজ চল্লিশ বছরের দখল, গ্রামের সমস্ত লোক দেখছে, মিথ্যে বলে ও ত কেবল নিজের প্রকাল খোয়ালে—কামার কি?

নিবারণ কহিল—গ্রামের সমন্ত লোক আপনার দিকে সাক্ষি দেবে, তা-ই বা কি করে জানলেন !

ক্ষেত্রনাথ কহিলেন—দিক ঐ দিকে দাক্ষি—গ্রাহ্ম করি নে। এটা কোম্পানির রাজত্ব—স্থামার দলিল রয়েছে, জরিশের রেক্ড—তার উপর মতি বিখেসের মেয়াদি কৰলুতি। বিপিন চক্রবতীকে লক্ষ্য করিয় বলিলেন—চক্কোতি মশার, আপনি বহুন একটু। বখন পায়ের ধূলো পড়েছে মতি বিখেসের করুলতিটা একবার দেখে বান।

ক্রতপারে ক্রেত্রনাথ মরে গেলেন।

বরের কোণে দেবীদাস রায়ের সিন্দুক বিছানায় বালিসে বিলুপ্ত হইয়া রহিষাছে, কোন চিহ্ন নজরে পজে না।

ক্ষেত্রনাথ দলিলের ছই নম্বর বাক্স খুলিয়া মুহুর্ত মধ্যে কবুলতি লইয়া বাহিবে আসিলেন।

—দেখুন, দেখুন রেজেন্ট্রির তারিখটা হল কোন দাল ? হিসেব করে দেখুন, তেত্তিশ বছর হয়ে গেছে। বিশ্বেস জ্বল কেটে চাষবাস করবে এই চুক্তিতে মেয়াদি বন্দোবন্ত। আপনি ত বৈষ্ট্রিক লোক—বলুন এবার, দুখলি-স্বত্ব প্রমাণ হয় কি না ?

ফিরিবার পথে বিপিন চক্রবর্তী কহিতে লাগিলেন—আমি বুড়োমান্থয, অনর্থক আমাকে এই সব ফাঙ্গামে টেনে আনা। কেঁদে করবি কি মাজগদ্ধাত্রী, ওর আর কোন উপার নেই। বাষের মুধ থেকে মান্থয় কেরে, কিছ ক্ষেন্তোর চাটুজ্জের হাত থেকে বিষয়-সম্পত্তি ক্ষিরেছে কেউ কোনো দিন শোনে নি। সেবারে কি হল, ঐ বাস্থলডাগুর ভড়দের সঙ্গে । ভড়দের সেজবাব্ এত লাফালান্ধি—হেন করেঙ্গা তেন করেঙ্গা—শেষ কালে দেখি ক্ষেন্তোরনাথ ওয়াসিলাতস্ত্ত্ব আদান করে নিলে। মনে পড়ছে না হে নিবারণ ?

বিকালবেলা ক্ষেত্রনাথ সেই চণ্ডীমগুপেই বসিয়াছিলেন। মাত্রের উপর একদল প্রজা-পাটক। গোমন্তা রাথাল হাতি দাথিলা লিখিরা টাকা লইতেছিল। নানারূপ গল্প হইতেছিল, বিশেষ করিয়া ও-বেলাকার বিজয়-কাহিনী। রাথাল একবার মুথ তুলিয়া ব**লিল—ঠাকরুণের শ্বন্ত**র-বাড়িয়া ত থুব ধনীলোক—

হা—হা করিয়া হাগিয়া ক্ষেত্রনাথ কহিলেন—খুব ধনী—ব্ঝলে, একেবারে রাজা রাজবল্লভ। আমার ভাষা একদিন গেছলেন সেথানে। তার মুথে রাজবাড়ির বর্ণনা পাওয়া গেল। ভাঙা পাঁচিলের উপর একথানা দোচালা, নারকেল পাতার ছাউনি, অগুস্তি ফুটো। তায়ে তায়ে দিব্যি চাঁদের আলো পাওয়া যায়—

রাথাল বলিশ-দেশেও ত ওদের বিস্তর জমিজমা ছিল, সে সব কি হয়ে গেল ?

ক্ষেত্রনাথ বলিলেন—দেনাও ছিল একরাশ। সবাই মরে হেজে গেল, মহাজনেরা আর সব্র করল না। এখন থাকবার মধ্যে ঐ দোচালা অট্টালিকা আর বিঘেখানেক আমবাগান—

বলিতে বলিতে হাসির মধ্যে অকারণেই ক্ষেত্রনাথ রুথিয়া উঠিলেন—
কিন্তু আমি এই বলে দিলাম রাখাল, আমার কাছে যেন সিকি পয়সার
প্রত্যাশা না করে। তোমাকে চকুম দেওয়া রইল, উমানাথ হোক আর
সে নিজেই হোক যদি এসে প্যানপ্যান করে—সিকিপয়সার সাহায্য না
পায়। যাড় ধরে বের করে দিও—মিথোবাদী হাড়বজ্জাত সব! ব্যবহারটা
কি রকম দেখলে? টাকার অভাব হয়েছে—আগে যদি আসত আমার
কাছে, এসে কেঁদে কেটে পড়ত, আমি কি ফেলে দিতে পারতাম, না
দিইছি কোনদিন?

রাগের বশে এ কথাটা মনে পড়িল না, জগদ্ধাত্রী সর্বাব্রে তাঁহাকেই অস্কৃতঃ পনর-বিশ্বানা চিঠি লিখিয়াছে।

ক্রনে বেলা পড়িয়া আসিল। বাহিরবাড়ির সীমানায় খনসন্ধিবিষ্ট তলতা-বাঁশের ঝাড়, তার ওদিকে রান্ডা, রান্ডার পরপারে সহায়রাম রায়ের সেই পোড়ো ভিটা-বাড়ি। সেথানে আজকাল সরিষাক্ষেত, হলুদবরণ অজম ফুল ফুটিয়াছে। ক্রমে ত্-একজন করিয়া লোক জমিতে আরম্ভ করিল, কি কথায় উঠিল, বাতাবি লেবুর গল্প, স্ইতে হইতে আধমুনে কৈলাস। এই কৈলাদটি কে, কোথায় তাঁর জল্প, সে থবর কেউ জানে না। গল্প আছে, আধ মনের কমে তাঁর পেট ভরিত না। একবার কোন রাজবাড়িতে তিনি অতিথি হন। বিকাল-বেলা সরকার মহাশয়ের কানে গেল, ব্রাহ্মণ তথন পর্যস্ত অভুক্ত। বৃত্তাস্ত কি ? অতিথিশালায় ছুটিয়া আসিয়া দেখেন, সিধায় যে আধ-সেরখানেক চাউল দেওয়া ছুটীয়া আসিয়া দেখেন, সিধায় যে আধ-সেরখানেক চাউল দেওয়া ছুটীয়া ভুগ করিয়া বুদিয়া আছেন, আর কি করিবেন ?

সেকালের কথা কহিতে কহিতে অকন্মাৎ ক্ষেত্রনাথ উচ্চ্নুসিত হইয়। উঠিলেন।

—কি দিনকালই ছিল! স্বর্গে গেছেন তাঁরা, সে-সব মাত্রবন্ত আর আসবে না—তেমন হাসি-ফুর্তি আমোদ-আফ্লাদও হবে না কোন দিন! একটা নিখাস চাপিয়া বলিতে লাগিলেন—মনে হয় যেন কালকের কথা, স্পষ্ট চোথের উপর ভাসছে কিছ কোথায় বা কে?

আরও খোর হইয়া আসিল। রাথাল কাগন্ধপত্র ভূলিয়া রাথিয়া বাহিরে আসিয়া দাঁড়াইল। ক্ষেত্রনাথও আসিলেন। হঠাৎ যেন তাঁহার নজরে ঠেকিল, আবছা মতন একটা লোক অতিশয় মন্থর গমনে রাস্তা পার হইয়া সরিবাক্ষেতে ঢুকিয়া পড়িল।

—দেখ ত, দেখ ত একবার রাখাল,—

অত দূর অবধি স্পষ্ট করিয়া ঠাহর হয় না, তবু যেটুকু নজরে পড়িল তাহাতেই ক্ষেত্রনাথ ক্ষিপ্ত হুইয়া উঠিলেন। বলিলেন—নিশ্চয় বাইতি-পাড়ার দৈরভী, বদমায়েদের ধাড়ী। ভেবেছ অন্ধকারে বুড়েং দেশতে পাবে না—

কাঁপিতে কাঁপিতে লাঠি লইয়া নিজেই নামিয়া পড়িলেন। সামনে উমানাথকে আসিতে দেখিয়া বলিলেন—ছুটে যাও, গিয়ে ঐ মাগীর চুলের মুঠো ধরে নিয়ে এসো এখানে। তোলাছি আমি সর্বেকুল! হিড়হিড় করে টেনে নিয়ে এসো—

উমানাথ বলিল—উনি জগদ্ধাত্রী দিদি। মঠবাড়ির মচ্ছব থেকে ফিরে এলেন এতক্ষণে।

ক্ষেত্রনাথ আরও ক্র্ছ চইয়া বলিলেন—নবদ্বীপের মা-গোঁদাই এলেন। বের করে দিয়ে এসোগে। মামলা করে দখল নিয়ে তারপর বেন আমার ক্ষেতে ঢোকে।

উমানাথ ইতন্তত করিতে লাগিল। ক্ষেত্রনাথ কিছুকাল ওম শ্রুষা থাকিয়া বলিলেন—ঘরভেদি বিভীষণেরা সব পিছনে আছ, তা বুঝেছি। গালমন্দ না দিতে পার, গিয়ে ভাল কথায় কি বলা যায় না—দিদি, যা ভূলেছ ভূলেছ—আর ভূলো না। এখন ফুল ভূলেল সর্যের ফলন হবে না—

উমানাথ কহিল—উনি সর্বেকুল তুলছেন না। ভিটের উপর গিয়ে আছড়ে পড়লেন—কাদাফাটা করছেন না, কিছু না। হপুর বেলাতেও ঐ রকম আর একবার দেখেছি।

আরও খানিক দাঁড়াইয়া উমানাথ আবার কহিল-—আমি বললে কি বাবেন ? আপনি গিয়ে একবার দেখে আস্তন।

व्यर्था९ चूनकथा. जाहांत्र हात्रा ७-कांक हहेरत ना।

ক্ষেত্ৰনাথ তথন পায়ে পায়ে নিজেই চলিলেন।

সরিষা-ক্ষেতের এক পাশে বড় একটি দেবদার গাছ, ভাষার গোড়ার আসিরা দেখিলেন—অনতিম্পষ্ট জ্যোৎসা উঠিয়াছে, দেই আলোকে প্রথমটা নজরে আসিল না—তারপর দেখিলেন,—হলুদ-বরণ ফুলের মধ্যে সাদা কাপড়ে ঢাকা আবছা একটি মূর্তি মাটির উপর একেবারে ডুবিয়া আছে। কণকাল চুপ থাকিয়া কেত্রনাথ মনে মনে অতিষ্ঠ হইয়া উঠিলেন। কথা ৰলিতে হয়, তাই যেন বলিলেন—কে ও? জগো?

জগদাত্রী চমকিয়া উঠিয়া গভীর কাঠ ডাকিল-পণ্টুদা!

সেইখানেই ক্ষেত্রনাথ বসিয়া পড়িলেন। ছইজনে চুপচাপ। চল্লিশ বছর পরে মুখোমুখি বসিয়া কিসের নেশায় মন ঝিমাইয়া আসিতেছে।…

হনুদ রঙের ফুলে ভরা জনশৃত্য নিজন ক্ষেতের উপরে আনতা-রাঙা পা ফেলিয়া যরের লক্ষীরা এঘরে ওঘনে সন্ধা দেখাইয়া ফিরিতে লাগিলেন। সামনের আশস্তাওড়া ও ভাঁটের জন্মলের উপর দেখিতে দেখিতে গড়িয়া উঠিল, দক্ষিণী কারিগরের তৈরি প্রকাণ্ড আটিচালা ঘর একখানি। ভিতরে কোড়া-তক্তাপোষে ধরাসের উপর ঝকঝকে সাপের মাধায় ভ কাদান, তার উপর রূপাবাঁধানো ভ কা। কলিকায় তামাক পুড়িয়া ঘাইতেছে, ও-পাড়ার বৈকুণ্ঠ চাটুজ্জে হাত বাড়াইয়াছেন, কিছ ভ কার নাগাল পান নাই। পাশার দান পভিতেছে, চিৎকারে ঘর কাপিয়া ঘাইতেছে, কিরিয়া তাকাইবার ক্রসৎ কাহারও নাই। বৈকুণ্ঠ আলিয়াছেন, কেলারনাথ বরদাকান্ত আদিয়াছেন, আরও কে কে যেন—নজর যায় না। বাড়ির মধ্যে দমাদম ঢেঁকির পাড় পড়িতেছে, নাছুভাজার গন্ধ—কানে পৈতা জড়ানো ফর্শা রঙ কে থড়ম থটথট করিতে করিতে দীঘির ঘাট হইতে এইদিকে আদিতেছে। কে ডাকিয়া উঠিল—ও জন্বনা, ঘুমুসনি—ওঠ, ভ্টো থেয়ে নিগে আগে, তারপর—

চুপ, চুপ, চুপ! নিশ্বাদেরও যেন শব্দ না হয়, উহারা কত কি কথা কহিতেছে—ভাল করিয়া শুনিতে দাও… অনেককণ পরে কেত্রনাথ ৰশিয়া উঠিলেন—কেন তথন অত বড় মিথ্যে কথা বললে? হালয় তোমার আপনার হল ? যর সারাবার টাকার দরকার—আমায় বদি আগে ভাল ভাবে বলতে জগো, ত্-পাঁচ টাকা দেবার সকতি আমার কি নেই ?

—বড়বাবু! হঠাৎ রাখাল হাতির কঠখর। সে বাডি যাইতেছিল, রাষ্টা হইতে বলিয়া গেল—আমি চললাম বডবাব।

ক্ষেত্রনাথ একবার কাসিয়া চারিদিক তাকাইয়া বলিলেন—এথানটা ছিল পথ, ভুমি পাঞ্চির মধ্যে উঠে বসলে। কপালে সোনার সিঁথিপাটি ছিল—না ?

—পথ ওদিকে। এটা বাইরের উঠোন। তুমি সমস্ত ভূলে গেছ। বলিয়া একটু থামিয়া স্লান হাসিয়া জগদ্ধাত্তী আবার বলিল—কতদিন পরে বাপের বাডি এসেছি পণ্টুদা, চল্লিশ-পঞ্চাশ বছর পরে—

ক্ষেত্রনাথ তাহারই কথার প্রতিধ্বনি করিলেন—গিরেছিলে একরন্তি মেরে, ফিরে এলে কি রকম—

- —তোমারও কি সে-রকম সব আছে ? চুল পেকে গেছে, সামনের দাঁত নেই।
- —ভা তোক, তা হোক! কেত্রনাথ ব্যাকৃল হইয়া সমন্ত যেন চাপা
 দিতে চাহেন : বলিলেন—তুই আর পন্টু দা বলে ডাকিস নে জগো, ডাক
 ভনে চমকে উঠি—গা'ব মধ্যে কেমন করে ওঠে ষেন। মা সরার পর
 থেকে ও নাম ভূলে বসে আছি। আজকাল দশ-গ্রামের লোকে আমার
 মানে গণে—এর মধ্যে ছেলেবস্থনের ঐ ডাক-নাম—না-না-না, ও বলে
 আর ডাকিস নে, বুঝলি ?

বলিয়া উঠিয়া দাভাইলেন।

হিমে সরিষা-বন ভিজিয়া গিয়াছে, ঝি'ঝি ডাকিতেছে, চাদের আলো

তীক্ষ ছুরির মতো গাছপালা বিদীর্ণ করিয়া মাটিতে আসিরা পড়িরাছে। নিশুতি গ্রাম; চারিদিক কি মারার থমকিয়া আছে। উঠিয়া দাড়াইরা নিশাস ফেলিয়া ক্ষেত্রনাথ ডাকিলেন—চলো যাই।

আবার সহসা বলিরা উঠিলেন—আমার টাকাটার একটা কিনারা করে দে জগদ্ধাত্রী, তোর বাপের ভিটে তোরই থাকুক। শুধু ঐ আশিটা টাকা দে—স্থদ-টুদ আর চাইনে—সরবে-কলাই আম-কাঁঠালে যাই হোক কিছু ঘরে ত উঠেছে।

কগদ্ধাত্তী ক্ষৰাৰ না দিয়া একটুখানি হাসিল। কয়েক পা গিয়া রাস্তায় পড়িয়া বলিল—ও সৰ মক্তকগে—তুমি আমায় শুধু চারটে টাকা দিতে পার ? ত্'টাকা এই আসবার গক্তর গাড়ি ভাড়া, আর ত্-টাকা ফিরে যাবার।

—তার মানে শেবকালে ত বলে বেড়াবি, জমিটা ফাঁকি দিরে নিলে।
চিরকালের থোঁটা। ও সব আমি পারব-টারব না বাপ্—বা কিছু আছে
তোমার, নিয়ে আমায় অব্যাহতি দাও—

নিঃশব্দে আরও কয়েক পা আসিয়া আবার ক্ষেত্রনাথ কথা কহিয়া উঠিলে—টাকার দরকার থাকে, সিন্দুক বিক্রি কর—দিচ্ছি টাকা… এমনি কে কাকে টাকা দিয়ে থাকে? সেই বে দেবীদাস রায়ের দক্ষণ সিন্দুক—সিন্দুক নয়, ক'থানা ভাঙা তক্তা। সেবারে লিখেছিলে, তাই নিয়ে এসে সেই অর্থা টানাটানি করে ময়ছি। চার-টার নয়, ঐ পুরোপুরি পাচই নিয়ে নিয়ো—ক্ষতি-লোকসান বা হয় হোকগে, আর কি হবে—

বাড়ি ফিরিয়া কেত্রনাথ চুপচাপ বসিয়া রহিলেন। খানিক পরে আভা পা ধুইবার জল দিয়া গেল। তারপর আহিকের আয়োজন

করিতে আসিয়া দেখিল, জলচোকির উপর তিনি যেমন বসিয়াছিলেন তেমনই আছেন—যেন তাঁহার সন্থিৎ হারাইয়া গিয়াছে। ক্ষেত্রনাথ বড় লজ্জিত ভাবে তাড়াডাড়ি জলের স্বটি টানিয়া লইলেন। বলিলেন— বৌমা, তোমার ছোট মাকে ডাকো দিকি একবার—

তরঙ্গিণী সামনে আসে না, সম্পর্কে বাথে। কবাটের ওধারে আসিরা দাঁডাইল।

মুখখানা অতিশয় স্লান করিয়া ক্ষেত্রনাথ বলিতে লাগিলেন—সর্বনাশ হরেছে মা, বিষম সর্বনাশ। সহায়রামের সরবে-বন না ছেড়ে আর উপায় নেই। গ্রামস্থ সব একজোট। মামলা করবে—আপোবে না দিলে হাজার টাকা খেসারত আদায় করবে—

—করুক গে। এতবড় ভরানক কথাটাকে একেবারে অগ্রাহ্ করিয়া উড়াইয়া দিয়া তরন্ধিণী বলিল—আভা, বল তুই—ওসব ঠাকরুণ মিথো করে ভয় দেখিয়েছেন। গ্রামের লোকের বয়ে গেছে।

গন্তীরভাবে ঘাড় নাডিয়া ক্ষেত্রনাথ বলিলেন—তা বলা যায় না—

—করে করুক। আমবাও দেখব শেষ অবধি। রার দিয়া তরঙ্গিণী চলিয়া যাইতেছিল, ক্ষেত্রনাথ আবার ভরে ভয়ে বলিলেন—আবার তার সিন্দুক ফিরে চাচ্ছে—

তরন্ধিণী এক মুহূর্ত থমকিয়া দাঁড়াইল। বলিল—সিলুক-িলুক নেই। মাভা, বলে দে—সে ভেঙে চুরে কবে উই-ইঁগুরের পেটে চলে গেছে।

—কিন্তু কাল যে নিতে আসবে, আমি স্বীকার করে এসেছি।

কাল ? আসুক আগে, তথন দেখা যাবে।

দৃপ্ত ভঙ্গিতে তরন্ধিণী চলিয়া গেল। ক্ষেত্রনাথ চুপ হইয়া গেলেন।

সিন্দুকের বুড়ান্ত হৃদয়ও গুনিল। গুনিয়া নৃতন করিয়া সে ক্ষিয়া উঠিল।

—আপনি নিশ্চয়ই হাতে-নাতে ধরে ফেনেছিলেন—না দিদি ?

জগদ্ধাত্রী চুপ করিয়া রহিল। হাদয় বলিতে লাগিল—নইলে ও কি
স্বীকার করে? ও বুড়ো কি কম পাতোর? ওটা আমার চাই। এই
একথানা জমি নিয়ে কতদিন আপনার পিছনে ঘুরলাম, কত পরসা ব্যয়
করলাম—সমস্ত গেল ফেঁসে।

ইহারও ভাশ মন্দ কোন জবাব না পাইয়া আরও উত্তেজিত কঠে বলিতে লাগিল—পাঁচ টাকা কি—আমি দশ টাকা দেব, আমাকে দিন ঐ সিন্দুক। বাবাকে একদিন না-হক দশকথা শুনিয়ে চোথের সামনে দিয়ে হিড়-হিড় করে ক্ষেন্তোর-দা ঐ সিন্দুক মরে তুলেছিল, ও-ই আবার আমি ওর মর থেকে টেনে বের করব। কড়ায় গণ্ডায় সমন্ত শোধ তুলব, ভবে আমি বরদাকান্তর বেটা।

পরদিন জগদ্ধাত্রী আসিল। সঙ্গে হাদয়। বলিল—সিল্পুকটা কি রকম
আছে, দেখি একবার। ক্ষেত্রনাথ ঘরের মধ্যে গিয়া এমিক-ওদিক
তাকাইয়া ভিতরের দিককার দরজা বন্ধ করিলেন, তারপর ঝনাৎ করিয়া
চাবি কোলয়া দিয়া নিস্পৃহভাবে তামাক খাইতে লাগিলেন। উমানাথ
বালিশ-বিছানা সিলুকের উপর হইতে নামাইতে লাগিয়া গেল।

কড় কড়—ফড়াৎ। প্রকাণ্ড লোহার তালা কতকাল মরিচা ধরিয়া আছে। গোড়ায় কিছুতে চাবি চোকে না, অনেক ঝাঁকাঝাঁকি টানাটানি করিতে করিতে অবশেষে শিকলের মাথা ভাঙিয়া ঝুলিয়া পড়িল। উমানাথ ভালা ভুলিল।

বিশ্রী ভাপদা গন্ধ। তারপর স্রোতের জলের মতো আরক্তদার কাঁক বাহির হইতে লাগিল। ভিতরটায় অতলম্পানী অন্ধকার।

হানম উকি দিয়া বণিল—বাপ রে, তালপাতার আঁতাকুড়। ঝেঁটিমে ফেল—ঝেঁটিয়ে ফেল। ভিতরের ঐ ত্-দিক তলা-মাধা কেমন আছে, দেখি আগে। বলিয়া ঝাঁটার অভাবে সে নিজেই ছুই হাতে একবোঝা ঝণ করিয়া কেলিয়া দিল, তারপর আর এক বোঝা। তালপাতার পুঁথি, পুঁথির উপর চিত্র-বিচিত্র কাঠের পাটা, ক'খানা তুলোট কাগজের পুঁথিও রহিয়াছে। হাতে তুলিতে সমস্ত টুকরা হইয়া মাটিতে ঝরিয়া পড়িতে লাগিল।

—রোদো, রোসো, সব যে গেল ! উমানাথ ব্যাকুল হইয়া তাড়াতাড়ি শ্বন্যকে হঠাইয়া দিল।

স্থায় বলিল—রাগ কোরো না, একেবারে কেলে দিই নি। তোমাদের উন্নন ধরাতে কাজে লাগবে।

উমানাথ তথন মাটির উপরে ছড়ানো ছিন্নবিচ্ছিন্ন টুকরাগুলি সাজাইতে লাগিয়া গিয়াছে। হৃদয়ের দিকে মুথ ফিরাইয়া কহিল—এ সৰ সোনার গুড়ো হৃদয়, এ চিনবার ক্ষমতা তোমার নেই। এই সাইভৌমেব পুঁথির স্থাদ নিতে দেশদেশান্তর থেকে কত কত পড়ায় ছুটে আসত—

দে কবি লোক। পূর্বগামী মহাজনের। তাঁহাদের অতি আদরের যে-কথাগুলি উত্তর-পুরুষের জন্ত যত্ন করিয়া পুঁথির পাতায় গাঁথিয়া রাথিয়া নিশ্চিম্ব বিখাদে চক্ষু মুদিয়াছিলেন তাহাদের এই অবহেলার বেদনা তাহার বুকে আদিয়া আদাত করিতে লাগিল। বলিল—এই খাতাগুলোয় রয়েছে সহায়রাদের গান, ধানক্ষেতে চাষাভূষোর মুখে একদিন শুনে এগো। তারা ভূলে বায় নি। কিছু এটা কি?

একথানি লম্বা আকারের থাতার গোল গোল মোটা হরণে গঙ্গা-স্তোত্র, দাতাকর্ণ এবং আরও কত কি উপাথ্যান। উদানাথ পাতা উল্টাইতে উল্টাইতে জিল্ঞানা করিল—এটা আবার কার গান?

জগদাত্রী হাতে শইয়া দেখিয়া শুনিরা থাতাটি নিজের কাছে রাখিয়া দিল। —কি ওটা ?

---वाट**ः** ।

উমানাথ দৃঢ়কঠে বিশিশ-দেবীদাস রায়ের সিলুকে সোনা থাকে— বাজে জিনিব থাকে না দিদি, আপনি চিনতে পারেন নি। দিন আমাকে —দেখব। বলিয়া হাত বাড়াইল।

জগদ্ধাত্রী ঝন্ধার দিয়া উঠিল—তা বই কি! আমার হাতের লেখার খাতা, আমি চিনি•নে?

ক্ষেত্রনাথকে দেখাইয়া বলিল—এ উর কীর্তি। বলিতে লাগিল—
মনে পড়ে পণ্টুদা, এই থাতা আর শিশুবোধক তুমি চুরি করে এনে দিয়েছিলে। এই তোমার হাতের লেখা—কি ধ্যাবড়া আর বাচ্ছেতাই। আর
এই আমার—কেমন মুক্তোর মতো দেখ দিকি! সকালবেলা উনি তিনচার ছত্র করে লিখে দিয়ে যেতেন— পাঠলালে সমন্ত দিন ধরে যত মার
থেতেন, বাড়ি এসে তার শোধ তুলতেন আমার উপর—সমন্ত দিন ধরে ঐ
ভয়ে বসে বসে দাগা বুলোতাম। কত কট্টই যে দিয়েছ তুমি—

পুঁথিপত নামাইরা সিন্দুক ক্রমশ থালি হইতে লাগিল। মাঝের তক্তা ভাঙিয়া গিয়াছে, সমগু জোড় আলগা হইরা গিয়াছে, তলাটাও একদম নাই। দেখিয়া ভানিয়া হৃদয়ের প্রতিশোধের উষ্ণতাও ক্রমশ শীতল হইয়া আসিতে লাগিল। টাকা দিয়া এই বস্তা কিনিয়া বাড়ির পথেই ত অর্ধেক শুড়া হইয়া যাইবে। বলিল—ইস, একদম নিয়েছে যে!

জগদ্ধাত্রীও ব্ঝিল, ইহা কায়দায় ফেলিয়া দাম কমাইবার চেষ্টা। সভয়ে কজিল—নেবে না নাকি? না-ই যদিনেবে, এই টানা-হেঁচড়ার দরকার ছিল কি?

স্থান্থ বলিতে লাগিল—নেব না বলছে কে? কিন্তু আগে ত জানতাম না, এই দশা। দশ টাকা আমি দিতে পারব না। ক্ষেত্রনাথ কি বলিতে যাইতেছিলেন, কিন্তু তার আগেই উমানাথ বিলিয়া উঠিল—আমি রাথব দিদি, আমি দশ টাকা দেব। সক্ষন, পুঁথি-পজাের তুলে ফেলি, গানের খাতা তুলে ফেলি—বলিয়া সহায়রামের গানের খাতা কপালে ঠেকাইয়া সে সিন্দুকে তুলিল। বলিতে লাগিল—বরাত-ক্রমে ঘরে এসেছে ত এমন সিন্দুক জীবন থাকতে ছাড়ছি নে। দশ টাকা চান, তাই দেওয়া যাবে। সরো হাদয়, তােমার পিছনে ওদিকটায় আরও যে কি কি সব পুঁথি রয়েছে…

সমস্ত সাজাইয়া তুলিয়া উমানাথ সিন্দুকের ডালা বন্ধ করিল। ক্ষেত্রনাথের দিকে তাকাইয়া দেখিল, তিনি নি:শব্দে দাঁড়াইয়া আছেন।
তারপর জগদাত্রীর হাতের দিকে নজর পড়িতে বলিল—ওটা আবার কি
—সেই হাতের লেখার খাতা ?

জগদ্ধাত্রী হাসিয়া বলিল—এটা ত বিক্রি করি নি অফা, কত টাকা দিতে পার এটার দাম ? এক পয়দাও না ? তাই বই কি ! লাথ টাকা—ব্রলে, তারও বোশ। তারপর ৰলিল—যা-ই হোক, টাকা দশটা কালকে দিয়ে দিও উমানাণ, খুব সকালে রওনা হয়ে যাব। হুদয় লক্ষ্মী ভাই, আজ বিকেলের দিকে একটা গরুর গাড়ি ঠিক করে রেখো—

হৃদয় বিস্তৃত্ত কঠে বাল্ল—আমি পাবত না। ক'দিন ধরে এই করে করে কাজধন হচ্ছে না কিছু। আজ আমার আদায়ে বেকতে হবে। আপনি আর কাউকে বলুন।

ক্ষেত্রনাথ এতক্ষণ সকলের পিছনে নির্বাক পাথরের মতো দাঁড়াইয়া কি ভাবিতেছিলেন তিনিই জানেন, এইবার কথা কহিয়া উঠিলেন। বলিলেন—তুমি ভেবো না জগো, গাড়ি আমি ঠিক করে দেব। আর এত বেলায় হৃদয়ের বাড়ি অদুর না-ই গেলে! তরন্ধিনীর আপ্যায়নের কথা ভাবিয়া একবার একটু ইতন্তত করিলেন, তারপর দৃঢ়কঠে বলিলেন—

আৰু থাক আমার বাড়ি, কাল এথান থেকে অমনি চলে যেও। হাদয় বর্ঞ একসময় কাউকে দিয়ে ভোমার জিনিষপত্তোর বা আছে পার্টিয়ে দেবে।

—তা দেবো—বলিয়া ব্যক্তরা হাসি হাসিয়া হাদয় বলিল—অটেল জিনিষপভার! ফুটো ঘটি আর খান হই কাঁথা—দেবো পাঠিয়ে বিকেশ বেলা।

সকলে চলিয়া গেল, রহিলেন কেবল ক্ষেত্তনাথ ও জগদ্ধাত্তী। ক্ষেত্তনাথ বলিলেন—জ্বগো, দিয়ে দে আদি টাকা, আমি তোর জিনিষপত্তোর, বাপের ভিটে—সমন্ত ছেড়ে দিছে। আমি ত বাঁচি তা হলে।

জগদাতী হাসিল।

—না পারিস···আছো, টাকা দিস এর পর। সত্যি তুই চাস?
একটু থামিয়া আবার বলিলেন—সত্যি সত্যি চাস কিনা তাই বল।

জগদাত্রী একটু চুপ থাকিয়া বলিল—ও তোমারই থাক। তুমি ৰরঞ্চ মাঝে মাঝে তু-এক টাকা করে পাঠিয়ে দিও আমায়। জায়গা-জমি ত পেটে খাওয়া বায় না!

প্রদিন ধ্ব ভোরে গরুর গাড়ি আসিয়া দাঁড়াইল। মেজবৌ ছোটবৌ অনেক আগেই উঠিয়াছে। বলিল—ভুলে যাবেন না মা, আসবেন আবার।

আঁচলের প্রান্তে চোৰ মুছিয়া জগদ্ধাতী বলিল—সোনার রাজ্যি তোদের মা, ছেড়ে বেতে মন আমার চাচ্ছে না।

ক্ষেত্রনাথ আসিয়া ডাকিলেন—শোনো—

ভাহাকে একান্তে ভাকিয়া পাঁচটি টাকা হাতে দিলেন। বলিলেন— সিন্দুকের দাম। জগদ্ধাত্রী আশ্চর্য হইয়া বলিল—এ কি ? দশ টাকার কথা ছিল বে! উমানাথ কোথায় ?

সে ত তারপর থেকে নিরুদ্দেশ। মঠবাড়িতে গেছে, সেধানেই মালসা-ভোগ হছে আর কি। তার কথায় কি হবে? দরদন্তরের সে জানে কি? নেহাৎ বলে ফেলেছে বলেই—নইলে ভাঙা সিন্দুক আর কি কাজে লাগবে বলো? ইছে হলে ভোমার জিনিষ নিয়ে যেতে পার।

জগদ্ধাত্ৰী ভাবিতে লাগিল।

ক্ষেত্রনাথ প্রশ্ন করিল—কি বলো? যাবে নিয়ে? ঐ রকম বেকায়দা জিনিষ গরুর গাড়িতে যাবে বলৈ ত বোধ হয় না, অভ রকম বাবস্থা করতে হয় তা হলে। থরচও ঢের—

জগদাত্রী বলিল—দাও, ও-ই দাও—তোমার যা খুশি···আসা-যাওয়ার ভাড়া গেল চার—হাতে থাকল এক টাকা। তাই ভাল। বলিয়া সান হাসি হাসিয়া হাত পাতিল।

ক্ষেত্রনাথ টাকা দিয়া একটু ওদিকে যাইতে আভা পুনক আগাইয়া আসিয়া সসঙ্কোচে বলিল—মা, ছোঁব আগনাকে ?

জগদ্ধাত্রী হাসিয়া বালল—মুচির মেয়ে নাকি তুই যে ছুঁলে জাত যাবে ?
নত হইয়া সে জগদ্ধাত্রীকে প্রণান করিল। বলিল—সকালবেলা নেয়েটেয়ে নিয়েছেন কিনা তাই বলছিলাম। পায়ের ধ্লো নি একটু
আপনার যাবার বেলা—

জগদ্ধাত্রী ছোট মেয়ের মতো তাহাকে জড়াইয়া কোলে তুলিয়া লইল।
অঞ্চ আর বাধা মানিল না, ঝরঝর করিয়া গাল বহিয়া ঝরিতে লাগিল।
তিবুকে আঙুল ছোঁয়াইয়া আঙুলের অগ্রভাগ চুম্বন করিয়া বলিল—রাজরাণী মা তুই আমার—পোড়াকপালীর পায়ে হাত তুই কেন দিবি মা?
কেন দিবি, কেন? খানিক শুক হইয়া রহিল। তারপর খেন তল্লা

ভাঙিয়া বলিয়া উঠিল—আছো, যাই তবে। তোর শাশুড়ি এখনও যুমুচ্ছেন বৃঝি! নিতাই কোথায় রে—মুমুচ্ছে?

—হ^{*}।

—আজা, চল্লাম। ও পণ্ট্ৰা—

ক্ষেত্রনাথ মুথ ফিরাইতে জ্বগদ্ধাত্রী বলিল—আচ্ছা, সেই যে গাড়িটা—মেলার সেই রেলগাড়ি—দাম ঠিক ঠিক কত নেবে বলো ত?

ক্ষেত্রনাথ বলিলেন—বলে ত পাঁচসিকে। এক টাকার কম দেবে না বোধ হয়—

— এই টাকাটা দিয়ে নিতুকে ওটা কিনে দিও। বলিয়া আঁচলের থান্ত হইতে ক্ষেত্রনাথের দেওয়া পাঁচ টাকার একটি টাকা বাহির করিয়া বাধানো ৰোধন-পিড়ির উপর রাখিল। আবার হাসিয়া বলিল—গরুর গাড়ির চার আর রেলগাড়ির এক । লাভে রইল আমার এই খাতাখানা। তবুত বাপের একটা জিনিষ—

জীর্থ মটকার থানের আঁ। চলে সেই কীটদট বহু পুরাতন দাগা-বুলানো হাতের-লেথার থাতাথানা যত্ন করিয়া জড়াইয়া লইয়া জগদ্ধাত্রী গাড়িতে গ্রাথ বসিল।

ক্যাচ-কোঁচ শব্দ করিয়া আর্তনাদ করিতে করিতে অসমান প্রাম্য রান্তার উপর দিয়া গাড়ি চলিয়াছে। চলিতে চলিতে হঠাৎ কি রক্ষে গরুর কাঁধের কাঁস খুলিয়া গিয়া গাড়ি একটুখানি থামিল। অল্প দ্রেই সহায়রাম রায়ের পরিত্যক্ত ভিটার উপর শিশির-ক্লাত হলুদবরণ সরিষাফুলের সমৃদ্ধ। প্রভাতের শাস্ত নিন্তর গ্রাম। চণ্ডীমগুপের দাওয়ায় দাড়াইয়া দাড়াইয়া ক্ষেত্রনাথ দেখিতেছিলেন। হঠাৎ কি মনে হইল, বাক্ষ হইতে আরও পাচটি টাকা লইলেন। এক মুহুর্ভ ইতন্তত করিলেন,

তারপর গাড়ির পিছে পিছে এক রকম ছুটিয়া গিয়া ডাকিয়া থামাইয়া টাকা কয়টি জগদ্ধাত্রীর হাতে দিলেন।

—এই নাও। চল ত ? ঘর সারাতে হয়, যা করতে হয়, করো গিয়ে—আমি আর কিছু জানি নে। যেন একজন কাহার উপর বড় অভিমান করিয়া বিদায় হইয়া যাইতেছে—নিজের মান বজায় রাখিতে হইবে, তাহাকেও ঠাওা করিতে হইবে, এমনি একটা ভাব। ক্ষেত্রনাথ বলিতে লাগিলেন—ভায়া আমার বেশ মায়য়। দশ টাকা হকুম করে নিজে ত গা ঢাকা দিয়েছেন, এখন মর শালা তই টাকার জোগাড় করে।

অপর পক্ষ অবাক বিশ্বয়ে চাহিয়া আছে দেখিয়া ক্ষেত্রনাথ গাড়োয়ানের উপরেই হাঁক দিলেন—চালা, চালা—বেলা বাড়ছে না ? থেমে রইলি কেন ?

জগদ্ধাত্রী বলিল—আর কতদূর যাবে পল্টু দা, ফেরো এবার।

তাই ত! বলিয়া ক্ষেত্রনাথ চমকিয়া মুথ তুলিলেন। তাবপর হাসিবাব চেষ্টা করিয়া বলিলেন—না হয় যাবো তোর বাড়ি অবধি। একটা হুটো দিন থেতে দিবি নে ?

উঠে এসো, গাড়িতে কাষ্ণা চেব । গাড়োয়ানকে বলিয়া কগদ্ধাত্রী গাড়ি দাঁড় করাইল। নিশ্বাস ফেলিয়া বলিল—ভূমি যাবে আমার বাড়ি? গা রে আমার কপাল। সেই জন্মলরাজ্যের মধ্যে গাবে আনন্দের হাট ফেলে?

ক্ষেত্রনাথ নিরাপত্তিতে গাড়িতে উঠিলেন, আবার গাড়ি চলিতে লাগিল। সামনে ধূলা উড়াইয়া আর একটা গরুর গাড়ি চলিতেছে। জগন্ধাত্রী পুনশ্চ প্রশ্ন করিল—সন্তিয়, চললে কোথায় ? এদিকে তাগাদা-পত্তোর আছে বুঝি ?

সে কথায় কান না দিয়া হঠাৎ ক্ষেত্রনাথ উচ্ছুসিত গলায় হাসিয়া উঠিলেন। মনে হইল, কতকাল—কতকাল পরে গলার উপর হইতে কিসের একটা বাঁধন থসিয়া গিয়াছে, বুক ভরিয়া ক্ষেত্রনাথ হাসিতে লাগিলেন। বলিলেন—দেখ, দেখ—ঐ গাড়ির ওরা তাকিয়ে দেখছে। কি ভাবছে বলো ত ?

জগন্ধাতীর মুখেও মৃত গদির আভা খেলিয়া গেল। বলিল—কি ভাবতে ওরাই জানে—

—আছা, এই বদি বিশ-পঞ্চাশ বছর আগে হত—এমনি ভাবে যেতাম, লোকে ঠিক হাসাহাসি করত,—না? কি ভাবত বল দিকি?

জগদ্ধাত্রী তৎক্ষণাৎ উত্তর দিল—তা হাসত। ভাবত, তোমার ঠ্যাং ভেঙেছে। পায়ে বল থাকতে শথ করে কেউ কি আর গরুর গাড়িতে চড়ে ?

- --তোমার মুখু।
- –তবে ?
- নেই সময় এদেশ-সেদেশ কত কি রটে গিয়েছিল, মনে আছে ?

 সগন্ধাত্রী ভালমান্থবের মতো সায় দিল—তা আছে। একবার রটেছিল,
 পানে পোকা। হাজার হাজার মান্তব নাকি পান থেয়ে মরে গেছে।
 গাঁয়ের কেউ আর পান খায় না। বারুইরা বাবার কাছে এসে কাঁদে,
 গোছা গোছা পান দিয়ে যাচ্ছে, পয়সা লাগবে না—বলে, বারোয়ারির চাঁদা
 যা ধরবে তাই দেবো—ভোমরা একবার একটা পান মুখে দিয়ে দেখ।

অধীর কঠে ক্ষেত্রনাথ বলিয়া উঠিলেন—ভূমি গাধা।

জগদ্ধাতী বলিল—তুমি নামো দিকি—শিগগির গাড়ি থেকে নেমে যাও। আমার ভর করছে। গালাগালির পরে আবার হয়ত সেইরকম ঠেঙানি শুরু হবে— ক্ষেত্রনাথ সঙ্গোরে মাথা নাজিয়া বলিলেন—হবেই ত। তুই সমন্ত ভূলে বাস। কথা উঠেছিল না, আমাদের বিয়ে হবে ?

অগছাত্রী ভাবিবার ভাগ করিয়া বলিল—তা হবে হয়ত। কত সম্বন্ধ হয়েছিল, সব কি মনে থাকে ?

—মনে থাকে না ? মাথায় তোর গোবর-পোরা, তাই মনে থাকে না। হঠাৎ মুখের দিকে তাকাইরা দেখিলেন, মিটি-মিটি হাসি। বলিলেন—সমস্ত মনে আছে তোমার। ছাইুমি হচ্ছে। চিরকাল জানি তোমাকে। তবে শোন একটা কথা—

ক্ষেত্রনাথ অকারণে চারিদিকে একবার তাকাইয়া দেখিরা গলা নিচু কিরিয়া বলিতে লাগিলেন—কেউ জানে না, কোন দিন কাউকে বলিনি। বেদিন তোকে স্বক্তরবাড়ি নিয়ে গেল, আমি কেঁদেছিলাম। বাঁশঝাড়টার ঐশানে দাঁড়িয়ে দেখলাম, তোর পান্ধি খেরায় ভুলল। কি রকম হয়ে গেল মনটা—খানিক পরে আপনি চোথে জল গড়িয়ে এলো। ঐখানে উপুড় হয়ে পড়ে কত কাঁদলাম—

শ্রোতার মুখের হাসি নিনিয়া গেল। এক মুহুর্ত চুপ থাকিয়া গন্তীর বিরক্ত কঠে জগন্ধাত্রী বসিল—তুমি এই শোনাতে গাড়িতে উঠে এলে নাকি? তিন কাল কেটে গেছে, একজন বিধবা মান্নবের সামনে ঐ সব বলতে মুখে বাখে না?

ক্ষেত্রনাথ ঘাবড়াইয়া গেলেন। ভারি লজ্জা হইল। সহসা কথা জোগাইয়া উঠিল না। বলিলেন—লজ্জা নয় সহাসির কথা, শুধু একটা হাসিয় কথা জগো. একটা সেকেলে কথা। কত কথাই ত মাহুযে বলে—

জগন্ধাত্রীর চোথে এক ফোঁটা জল গড়াইয়া আসিল। অলক্ষো মুছিয়াসে বলিয়া উঠিল—হোক কথা। আমি একুণি গ্রামে ফিরে ভোষার সমস্ত কীতি রাষ্ট্র কবে দেব। কণ্ঠস্বরে কোতৃকের আভাদ পাইয়া ক্ষেত্রনাথ মুখের দিকে তাকাইলেন, চোথ হ'টি তার ছল-ছল করিতেছে। হাদিয়া উঠিয়া বলিলেন—তা দিগে বা। তথনকার মাহ্ম কে আছে, আর কে-চ বা বৃথবে? একুণি আনন্দের হাটের কথা বলছিলি না জগো,—আমাদের এখন ভাঙা হাট, আমাদের হাটের মেলা ঐ জমছে ঐদিকে।

विषया आकारभद्र मिटक निर्मित कित्रया की ए हुन बहेया रिगलन ।

নদীর তীরে থেয়াঘাটে গাড়ি থামিল। মঠবাড়ি এখান হইতে বেশি পথ নয়, সেথানে এখনও প্রবল খোলের আওয়াজ। থেয়ানৌকা ঘাটে পড়িয়া আছে, কিছু মাঝি নিরুদ্দেশ। জমার থেয়া নয়, অতএব ইহা নিত্যনৈমিত্তিক ঘটনা। পারার্থীরা আসিয়া মাঝির ঘরের দরজায় ধয়া দিয়া পড়ে, মেজাজ যেদিন তার ভাল থাকে ঘণ্টাখানেকের বেশি ভাকাভাকি করিতে হয় না। গাড়োয়ান মাঝির খোঁজে চলিয়া গেল।

ত্ব'জনে খেয়াঘাটের কিনারে গিয়া বসিল।

শীতের নদীঙ্গলে ধোঁয়ার মতো ক্রাসা উড়িতেছে। তথন ভরা জোয়ার, কল-কল বেগে জল ছুটিয়া আসিয়া পাড়ের উপর প্রহত হইতেছে। একটু দ্রে মহাকালের মতো মহার্দ্ধ একটি অর্থখ গাছ শতসহত্র বুরি নামাইয়া অনেকগানি জায়গা জাপটাইয়া বসিয়া আছে। আগের গরুর গাড়িখানাও গাছের তলায় আনিয়া রাথিয়াছে। ছইএর মধ্যে ফুটফুটে একটি বউ, বউটির মুখের উপর অঞ্চর ছাপ। চালার উপর বাহিরে স্থন্দর একটি ধুবা বধূর মুখের কাছে মুখ লইয়া হাত-মুখ নাড়িয়া নাড়িয়া কত কি বলিতেছে। অঞ্চ-চোথে বোটি হাসিয়া উঠিল।

তৃ'জনে সেই তরুণ-তরুণীকে দেখিল, কুয়াসাচ্ছন্ন নদীস্রোতের দিকে দেখিল, চারিদিকের নিশুক প্রান্তর পথ-বাটের দিকে চাহিন্না চাহিন্না

দেণিতে লাগিল। হঠাৎ ক্ষেত্রনাথ বলিয়া উঠিলেন—দশা তোরও বা, আমারও তাই আমারও কেউ নেই—তোরও না।

জগন্ধাত্রী গাচ স্বরে বলিল—ওরা কেউ যত্ন করে না বুৰি!

ক্ষেত্রনাথ বাড় নাড়িয়া বলিলেন—মাছ্যের দোষ নর রে, বরসের দোষ। কিন্ধ সে যাক, ভূই রাগিস নি ত ? বল্ জগো, সভিা করে বল্— জগজাত্রী হাসিয়া বলিল—না। আমি কি সেই জগজাত্রী আছি না ভূমি সেই পন্টু দ ? আমরা ভূই বুড়োবুড়ি আর কাদের গল্প বলছিলাম। তু'জনেই হাসিতে লাগিল।

গাড়োয়ান ফিরিয়া থবর দিল, মাঝি বাড়িতেও নাই—রাত্রে মঠবাড়িতে গান শুনিতে গিয়াছিল, এখনও ফিরে নাই।

ক্ষেত্রনাথ বলিলেন—আমি যাই—বেটাকে তাড়া না দিলে কি উঠবে ? জগদ্ধাত্রীও উঠিয়া দাঁড়াইল।

—তুইও যাবি নাকি ?

মঠবাড়িতে গান তথন বড় জমিয়াছে। অন্তপ্তহের সকীর্তন, শেষরাত্তি

ইতে গান জুড়িখাছে। কাল বালক-সকীর্তনের দল আসিয়া পডিয়াছে,
কালও সমস্য দিন গান ইয়াছে, সেই জলু উমানাথের আর বাড়ি বাওয়া

ইয় নাই। জগজাত্রী চলিয়া যাইবে তাহা মনে ছিল, তবু বাইতে পারে
নাই। জনেকক্ষণ অবধি চুপ করিয়া গান শুনিয়া, তারপর সে থাকিতে
পারে নাই, নিজেই দলের মধ্যে উঠিয়া দাঁড়াইয়াছিল। গান ভাঙিতে
বেলা গড়াইয়া গেল, তথন আর বাড়ি-ঘরের কথা উমানাথের মনে
নাই। বৈফ্রব-সেবার ডাক আদিল, উমানাথ তথনও মনে মনে স্কর
ভাজিতেছে।

সেই প্রথম দিনের দলটির কঠা আসিয়া মনে করাইয়া দিস-ছোট

চাটুজে মশায়, মনে আছে ত আমাদের মাধুর পালাটা ঠিক করে দেবার কথা ?

কীর্তনীয়াদের থাকিবার জন্ম থড়ে-ছাওয়া প্রকাণ্ড মণ্ডপ। তাহার একদিকে চাঁদের জালো আসিয়া পড়িয়াছে। কেরোসিনের ডিবাটা সরাইয়া লইয়া উমানাথ সেখানে বসিল। খেরো-বাঁধা থাতা বাহির হইল, আর বাহির হইল সহায়রাসের পুরাণো গানের খাতা—দেবীদাস রাথের সিন্দুকে বাহা পাওয়া গিয়াছে। থাতার সজে দড়ি দিয়া বাঁধা পেন্সিল থাকিত।

গুণগুণ করিয়া গাহিতে গাহিতে উমানাথ পালা লেখা শেষ করিল। রাত্রেই থানিক তালিম দেওয়া হুইয়াছে, সকাল হুইতে সেই পালা চলিতেছিল—

তুল্পা বলিতেছে—ওগো অক্সণ খাম, তোমার বিরহে বুল্পারণ্য শাশান হইরাছে, তোমার পথ চাহিতে চাহিতে গোপীরা অন্ধ হইরা গেছে, তোমার সোহাগিনী রাই শীর্ণ চতুর্দশী-চাঁদ হইরা ধুলার পড়িয়া রহিয়াছে, প্রাণের স্পাদনটুকু তাহার বৃথি এতদিনে নিঃশেষে শামিয়া গেল•••

সহসা শোতারা চাহিয়া দেখিল, ক্ষেত্রনাথ চাটুজ্জে মহাশয় একপাশে দাঁড়াইয়া দাঁড়াইয়া ভনিয়া অবশেষে সকলের মধ্যে বসিয়া পড়িতেছেন। জগন্ধাতীও মেয়েদের মধ্যে বসিয়াছে।

তথন দ্তীকে কৃষ্ণ অভর দিতেছেন—ভয় করিও না সথি বৃদ্দে, আমি কিরিলা যাইডেছি। আমার রাইক্মল—আমার কৈশোরের সেই বৃন্দাবন—কিছুই মরে নাই। আবার আমি ফিরিলা যাইব, মান কুম্ম শতদল ফুটিলা উঠিবে—

…পীত ধড়া পরিয়া হাতে মুরলী লইয়া মধুরার রাজা কভকাল—কভবুগ পরে আবার রাথাল-বেশে কৈশোরের বৃন্দাবনে চলিলেন। আকাশে চাঁল উঠিল, বমুনা উজান বহতে লাগিল, হারাণো কালের বাঁশীর ধানি আবার গোকুল-কুনাবন আকুল করিছা

বালিতে লাগিল--- মুরস্ত কালার ভরে ভূমিশবা। ছাড়ির। চলিতে শ্রীমতী মৃথ ঝাঁপির। বসিলেন। আঁচল ধরিরা গদগদ কঠে কত কি কহিতেছেন। কুঞ্জর্কের শাথাতথ কোলিল ছাকিছে লাগিল---

সজল চোখে জগদাত্রী ক্ষেত্রনাথের দিকে চাহিল। ক্ষেত্রনাথও তাকাইলেন। সবিশায়ে সকলে দেখিল, ক্ষেত্রনাথের চোখে জল। গান শুনিয়া ক্ষেত্রনাথ কাঁদিয়া ফেলিবেন, অতিবড় শক্রও এমন অপবাদ দিবে না। হয়ত চোধের অস্ত্রখ, হয়ত চোখে থড়-কুটা পড়িয়াছে…

বেঙ্গল পাবলিদার্সের পক্ষে প্রকাশক—শচীক্রনাথ মুথোপাধ্যার. ১৪ বৃদ্ধির চাট্যে ক্রিট, মুদ্রশীর পক্ষে মুদ্রাঞ্চর—জ্রীকার্তিক চক্র পাণ্ডা, ৭১, কৈলাদ বস্থ ক্রিট, ক্রিকাডা।